দৈনিক
মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা বুধবার ॥ বর্ষ-১ সংখ্যা-৩০৮ ॥ ২৮ ফেব্রুয়ারি ২০২৪ ॥ ১৫ ফাল্গুন ১৪৩০ বাংলা ॥ ১৭ শাবান ১৪৪৫ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা

দেশে ১৬ লাখ ৭৯ হাজার মেট্রিক টন খাদ্য মজুদ রয়েছে : খাদ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার : বর্তমানে দেশে সরকারি খাদ্য গুদামে সর্বমোট ১৬ লাখ ৭৯ হাজার মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে বলে জানিয়েছেন সাধন চন্দ্র মজুমদার। খাদ্যশস্যের এ মজুদ সন্তোষজনক বলেও মন্তব্য করেন তিনি। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদের অধিবেশনে আওয়ামী লীগের সদস্য আনোয়ারুল আজী আনারের এক প্রশ্নের লিখিত উত্তরে খাদ্যমন্ত্রী এ তথ্য জানান। সাধন চন্দ্র মজুমদার বলেন, চলতি বছর ২০ ফেব্রুয়ারি পর্যন্ত হিসাবে সরকারি খাদ্য গুদামে সর্বমোট ১৬ লাখ ৭৯ হাজার মেট্রিক টন খাদ্যশস্য মজুদ রয়েছে। মজুদকৃত খাদ্যশস্যের মধ্যে রয়েছে ১৪ লাখ ৩৮ হাজার মেট্রিক টন চাল ও ২ লাখ ৪১ হাজার মেট্রিক টন গম। খাদ্য মজুদ বর্তমানে সন্তোষজনক। তিনি বলেন, দেশে খাদ্য মজুদ বৃদ্ধির লক্ষ্যে সরকার অভ্যন্তরীণ ও বৈদেশিক সূত্রে চাল-গম অভ্যন্তরীণ সংগ্রহ এবং আমদানির কার্যক্রম গ্রহণ করেছে।

সাইবার পুলিশ ইউনিট গঠন করা হবে : প্রধানমন্ত্রী

মঙ্গলবার রাজারবাগ পুলিশ লাইনে পুলিশ সপ্তাহ ২০২৪ উদ্বোধনী অনুষ্ঠানে সাহসীকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ পিপিএম ও বিপিএম পদক পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

স্টাফ রিপোর্টার : প্রধানমন্ত্রী শেখ হাসিনা জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক ও দুর্নীতি দমনে পুলিশ বাহিনীকে জনগণের সেবা অব্যাহত রাখার এবং এজন্য সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, আমি পুলিশ বাহিনীর সদস্যদেরকে বলবো আপনারা দেশের মানুষের সেবা করেন। দুষ্টের দমন শিস্টের পালন পালন, এটা হচ্ছে পুলিশের মূল মন্ত্র। কাজেই পুলিশ বাহিনী মানুষের আস্থা ও বিশ্বাস অর্জন করবে-এটাই সব সময় আমাদের কাম্য। প্রধানমন্ত্রী গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে ছয় দিনব্যাপী 'পুলিশ সপ্তাহ-২০২৪' এর উদ্বোধনকালে দেওয়া প্রধান অতিথি'র ভাষণে একথা বলেন। তিনি বলেন, আজকে দেশের মানুষ পুলিশের প্রতি সে আস্থা রাখতে পারছে। কাজেই আপনারা আন্তরিকতার সাথে মানুষের সেবা করবেন, সেটাই আমরা চাই। সরকার প্রধান বলেন, জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক ও দুর্নীতির বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। আর এই ক্ষেত্রে পুলিশ বাহিনীকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। দেশকে উন্নত সমৃদ্ধ করতে হলে দেশের শান্তি ও স্থিতিশীলতা একান্তভাবে অপরিহার্য। তিনি বলেন, দেশের মানুষ যখনই কোন বিপদে পড়ে তখনই আশ্রয় খোঁজে পুলিশের কাছে। কাজেই পুলিশ জনগণের বন্ধু, এটা সব সময় চলে আসছে এবং এটাকেই প্রতিষ্ঠা করা একান্তভাবে

২-এর পাতায় দেখুন

রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ প্রধানমন্ত্রীর ১৫ নির্দেশনা

স্টাফ রিপোর্টার : রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্যপণ্যের সরবরাহ স্বাভাবিক রাখতে ব্যবস্থা নেওয়াসহ প্রধানমন্ত্রীর ১৫ নির্দেশনা বাস্তবায়নে দেশের সব পৌরসভার মেয়র ও প্রশাসককে চিঠি পাঠিয়েছে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। সম্প্রতি স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে এ চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, গত ১৫ জানুয়ারি অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদের প্রথম মন্ত্রিসভা বৈঠকে সবার প্রতি প্রধানমন্ত্রী কতিপয় নির্দেশনা দিয়েছেন। প্রধানমন্ত্রীর দেওয়া নির্দেশনাগুলো বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতে উল্লেখ করা হয়, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পাওয়া আধা-সরকারি পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫ জানুয়ারি অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন:

১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অংশীজনের সংগে সমন্বয় করে

২-এর পাতায় দেখুন

মঙ্গলবার রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বস্ত্র দিবস-২০২৩ এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতা করে -পিআইডি

রফতানির বাজার ছড়িয়ে দেওয়ার আহ্বান রাষ্ট্রপতির

স্টাফ রিপোর্টার : বস্ত্র খাতে বিনিয়োগ, উৎপাদনশীলতা, কর্মসংস্থান ও রফতানি বৃদ্ধির পাশাপাশি নিরাপদ এবং পরিবেশবান্ধব শিল্প-কারখানা গড়ে তুলতে শিল্পপতি, শিল্প উদ্যোক্তাগণসহ দেশপ্রেমিক নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। গতকাল মঙ্গলবার 'জাতীয় বস্ত্র দিবস ২০২৪' উপলক্ষে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ কথা জানান। তিনি বলেন, উৎপাদনশীলতা বাড়াতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বিশ্বের সম্ভাব্য সব স্থানে আমাদের রফতানি পণ্যের বাজারকে ছড়িয়ে দিতে হবে। কয়েকটি পণ্যের ওপর নির্ভর না করে রফতানি পণ্যের সংখ্যা বাড়ানোরও জোর তাগিদ দেন রাষ্ট্রপ্রধান। তিনি বলেন, আমাদের কূটনৈতিক মিশনগুলোকে কাজে লাগাতে হবে এবং অর্থনৈতিক কূটনীতিকে অগ্রাধিকার দিতে হবে। কোন দুষ্টচক্র বা স্বার্থান্বেষী মহল যাতে উৎপাদনমুখী কারখানার পরিবেশ নষ্ট করতে না পারে সে ব্যাপারে ব্যবসায়ী নেতাসহ সংশ্লিষ্ট সবাইকে সজাগ থাকার আহবান জানিয়েছেন রাষ্ট্রপতি। সাহাবুদ্দিন বলেন, কেউ যাতে উৎপাদনমুখী কারখানার পরিবেশ নষ্ট করতে না পারে সেজন্য সজাগ থাকতে হবে। সরকার সবসময় আপনাদের পাশে আছে ও থাকবে। রাষ্ট্রপ্রধান বলেন, আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য আধুনিক প্রযুক্তি সম্পন্ন কারিগরি শিক্ষা

২-এর পাতায় দেখুন

ঢাকা বারের নির্বাচনের ২ দিনব্যাপী ভোট গ্রহণ শুরু আজ

স্টাফ রিপোর্টার : এশিয়ার বৃহত্তম বার ঢাকা আইনজীবী সমিতির (ঢাকা বার) দুইদিনব্যাপী ভোট গ্রহণ আজ বুধবার শুরু হচ্ছে। ২৮ ও পরদিন ২৯ ফেব্রুয়ারি দুইদিন ধরে চলবে এই নির্বাচন। দুইদিনই সকাল ৯টা থেকে শুরু হয়ে ১ ঘণ্টা বিরতি দিয়ে বিকাল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। এরপর ভোট গণনা করে ফলাফল প্রকাশ করা হবে। বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ সমর্থিত সাদা ও জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য ফোরাম সমর্থিত নীল দলের আইনজীবীদের প্রচারণায় সরগরম ঢাকা আইনজীবী সমিতির ২০২৪-২৫ সেশনের নির্বাচন। দুই দলের ২৩ জন করে প্রার্থী রয়েছেন। এর মধ্যে ১০টি সদস্য ও বাকিগুলো সম্পাদকীয় পদ। এবারের নির্বাচনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পদ সৃষ্টি করা হয়েছে। গত ১৫ দিন ধরে

২-এর পাতায় দেখুন

অর্থনীতির সংকটে দ্রব্যমূল্য বাড়া স্বাভাবিক না খাইয়ে তো রাখিনি : কাদের

স্টাফ রিপোর্টার : দ্রব্যমূল্য বাড়লেও জনগণের ক্রয়ক্ষমতা এখনো আছে। সামনের রমজানেও জিনিসপত্র এভেইলেবল থাকবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, "অর্থনীতিতে যখন সংকট তখন দ্রব্যমূল্য বাড়া স্বাভাবিক। তবে আপনাদের তো না খাইয়ে রাখিনি।"গতকাল মঙ্গলবার অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, "দ্রব্যমূল্য বৃদ্ধির পেছনে চাঁদাবাজির একটা বিষয় অবশ্যই আছে। চাঁদাবাজির বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসি-না কঠিন বক্তব্য দিয়েছেন এবং এ বিষয়ে সংশ্লিষ্টদের নজরদারি বাড়াতে বলেছেন। একটা বিষয় শুরু হলে রাতারাতি বন্ধ হয়ে যাবে এমন নয়। কিন্তু প্রধানমন্ত্রীর বক্তব্যের পর সবাই নড়েচড়ে বসেছে এবং যার যে দাযি়ত্ব আছে প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তা পালন করছে। দ্রব্যমূল্য এমন একটা বিষয়, যখন অর্থনীতিতে সংকট তখন দ্রব্যমূল্য বাড়া স্বাভাবিক। অর্থনীতিতে যখন সংকট হবে তখন দ্রব্যমূল্য, বাজার ওঠানামা করে। এটা বাজারের ধর্ম। অপেক্ষা করেন, আপনাদের তো না খাইয়ে রাখিনি, দেশের মানুষ খেতে পাচ্ছে। একটা মানুষও না খেয়ে মরেনি। দেশের মানুষ অনেক ভালো আছে।"দ্রব্যমূল্যের বৃদ্ধির কারণে আওয়ামী লীগের প্রতি জনগণের নেতিবাচক ধারণা সৃষ্টি হবে কি না এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, "আমাদের দেশের জনগণ প্রমাণ করেছে তারা এতো উসকানি, এতো আন্দোলন যে বাংলাদেশ উত্তাল সাগর হয়ে যাবে, এসবের পর তাদের ঐ পিকনিক পার্টি সমাবেশের নামে সেখানে জনগণ প্রলুব্ধ হয়নি। প্ররোচিতও হয়নি। দেশের জনগণ সারা বিশ্বের খবর রাখে। সারা বিশ্বের সব খবর নিয়ে গ্রামে চায়ের দোকানে রীতিমতো গবেষণা হয়। মানুষ বুঝে এখানে সরকারের দোষ নেই। বিশ্বে যে সংকট দ্রব্যমূল্য নিয়ে,

২-এর পাতায় দেখুন

অবসরে গেলেন বিচারপতি বোরহান উদ্দিন

স্টাফ রিপোর্টার : অবসরে গেলেন আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি বোরহান উদ্দিন। সংবিধান অনুসারে ৬৭ বছর বয়স পূর্ণ হওয়ায় গতকাল মঙ্গলবার তিনি অবসরে যান। এদিন দুপুর ১২টায় আপিল বিভাগের এজলাস কক্ষে তাকে অ্যাটর্নি জেনারেল কার্যালয় ও সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি বিদায়ী সংবর্ধনা দেন। এর জবাবে তিনি বক্তব্য দেন। বক্তব্যে বিচারপতি বোরহান উদ্দিন বলেন, বাংলাদেশের সংবিধান দেশের সর্বোচ্চ আইন। নির্বাহী বিভাগ, আইনসভা এবং বিচার বিভাগ একে অপরের পরিপূরক হলেও বিচার বিভাগের দায়িত্ব সংবিধানের অভিভাবক হিসাবে অনন্য। কারণ, আইনসভায় প্রণীত কোনো আইন সংবিধানের সঙ্গে অসামঞ্জস্য কিনা তা দেখার অধিকার বিচার বিভাগের। পাশাপাশি নির্বাহী বিভাগের কোনো কার্যকলাপ সংবিধানের তৃতীয় ভাগে বর্ণিত মৌলিক অধিকারের সঙ্গে

২-এর পাতায় দেখুন

বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ১৫ শতাংশ ট্যাক্স দিতে হবে

স্টাফ রিপোর্টার : দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ১৫ শতাংশ ট্যাক্স দিতেই হবে বলে রায় দিয়েছেন আপিল বিভাগ। এ সংক্রান্ত আপিল নিষ্পত্তি করে গতকাল মঙ্গলবার আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি বোরহান উদ্দিনের নেতৃত্বাধীন আপিল বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। রিটের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী এ এফ হাসান আরিফ। এর আগে ২০২৩ সালের জুন মাসে

বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে সরকারের ১৫ শতাংশ হারে আয়কর আদায়সংক্রান্ত আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আয়কর আদায় থেকে বিরত থাকতে আপিল বিভাগের আদেশ বহাল রাখেন সর্বোচ্চ আদালত। একই সঙ্গে আয়কর আদায় নিয়ে বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে দায়ের করা ৪৬টি রিট হাইকোর্টে চূড়ান্ত শুনানির আদেশ বহাল রাখা হয়। ২০২১ সালের ৯ ফেব্রুয়ারি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে সরকারের ১৫ শতাংশ হারে আয়কর আদায়ের দুই প্রজ্ঞাপন অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিলের অনুমতি (লিভ টু আপিল) দেন আপিল বিভাগ। একই সঙ্গে এ আপিল নিষ্পত্তি না পর্যন্ত এ আয়কর আদায় থেকে বিরত থাকতে এনবিআরকে নির্দেশ দেওয়া হয়। ২০০৭ সালের ২৮ জুন জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) একটি প্রজ্ঞাপন

২-এর পাতায় দেখুন

রমজানের মধ্যেই উপজেলা নির্বাচনের তফসিল : ইসি

স্টাফ রিপোর্টার : আসন্ন ষষ্ঠ উপজেলা নির্বাচনের তফসিল রমজান মাসে ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ। গতকাল মঙ্গলবার দুপুরে নির্বাচন ভবনে নিজ কক্ষে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ইসি অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বলেন, ইতোমধ্যে কমিশন চার ধাপে উপজেলা নির্বাচনের তালিকা প্রকাশ করেছে ইসি। নির্বাচনের তফসিল দিতে ৪০ থেকে ৪২ দিন সময় লাগে। এক্ষেত্রে রোজার মধ্যেই তফসিল ঘোষণা হবে। সেটা পরবর্তী কমিশন সভায় নির্ধারণ করা হবে। সংসদের সংরক্ষিত নারী এমপিদের গেজেটের বিষয়ে তিনি বলেন, গেজেট ছাপানোর জন্য আজকে বিজি প্রেসে পাঠানো হয়েছে। আজকের মধ্যে গেজেট হবে। গেজেট হয়ে গেলেই আজকেই সংসদ সচিবালয়ে

২-এর পাতায় দেখুন

অর্থনৈতিক সমস্যা রাতারাতি পরিবর্তন সম্ভব নয় : অর্থমন্ত্রী

স্টাফ রিপোর্টার : আর্থিক সমস্যা মোকাবেলা করে বাংলাদেশ আবারও ঘুরে দাঁড়াচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। বলেছেন, অর্থনীতিতে সমস্যা আছে, যা চাইলেই রাতারাতি পরিবর্তন সম্ভব নয়। তবে তা উত্তরণের চেষ্টায় কাজ করছে সরকার। গতকাল মঙ্গলবার সচিবালয়ে আন্তর্জাতিক ইসলামিক ট্রেড ফাইনান্স করপোরেশনের সিইও হানি সালেম সনবলের সাথে সাক্ষাৎ শেষে তিনি এ তথ্য জানান। অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশ বড় অর্থনীতির দেশ, তাই আর্থিক সমস্যা আছে। সরকার অর্থনীতির বিভিন্ন সঙ্কট মোকাবেলা করেই এগিয়ে যেতে কাজ করছে। আগে যে সমস্যাগুলো ছিল সেগুলোর মধ্যে বেশকিছু সমস্যার সমাধান হয়েছে। ডলারের রেট কমিয়ে আনার বিষয়ে সরকার ইতোমধ্যে

২-এর পাতায় দেখুন

মঙ্গলবার অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সাথে মন্ত্রণালয়ে তাঁর অফিসকক্ষে ইন্টারন্যাশনাল ইসলামিক ট্রেড ফিন্যান্স কর্পোরেশনের সিইও ইঞ্জিয়ার হানি সালেম সনবল সাক্ষাৎ করে -পিআইডি

কোম্পানি পর্যায়ে আয়কর রিটার্ন দাখিলের সময় দুই মাস বাড়লো

স্টাফ রিপোর্টার : কোম্পানি পর্যায়ে আয়কর রিটার্ন দাখিলের সময় দুই মাস বাড়লো। নতুন সময় অনুযায়ী আগামী ৩০ এপ্রিল পর্যন্ত কোম্পানি পর্যায়ে আয়কর রিটার্ন দেওয়া যাবে। গতকাল মঙ্গলবার জাতীয় রাজস্ব বোর্ডের করনীতি উইং থেকে এ ব্যাপারে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, কোম্পানি করদাতাদের ২০২৩-২০২৪ কর বর্ষের জন্য নির্ধারিত করদিবস ২৮ ফেব্রুয়ারির পরিবর্তে ৩০ এপ্রিল পর্যন্ত নির্ধারণ করা হলো। এর আগে গত মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান বরাবর পাঠানো চিঠিতে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এফবিসিসিআই) সভাপতি মো. মাহবুবুল আলম আয়কর রিটার্ন দেওয়ার জন্য দুই মাস বাড়ানোর অনুরোধ করেন। সে সময় চিঠিতে উল্লেখ করা হয়, কর ব্যবস্থাকে টেকসই, আধুনিক ও

২-এর পাতায় দেখুন

ফের বাড়ছে বিদ্যুতের দাম

মার্চ থেকে কার্যকর

স্টাফ রিপোর্টার : বিদ্যুতের দাম প্রতি ইউনিট সর্বনিম্ন ৩৪ পয়সা থেকে সর্বোচ্চ ৭০ পয়সা পর্যন্ত বাড়ছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। নতুন এই দাম মার্চের প্রথম সপ্তাহ থেকে কার্যকর হবে বলে জানান তিনি। গতকাল মঙ্গলবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এতথ্য জানান প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বিদ্যুতের দাম বাড়ানো হচ্ছে না, সমন্বয় করা হচ্ছে। উৎপাদন খরচের তুলনায় কম দামে বিক্রি করায় লোকসান হচ্ছে, সে কারণে কিছুটা সমন্বয় করা হচ্ছে বলে জানান বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী। গত বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সচিবালয়ে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ (এফইআরবি) এর নবনির্বাচিত নির্বাহী কমিটির নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়ে তিনি এ মন্তব্য করেন। প্রতিমন্ত্রী বলেন, আমরা যদি প্রফিট করতাম তাহলে দাম বাড়ছে বলতে পারতেন। আমরাতো খরচ উঠাতে চাচ্ছি। খুবই সামান্য পরিমাণে দাম। লাইফ লাইন গ্রাহকের (৭৫ ইউনিট পর্যন্ত ব্যবহারকারী) মাসের বিল ২০ টাকার মতো বাড়তে পারে। এখন তারা যদি একটু সাশ্রয়ী হন, তাহলে বিল আগের অবস্থায় থাকবে। আমাদের লক্ষ্য হচ্ছে গ্রাহকদের মিতব্যয়ী হতে উদ্বুদ্ধ করা। তিনি বলেন, ১ কোটি ৪০ লাখ গ্রাহক রয়েছে যাদের প্রতি ইউনিট বিদ্যুতের দাম ৪ টাকার মতো নেওয়া হয়। সেখানে হয়তো ৩০ থেকে ৩৫ পয়সার মতো বাড়তে পারে। তবে যারা বেশি

২-এর পাতায় দেখুন

২৩ দিন পর খুলছে ঘুমধুম সীমান্তের ৫ প্রাথমিক বিদ্যালয়

স্টাফ রিপোর্টার : মিয়ানমারের রাখাইন রাজ্যে সশস্ত্র বাহিনী ও বিদ্রোহী গোষ্ঠী আরকান আর্মির মধ্যে চলমান সংঘাতের জের ধরে সীমান্তে উত্তেজনাকর পরিস্থিতির মধ্যে প্রায় ২৩ দিন বন্ধ থাকার পর আজ বুধবার থেকে নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের পাঁচ প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়ার সিদ্ধান্ত দিয়েছে জেলা প্রশাসন। সীমান্তের বাসিন্দারা জানান, সীমান্ত পরিস্থিতি অনেক দিন শান্ত থাকার পর গত রোববার রাত ৯টা থেকে গত সোমবার সকাল ৯টা পর্যন্ত রাখাইন রাজ্যের কয়েকটি স্থানে থেমে থেমে গোলাগুলি, মর্টার শেল নিক্ষেপ ও ভারী অস্ত্রের বিকট শব্দ শোনা গেছে এপারে। বিশেষ করে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম, কক্সবাজারের উখিয়ার পালংখালী, টেকনাফ সদর, হোয়াইক্যং, হ্নীলা ও সাবরাং ইউনিয়নের সীমান্তে মাঝে মধ্যে গুলির শব্দ ভেসে আসে। তবে আতঙ্ক তেমন নেই। গত ২ ফেব্রুয়ারি রাত থেকে নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে তুমব্রু রাইট ও লেফট ক্যাম্প নিয়ন্ত্রণ নিয়ে মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে

২-এর পাতায় দেখুন

মূল্যস্ফীতিতে দিশেহারা ভোক্তা!

স্টাফ রিপোর্টার : মূল্যস্ফীতি মজুরি বৃদ্ধিকে ছাড়িয়ে যাওয়ার কারণে দেশের জনগণ আর্থিক চ্যালেঞ্জের মুখে পড়েছে। দেশব্যাপী অর্থনৈতিক কষ্টকে বাড়িয়ে দিচ্ছে। আয়ের সঙ্গে ব্যয়ের কোনো মিল খুঁজে পাচ্ছে না শ্রমজীবি মানুষ। মূল্যস্ফীতির চাপে পড়ে দিশেহারা হয়ে পড়েছেন ভোক্তা। নতুন বছরেও মূল্যস্ফীতিতে কোনো স্বস্তির দেখা মেলেনি। ঢাকার মিরপুরে বসবাসকারী একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত জোবায়দুর রহমান হতাশা প্রকাশ করে বলেন, বাজারে সব নিত্যপণ্যের দাম অস্বাভাবিক বাড়ার কারণে আমার বেতন দিয়ে সংসার চালানো কঠিন হয়ে পড়েছে। চাহিদা কমিয়ে দিয়েও সংসার চলছে না। তাই উপায় না পেয়ে আমি আমার পরিবারকে গ্রামের বাড়িতে স্থানান্তর করতে বাধ্য হয়েছি। এরই মধ্যে পরিবার নিয়ে ঢাকায় বসবাসের কারণে বেশ কিছু টাকা ঋণের মধ্যেও পড়েছি। মতিঝিলের একটি প্রতিষ্ঠানে কাজ করে সুমন মিয়া। সকাল থেকে নিজ চাকরির কাজ করেন। বিকেল হলে মোটরসাইকেল নিয়ে বেরিয়ে পড়েন প্যাসেঞ্জারের খোঁজে। দুই-তিনজন রাইডার বহণ করে এ সময়টিকে। কিন্তু তাতেও তার সংসার চলে না। সুমন বলেন, প্রতি মাসে বেতন দিয়ে বাড়ি ভাড়া এবং সন্তানদের পড়ালেখার ব্যয় মেটাতে গিয়ে হাতে কিছু থাকছে না। তাই অফিস শেষে প্রতিদিন সংসারের বাজার খরচ তুলতে মোটরসাইকেল দিয়ে রাউড শেয়ার করেন। মেট্রোরেল চালু হওয়ার পর আগের মতো আয়ও হচ্ছে না, ছেলেমেয়ে নিয়ে দারুণ কষ্টে দিন পাড় করছি, ঋণ করেও সংসার চলছে না বলে তিনি উল্লেখ করেন।

নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের ক্রমবর্ধমান দামের কারণে প্রতিদিনের কষ্টের মুখোমুখি হচ্ছেন নিম্নবিত্ত ও নিম্ন মধ্য পরিবারগুলো। আয়ের চেয়ে ব্যয় বেড়ে যাওয়ার কারণে তাদের আর্থিক দুরবস্থাকে আরও বাড়িয়ে দিচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, মজুরির তুলনায় মানুষের ব্যয় দ্রুত হারে বাড়ছে। চলতি অর্থবছরের জুলাই-জানুয়ারি মাসে গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৯.৭০ শতাংশ, গড় মজুরি বৃদ্ধির হার ৭.৬৭ শতাংশ ছাড়িয়ে গেছে। এ প্রবণতা গত সাড়ে তিন বছর ধরে অব্যাহত রয়েছে, মূল্যস্ফীতির হার দ্বিগুণ হওয়ার সঙ্গে সঙ্গে মানুষের আয় স্থবির হয়ে পড়েছে। মূল্যস্ফীতির হার অর্থবছর যথাক্রমে ২০২১-এ ৫. ৫৬ শতাংশ, ২০২২ এ ৬.১৫ শতাংশ এবং ২০২৩ এ ৯. ০২ শতাংশ। যেখানে মজুরি বৃদ্ধির হার ২০২১-এ ৬.১২ শতাংশ, ২০২২ এ ৬.০৬ শতাংশ এবং ২০২৩ এ ৭. ০৪ শতাংশ ছিল। নিত্যপণ্যের অস্বাভাবিক পরিস্থিতির মধ্যে সাধারণ মানুষের কষ্ট আরও বৃদ্ধি করেছে বাড়িভাড়া। আয়ের বেশির ভাগ অংশ ব্যয় হচ্ছে বাড়ি ভাড়ায়। এখানেও বিপাকে পড়েছেন রাজধানীর ভাড়াটিয়ারা। বিবিএসের তথ্য অনুসারে, মূল্যস্ফীতির হার এবং মজুরি বৃদ্ধির হারের মধ্যে প্রায় ২ শতাংশ ব্যবধান রয়েছে। মূল্যস্ফীতির হার অবশ্য মজুরি বৃদ্ধির হারের তুলনায় দ্রুত গতিতে বাড়ছে। এদিকে, বিবিএসের হাউস রেন্ট ইনডেক্স (এইচআরআই) অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত জাতীয় বাড়ি ভাড়ায় ৫.৮৯ শতাংশ বৃদ্ধি প্রকাশ

২-এর পাতায় দেখুন

দৈনিক
মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা বুধবার ॥ ২৮ ফেব্রুয়ারি ২০২৪ ॥ ১৫ ফাল্গুন ১৪৩০ বাংলা

গ্যাস-বিদ্যুতের দাম বাড়লে বন্ধ হতে পারে বহু কারখানা

স্টাফ রিপোর্টার : বিশ্ব অর্থনৈতিক সংকটের কারণে চাপের মুখে রয়েছে দেশের শিল্পখাত। মূলধনী যন্ত্রপাতিসহ সবধরনের কাঁচামালের দাম বেড়েছে। শ্রমিকের মজুরি ছাড়াও উৎপাদনের প্রতিটি উপকরণের জন্যেও গুনতে হচ্ছে বাড়তি অর্থ। যা চাপে ফেলেছে স্থানীয় শিল্পের পাশাপাশি রফতানি শিল্পকেও। এমন পরিস্থিতিতে আবারও গ্যাস এবং বিদ্যুতের দাম বাড়ার কথা উঠেছে। গ্যাস ও বিদ্যুতের দাম বৃদ্ধি পেলে নতুন সংকটে পড়বে শিল্প খাত। কারখানা চালানোর সক্ষমতা হারাবেন অনেকেই। ৩০ থেকে ৪০ শতাংশ কারখানা বন্ধ হয়ে যেতে পারে- এমন আশঙ্কা ব্যবসায়ীদের নেতাদের। গ্যাসের দাম বাড়িয়েও নিরবিচ্ছিন্ন সরবরাহ না পাওয়ায় সমালোচনাও করছেন তারা। গ্যাস সংকটে, শিল্পের উৎপাদন ব্যাহত হচ্ছে বলেও অভিযোগ তাদের। এ বিষয়ে বিকেএমইএ'র নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, শিল্পখাত এমনিতেই খুব কঠিন পরিস্থিতিতে আছে। আমরা নানারকম চাপে রয়েছি। এরইমধ্যে যদি বিদ্যুতের দাম বাড়ে তাহলে এটি অনেকেরই সীমার বাইরে চলে যাবে। অনেকের পক্ষে এই ব্যয় বহন করা সম্ভব হবে না। ইতোমধ্যেই অনেক কারখানা বন্ধ হয়েছে। মূল্য বাড়লে দেখা যাবে আরও কারখানা বন্ধ হয়ে গেছে। এদিকে, উৎপাদন ব্যয় বাড়লেও পোশাকের দাম বাড়ায়নি ক্রেতারা। যে কারণে কারখানা চালিয়ে নিতে হিমশিম খাচ্ছেন উদ্যোক্তারা। এমন অবস্থায় গ্যাস-বিদ্যুতের দাম বাড়লে সংকট আরও ঘনীভূত হবে। ক্ষুদ্র ও মাঝারি খাতের অনেক কারখানা বন্ধ হয়ে যাবে বলেও আশঙ্কা উদ্যোক্তাদের। বিসিআই সভাপতি আনোয়ারুল আলম চৌধুরী পারভেজ বলেন, বিদ্যুৎ ও গ্যাসের দাম বাড়িয়ে দেয়া হলে ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলো বড় ধরনের ক্ষতির মুখে পড়বে। বড় কারখানাগুলোও সমস্যায় পড়বে। আমার মনে হয়, ৩০ থেকে ৪০ শতাংশ দেশীয় কারখানা বসে যাবে। ব্যবসায়ী নেতাদের অভিযোগ, আন্তর্জাতিক বাজারে বাড়তি দামের অজুহাতে গ্যাসের দাম দ্বিগুনের বেশি বাড়ানো হয়। নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করার কথা থাকলেও সেটি করা হয়নি। উল্টো গ্যাস সংকটে দিনের অনেক সময় কারখানা বন্ধ থাকে। নতুন করে গ্যাস বিদ্যুতের দাম বাড়ানোর যৌক্তিকতা নিয়েও প্রশ্ন তোলেন তারা। বিকেএমইএ'র নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, আন্তর্জাতিক বাজারে যদি জ্বালানির দাম কমে তাহলে এখানেও কমার কথা, বাড়লে এখানেও বাড়বে। সমন্বয় মানে তো এটিই বোঝায়। তবে আমরা যখনই সমন্বয়ের কথা শুনি বারবার দেখছি দাম বাড়ে, কমে না। আন্তর্জাতিক বাজারে কি এখন জ্বালানির দাম বেড়েছে? তাহলে কেন বাড়ানোর প্রস্তাব আসছে, সেটিই বোধগম্য হচ্ছে না। বিসিআই সভাপতি আনোয়ারুল আলম চৌধুরী পারভেজ বলেন, যখন গ্যাস বিল বাড়ানো হয় তখন বলা হয়েছিল, স্পট মার্কেটে এলএনজির দাম ৪০ ডলার। এখন কিন্তু স্পট মার্কেট মূল্য ৮ থেকে ৯ ডলার। সেখানে দাম না কমিয়ে আবার বাড়ানো কোনো যুক্তিসঙ্গত কাজ হতে পারে না। এমনটি করলে আমার মনে হয় না, কারখানাগুলো টিকে থাকতে পারবে।

৩০ থেকে ৪০ শতাংশ কারখানা বন্ধ হয়ে যেতে পারে-এমন আশঙ্কা ব্যবসায়ীদের

চিকিৎসকদের আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা সম্মেলন কাল

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম ভারত, নেপাল, থাইল্যান্ড, মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের চিকিৎসা বিজ্ঞানী ও গবেষকদের অংশ গ্রহণে তৃতীয় আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা সম্মেলনে ১০৪টি গবেষণাপত্র উপস্থাপন করা হবে। আগামীকাল বৃহস্পতিবার দিনব্যাপী এ সম্মেলনে দেশ বিদেশের এগারশ' চিকিৎসক অংশ নেবেন। এবারের সম্মেলনের প্রতিপাদ্য ভবিষ্যৎ প্রজন্মের গবেষণা। সম্মেলনের উদ্বোধন করবেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইসমাইল খান। গতকাল মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম প্রেস ক্লাবের এস রহমান হলে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সম্মেলন কমিটির প্রধান সমন্বয়ক অধ্যাপক ডা. মো. মুসলিম উদ্দিন সবুজ। চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ ও চট্টগ্রাম ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ তৃতীয় আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা সম্মেলনের আয়োজন করছে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন সংসদ সদস্য আবদুচ ছালাম। অতিথি থাকবেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব মো. আজিজুর রহমান, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মো. টিটো মিঞা, অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক বায়জিদ খুরশিদ রিয়াজ, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা.

৭-এর পাতায় দেখুন

বিদেশি কূটনীতিকদের দেশের অগ্রগতি জানাতেই আউটরিচ প্রোগ্রাম

স্টাফ রিপোর্টার : বিদেশি কূটনীতিকরা যাতে দেশ ও দেশের অগ্রগতি সম্পর্কে আরও ভালোভাবে জানতে পারেন সেজন্যই পররাষ্ট্র মন্ত্রণালয়ের আউটরিচ প্রোগ্রাম বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ এমপি। তিনি বলেন, কূটনীতিকদের এই পরিদর্শনের মাধ্যমে বাঙালি জাতির সামর্থ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে যে উন্নয়ন কর্মযজ্ঞ চলছে তাতে আমাদের দেশকে তারা ভালোভাবে জানতে পারছেন। বাংলাদেশকে জানার মাধ্যমে তারা তাদের দেশকে এই বার্তা পৌঁছে দেবেন এবং বাংলাদেশের এই খবরগুলো তারা বিশ্বময় ছড়িয়ে দেবেন। গতকাল মঙ্গলবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের এম্বেসেডরস আউট রিচ প্রোগ্রামের আওতায় ২৪টি দেশ ও আন্তর্জাতিক সংস্থার মিশন প্রধানসহ ৩৪ জন কূটনৈতিক সদস্য নিয়ে চট্টগ্রামের বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন শেষে ট্রেনযোগে কক্সবাজার যাবার প্রাক্কালে চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। এ সময় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মাসুদ বিন মোমেন উপস্থিত ছিলেন। ড. হাছান মাহমুদ বলেন, বিদেশি রাষ্ট্রদূতরা যেন আমাদের দেশকে জানেন, দেশে যে বিরাট উন্নয়ন কর্মযজ্ঞ হচ্ছে সেগুলো যেন তারা স্বচক্ষে দেখেন, সেই কারণেই তাদেরকে চট্টগ্রামে আনা হয়েছে। এবং চট্টগ্রাম থেকে ট্রেনযোগে তারা কক্সবাজার যাবেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এম্বাসেডরস আউটরিচ প্রোগ্রামের অংশ হিসেবে এই সফরের আয়োজন এবং এটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি উদ্যোগ। তিনি বলেন, আপনারা জানেন যে চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত ট্রেন লাইন হয়েছিল ১৯৩০ সালে। কিন্তু তার অনেক আগেই চট্টগ্রাম থেকে ঘুমধুম

৭-এর পাতায় দেখুন

স্মার্ট বাংলাদেশ তৈরিতে দরকার স্মার্ট পরিসংখ্যান

স্টাফ রিপোর্টার : পরিকল্পিত অর্থনীতির জন্য পরিসংখ্যান খুবই গুরুত্বপূর্ণ বলে জানিয়েছেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন। তিনি বলেছেন, স্মার্ট বাংলাদেশ তৈরি করতে স্মার্ট পরিসংখ্যান লাগবে। সেই লক্ষ্য নিয়ে বিবিএস কাজ করে যাচ্ছে। গতকাল মঙ্গলবার আগারগাঁওয়ে জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানটির আয়োজন করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। তিনি বলেন, পরিকল্পিত অর্থনীতির জন্য পরিসংখ্যান খুবই গুরুত্বপূর্ণ যা হতে হবে সঠিক, নির্ভরযোগ্য এবং সময়োপযোগী। সঠিক পরিসংখ্যান টেকসই উন্নয়ন-পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে ভিত্তি হিসেবে কাজ করে। এর গুরুত্ব বিবেচনা করেই ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতিষ্ঠা করেন। দেশের জনগণকে পরিসংখ্যান বিষয়ে অবহিত ও সম্পৃক্ত করার লক্ষ্যে দিবসটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি আরও বলেন, বিবিএস জনশুমারি, কৃষিশুমারি, অর্থনৈতিক শুমারিসহ বিভিন্ন প্রকার গুরুত্বপূর্ণ জরিপ পরিচালনা করে থাকে। এসডিজি পরিবীক্ষণে ডেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। হালনাগাদ তথ্য প্রস্তুতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নেতৃত্বে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কাজ করছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপ-মহাপরিচালক পরিমল চন্দ্র বসুর সভাপতিত্ব করছেন অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ উদযাপন কমিটির আহ্বায়ক ড. মো. মইনুল হক আনছারী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কৃষি উইংয়ের

৭-এর পাতায় দেখুন

রোজার আগে রসুন ও খেসারি ডালের দাম বেড়েছে

স্টাফ রিপোর্টার : রমজানের আগে গত এক সপ্তাহের ব্যবধানে পাইকারি বাজারে রসুন ও খেসারি ডালের দাম বেড়েছে। দুটি পণ্য বিক্রি হচ্ছে প্রতিকেজি ১০ টাকা বেশি দামে। বাজারে বেশ আগে থেকে আদা, রসুনের দাম চড়া। একই অবস্থা ছোলাসহ বিভিন্ন প্রকার ডালের দামেরক্ষেত্রে। ফলে ভোক্তাদের বাড়তি দামেই কিনতে হচ্ছে এসব পণ্য। রোজার আগে আর এসব পণ্যের দাম কমার সম্ভাবনা কম বলেই জানান ব্যবসায়ীরা। রাজধানীর সবচেয়ে বড় মসলার বাজার শ্যামবাজার। এখানকার বিক্রমপুর আরতের খোকন হোসেন বলেন, আগে প্রতি কেজি রসুন পাইকারিতে বিক্রি হতো মানভেদে ১৪০ থেকে ১৮০ টাকা পর্যন্ত। সবচেয়ে বেশি দাম ছিল চীনের আমদানি করার রসুনের। কম ছিল দেশি রসুন। তবে বাজারে গত এক সপ্তাহের ব্যবধানে সব ধরনের রসুনের দাম কেজিতে ১০ টাকা বেড়েছে। আদা আগের মতো মানভেদে ১২০ থেকে ১৬০ টাকায় বিক্রি হচ্ছে বলে জানান তিনি। এদিকে, খুচরা বাজারে প্রতি কেজি আদা ২২০ থেকে ২৪০ টাকা ও রসুন ২২০ থেকে ২৬০ টাকা বিক্রি হতে দেখা গেছে। অন্যদিকে, এক সপ্তাহ আগে খুচরা বাজারে মানভেদে প্রতি কেজি খেসারির ডালের দাম ছিল ১০০ থেকে ১১০টাকা। এখন সেটি বিক্রি হচ্ছে ১১০ থেকে ১২০টাকা কেজি দরে। এবার রমজানের বেশ আগেই ছোলার দাম বেড়েছে। এখন বিক্রি হচ্ছে ১১০ থেকে ১৩০ টাকা পর্যন্ত প্রতি কেজি। রামপুরা বাজারে বিক্রেতা ইউনুস হোসেন বলেন, এবার রোজার অনেক আগেই থেকে ছোলা খেসারি ডালসহ অন্যান্য সব ডালের দাম চড়া। গত দুই তিন মাসের ব্যবধানে হিসাব করলে আগের তুলনায় প্রতি কেজির ডালের দাম ২০-৩০ টাকা পর্যন্ত বেড়ে গেছে। আমদানিকারকরা বলছেন, ডলারের চড়া দামের কারণে এবার ডালের দাম বেশি। বাংলাদেশ পাইকারি ডাল ব্যবসায়ী সমিতির সভাপতি শফি মাহমুদ বলেন, ডালের আমদানি খরচ বাড়ছে। ডলারের দামের কারণে এ অবস্থা। তবে এরই মধ্যে রমজানের প্রয়োজনীয় অধিকাংশ ডাল দেশে আমদানি হয়েছে। রমজানের মধ্যে নতুন করে দাম বাড়ার সম্ভাবনা নাই, কমার সম্ভাবনা কম। অন্যান্য ডালের মধ্যে প্রতি কেজি মোটা, মাঝারি ও সরু দানার মসুর ডাল ১০৫ থেকে ১৪০ টাকায় বিক্রি হচ্ছে। মানভেদে প্রতি কেজি অ্যাঙ্কর ডাল বিক্রি হচ্ছে ৭৫ থেকে ৮০ টাকায়। আর মুগ ডালের কেজি পড়ছে ১৩০ থেকে ১৮০টাকা।

রোজার আগে আর এসব পণ্যের দাম কমার সম্ভাবনা কম বলেই জানান ব্যবসায়ীরা

বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ১৫ শতাংশ ট্যাক্স দিতে হবে

স্টাফ রিপোর্টার : বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে সরকারের ১৫ শতাংশ হারে আয়কর (ট্যাক্স) আদায়ের দুই প্রজ্ঞাপন অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বাতিল করেছেন আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা ৪৪টি আপিল নিষ্পত্তি করে গতকাল মঙ্গলবার আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি বোরহান উদ্দিনের নেতৃত্বে আপিল বেঞ্চ রায় দেন। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর পক্ষে ছিলেন এএফ হাসান আরিফ ও খায়রুল আলম চৌধুরী। পরে অ্যাটর্নি জেনারেল বলেন, হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আমরা লিভ টু আপিল (আপিলের অনুমতি চেয়ে আবেদন) ফাইল করি। ৪৪টি মামলা ছিল। এগুলোর শুনানি শেষে আপিল বিভাগ লিভ মঞ্জুর (আপিলের অনুমতি দেন) করেন। সেসব আপিলের শুনানি শেষে গতকাল মঙ্গলবার রায় হয়। রাষ্ট্র চালানোর জন্য ট্যাক্স আহরণ দৈনন্দিন কাজ। অর্ডিন্যান্স অনুসারে সবার জন্য ট্যাক্স ধার্য করা আছে। ব্যক্তিদের জন্য ২৫ শতাংশ। সেখানে তাদের (প্রাইভেট বিশ্ববিদ্যালয়) কমিয়ে ১৫ শতাংশ করা হয়েছে। তিনি বলেন, এটার সঙ্গে ছাত্রদের সম্পর্ক নেই। ভ্যাট হলে ছাত্রদের সঙ্গে সম্পর্ক থাকতো। এখন ট্যাক্স তাদের (প্রাইভেট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে), মালিকদের দিতে হবে। আয়ের ওপরে ১৫ শতাংশ ট্যাক্স দিতে হবে। ২০০৭ সালের

৭-এর পাতায় দেখুন

রমজান সামনে রেখে চিনির বাজারে তুঘলকি কাণ্ড শুরু হয়েছে

স্টাফ রিপোর্টার : রমজান সামনে রেখে চিনির বাজারে তুঘলকি কাণ্ড শুরু হয়েছে। মুসলমানদের পবিত্র সিয়াম সাধনার মাসে শরবতসহ বিভিন্ন পদের খাবারে ঘরে ঘরে চিনির ব্যবহার বাড়ে। মানুষের বাড়তি চাহিদাকে পুঁজি করে রমজানের আগেই অসাধু ব্যবসায়ীরা চিনির বাজার অস্থির করার প্রতিযোগিতায় উঠে পড়ে লেগেছেন। ঘোষণা দিয়ে লাল চিনির দাম কেজিপ্রতি ২০ টাকা বাড়ানোর সিদ্ধান্ত নিলেও কয়েক ঘণ্টা পরে তা প্রত্যাহার করে নেয়। কিন্তু পরদিন থেকেই লাফিয়ে লাফিয়ে বাড়ে সব কোম্পানি ও মিলের চিনির দাম। পাইকারি বাজারে যে চিনি প্রতিবস্তা (৫০ কেজি) ৬ হাজার ৭২০ টাকায় বিক্রি হয়েছিল; বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের ঘোষণার পরদিন প্রতি বস্তায় দাম বাড়ে ১৬০ টাকা, বিক্রি হয় ৬ হাজার ৮৮০ টাকায় এবং একই চিনি রবিবার বাড়ে আরেক দফা দাম। একলাফে এদিন একবস্তা চিনির দাম ৭ হাজার টাকায় গিয়ে দাঁড়ায়। যদিও এ ব্যাপারে পাইকারি ব্যবসায়ীরা সাফাই গান। তারা বলেন, সরকারি চিনির দর বাড়ানোর ওই ঘোষণার সঙ্গে সঙ্গে বাজারে প্রভাব পড়েছে। এদিকে পাইকারি বাজারে দাম বৃদ্ধি পাওয়ায় খুচরা দোকানিরাও বাড়িয়ে দেন চিনির দাম। বিগত কয়েকমাস ধরে ১৪০ টাকায় বিক্রি হওয়া চিনি শুক্রবার বিক্রি হয় ১৪৫ টাকায়। রবিবার পর্যন্ত কারওয়ান বাজার ও আশেপাশের খুচরা দোকানগুলোতে ১৪৮ এবং ১৫০ টাকায় গিয়ে দাঁড়ায়। অন্যদিকে প্যাকেট চিনির গায়ে ১৪৪ টাকা দাম লেখা থাকলেও তা ১৫০ টাকায় বিক্রি করা হয়। আর হাতেগোনা কয়েকটি দোকানে লালচিনি পাওয়া গেলেও তা ১৬০ টাকায় বিক্রি করা হয়। বাংলাদেশে বছরে ২০ থেকে ২২ লাখ মেট্রিক টন চিনির চাহিদা রয়েছে। ২২ লাখ মেট্রিক টন ধরে হিসেব অনুযায়ী প্রতিদিন চাহিদা ৬০ লাখ ২৭ হাজার ৩৯৭ কেজি। গত চার দিনের প্রথম দুই দিনে (শুক্রবার, শনিবার) কেজিতে তিন টাকা বাড়িয়ে দেশের চিনি বাজার থেকে পাইকারি ব্যবসায়ীরা লোপাট করেছেন ৩ কোটি ৬১ লাখ ৬৪ হাজার ৩৮২ টাকা। আর গত দুই দিনে (রবিবার, সোমবার) কেজিতে ৫ টাকা বাড়িয়ে লোপাট করেছেন ৬ কোটি ২৭ লাখ ৩ হাজার ৯৭০ টাকা। অর্থাৎ ৪ দিনে মোট লুটে নিয়েছেন ৯ কোটি ৮৮ লাখ ৬৮ হাজার টাকার বেশি। এদিকে গত ৪ দিনে কেজিপ্রতি ৪ থেকে ৫ টাকা বেশি রেখে পাইকারদের কাছ থেকে মিল ও কোম্পানিগুলো হাতিয়ে নিয়েছে প্রায় ১০ কোটি টাকা। অন্যদিকে কেজিপ্রতি ৫ টাকা বাড়িয়ে খুচরা ব্যবসায়ীরাও একই পরিমাণের টাকা হাতিয়ে নিয়েছেন। সব মিলিয়ে গত চার দিনে তিন ধাপে চিনির বাজার থেকে লোপাট হয়েছে

৭-এর পাতায় দেখুন

মানুষের বাড়তি চাহিদাকে পুঁজি করে রমজানের আগেই অসাধু ব্যবসায়ীরা চিনির বাজার অস্থির করার প্রতিযোগিতায় উঠে পড়ে লেগেছেন

পিলখানা হত্যাকাণ্ডে চলমান মামলার দ্রুত নিষ্পত্তি চান স্বজনরা

স্টাফ রিপোর্টার : বিডিআর (বর্তমানে বিজিবি) বিদ্রোহে পিলখানা হত্যাকাণ্ডের ১৫ বছরেও বিচার কার্যক্রম পুরোপুরি শেষ হয়নি। এ অবস্থায় দ্রুত মামলার নিষ্পত্তি চেয়ে পঞ্চগড়ের আটক পাঁচ 'বিডিআর' সদস্যের স্বজনরা প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন। জানা গেছে, দুটি মামলার নিষ্পত্তি হলেও বিস্ফোরক মামলা নিষ্পত্তি না হওয়ায় দীর্ঘ ১৫ বছর ধরে মানবেতর জীবনযাপন করছেন এ পাঁচজনের স্বজনরা। কোনো কূল কিনারা না পেয়ে মামলার নিষ্পত্তি চেয়ে পঞ্চগড় জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন তারা। গতকাল মঙ্গলবার দুপুরে তারা পঞ্চগড় জেলা প্রশাসক কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. আবদুল কাদেরের হাতে স্মারকলিপিগুলো জমা দেন। স্মারকলিপিতে জানা গেছে, গত ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি বিডিআর সদর দপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডের পর করা হত্যা মামলায় কেউ কেউ খালাস পেয়েছেন। আবার অনেকে হত্যা মামলায় ফৌজদারি আইনে বিভিন্ন মেয়াদের সাজা ভোগ করেছেন। কিন্তু দীর্ঘ ১৫ বছর ধরে বিস্ফোরক দ্রব্য আইনের মামলাটি নিষ্পত্তি না হওয়ায় এবং সাংবিধানিক অধিকার থাকা সত্ত্বেও জামিন না পাওয়ায় পরিবারগুলো মানবেতর জীবনযাপন করছে। হত্যা মামলাটির দুই বছর ১১ মাসে সব আইনি প্রক্রিয়া শেষ করে রায় দেওয়া হয়। তবে বিস্ফোরক মামলাটির ক্ষেত্রে ১৫ বছরের দৃশ্যমান কোনো অগ্রগতি

৭-এর পাতায় দেখুন

আরও ৮৩ জনের করোনা শনাক্ত

স্টাফ রিপোর্টার : দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে ৮৩ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৮ হাজার ৩৬০ জনে। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ১৩২৭ টি নমুনা পরীক্ষায় ৮৩ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৮০ জনই ঢাকার রোগী। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক শূন্য ২৫ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সুস্থ হয়েছেন ৩৭ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৫ হাজার ৩৭০ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৩৯ শতাংশ। ২০২০ সালের ৮ মার্চ দেশে করোনাভাইরাসে আক্রান্ত প্রথম রোগী শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ করোনায় প্রথম কোনো রোগীর মৃত্যুর তথ্য জানায় স্বাস্থ্য অধিদপ্তর।

গাজায় মৃত্যুর মিছিল থামছেই না

আন্তর্জাতিক ডেস্ক : গাজায় মৃত্যুর মিছিল যেন থামছেই না। সেখানে ইসরায়েলি তাণ্ডব আরও বাড়ছে। অধিকৃত পশ্চিম তীরে ইসরায়েলি বাহিনীর অভিযানে তিনজন নিহত এবং আর তিনজন আহত হয়েছে। ফারা শরণার্থী শিবিরেও তীব্র লড়াইয়ের খবর পাওয়া গেছে। খবর আল জাজিরার। সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, তিনি আশা করছেন যে, আগামী সোমবারের মধ্যে নতুন যুদ্ধবিরতি হতে পারে। তিনি আরও বলেন, আমার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আমাকে বলেছেন যে, আমরা যুদ্ধবিরতির কাছাকাছি আছি। এর আগে গাজায় মানবিক সহায়তার জন্য অপেক্ষমান লোকজনের ওপর গুলি চালিয়েছে ইসরায়েলি বাহিনী। গাজা শহরের আল-শিফা হাসপাতালের মেঝেতে পড়ে থাকা আহতদের লোকজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। গত ৭ অক্টোবর ইসরায়েলের সীমান্তে প্রবেশ করে আকস্মিক হামলা চালায় ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস। এরপরেই গাজায় পাল্টা আক্রমণ শুরু করে ইসরায়েল। সেখানে সংঘাত শুরুর পর থেকে এখন পর্যন্ত কমপক্ষে ২৯ হাজার ৭৮২ জন নিহত হয়েছে। এছাড়া আহত হয়েছে আরও ৭০ হাজার ৪৩ জন। এদিকে ফিলিস্তিনের ক্ষমতাসীন সরকারের প্রধানমন্ত্রী মোহাম্মদ শাতায়েহ পদত্যাগ করেছেন। গত সোমবার প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের কাছে তিনি পদত্যাগপত্র জমা দেন। পদত্যাগপত্র জমা দেওয়ার পর এক সংবাদ সম্মেলন করে তিনি এ তথ্য নিশ্চিত করেছেন। এ সময় মোহাম্মদ শাতায়েহ বলেন, আমি প্রেসিডেন্ট (মাহমুদ আব্বাস) বরাবর পদত্যাগপত্র জমা দিয়েছি। গাজায় ইসরাইলি বাহিনীর আগ্রাসন এবং পশ্চিম তীর ও জেরুজালেমে সহিংসতা বৃদ্ধির প্রতিবাদে আমি এ পদক্ষেপ নিয়েছি। তার এই পদত্যাগের মধ্যে দিয়ে কার্যত পুরো মন্ত্রিসভার পতন ঘটলো। সংবাদ সম্মেলনে তিনি বলেন, গাজা ভূখণ্ডের পরিস্থিতি এখন আর আগের মতো নেই। নতুন একটি বাস্তবতা সৃষ্টি হয়েছে আর সেই বাস্তবতায় ফিলিস্তিনের অখণ্ডতা ও ঐক্য ধরে রাখতে হলে প্রয়োজন নতুন সরকার। তিনি বলেন, আমাদের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ পরিবর্তীত অবস্থার সঙ্গে খাপ খাইয়ে নেওয়া এবং এমন একটি সরকারকে ক্ষমতায় বসানো, যে সরকার

৭-এর পাতায় দেখুন



ইসরায়েলি তাণ্ডব আরও বাড়ছে

ঝিলপাড় বস্তির আগুনে ক্ষতিগ্রস্তদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ বিএনপির

স্টাফ রিপোর্টার : রাজধানীর পল্লবী থানাধীন ঝিলপাড় বস্তিতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়িয়েছে বিএনপি। গতকাল মঙ্গলবার দুপুরে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেন দলটির নেতারা। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির ক্রীড়া বিষয়ক সম্পাদক ও ঢাকা মহানগর উত্তর বিএনপির সদস্য সচিব আমিনুল হক খাদ্যসামগ্রী তুলে দেন। এ সময় তিনি বলেন, সরকার জনগণের ভোটে নির্বাচিত নয় বিধায় মানুষের কষ্ট তাদের বিবেককে নাড়া দেয় না। দেশের মানুষ যখন দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে দিশেহারা তখন আবারও বিদ্যুতের মূল্য বৃদ্ধির ঘোষণা জনগণের সাথে তামাশা ছাড়া আর কিছুই না। আমিনুল আরও বলেন, বিএনপির জন্ম হয়েছিল জনগণের স্বার্থ রক্ষার জন্য। বিএনপি ক্ষমতায় যাওয়ার রাজনীতি করে না। নিপীড়িত মানুষের পাশে দাঁড়িয়ে জনগণের দুঃখ-দুর্দশা লাঘবের জন্য বিএনপি সব সময়ই কাজ করে আসছে। তারই ধারাবাহিকতায় আজ দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় আমরা অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে এসে দাঁড়িয়েছি। এ সময় পল্লবী থানা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। গত ১৯ ফেব্রুয়ারি পল্লবী থানাধীন মির

৭-এর পাতায় দেখুন

এলএনজি টার্মিনাল ব্যবহারে নতুন করে চুক্তি হচ্ছে

কক্সবাজার প্রতিনিধি : কক্সবাজারের মহেশখালীতে বিল্ড-ওন-অপারেট অ্যান্ড ট্রান্সফার (বিওওটি) ভিত্তিতে ৬০০ এমএমসিএফ ক্ষমতা সম্পন্ন তৃতীয় ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন করা হচ্ছে। শুরুতে টার্মিনাল ব্যবহারে সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেড (এসওএসসিএল) এর সঙ্গে চুক্তি হলেও তার পরিবর্তে সামিট এলএনজি টার্মিনাল-২ কো. লি. এর সঙ্গে নতুন করে চুক্তি করতে যাচ্ছে পেট্রোবাংলা। এর আগে গত ২০২৩ সালের ৬ ডিসেম্বর তৎকালীন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় প্রকল্পটি সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেড কর্তৃক বাস্তবায়নের প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়েছিল। চুক্তি অনুযায়ী এলএনজি টার্মিনাল ব্যবহারের জন্য টার্মিনাল কোম্পানিকে রি-গ্যাস চার্জ বাবদ প্রতিদিন ৩ লাখ মার্কিন ডলার বা বাংলাদেশি মুদ্রায় ৩ কোটি ৩১ লাখ ৫০ হাজার টাকা (ট্যাক্স ভ্যাট বাদে) দিতে হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সূত্রে জানা গেছে, দেশের বিদ্যমান ও ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে কক্সবাজারের মহেশখালীতে দৈনিক ৫০০ ও ৬০০ এমএমসিএফডি রি-গ্যাসিফিকেশন ক্ষমতাসম্পন্ন দুটি ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন করা হয়েছে। বঙ্গোপসাগরের আবহাওয়াজনিত চ্যালেঞ্জ বিবেচনায় বিদ্যমান দুটি টার্মিনালে গড়ে মোট ৯৩৫ এমএসিএফডি (৭.১৫ এমটিপিএ-এর সমতুল্য) এলএনজি গ্রহণের সুযোগ রয়েছে। এই টার্মিনাল দুটির মাধ্যমে জি-টু-জি ভিত্তিতে পেট্রোবাংলার সঙ্গে চুক্তির আওতায় রাস লাফফান লিকুইডিফাইড ইন্টারন্যাশনাল কোম্পানি লিমিটেড (কাতারগ্যাস) থেকে ১৫ বছর মেয়াদে বর্তমানে ২.৫ এমটিপিএ এলএনজি এবং ওমান ট্রেডিং ইন্টান্যাশনাল (বর্তমান নাম ওকিউটি) থেকে ১০ বছর মেয়াদে বর্তমানে ১.০ এমটিপিএ এলএনজি মোট ৩.৫ এমটিপিএ এলএনজি আমদানি করা হচ্ছে। সূত্র জানায়, ২০২৬ সাল থেকে এলএনজি আমদানির লক্ষ্যে কাতার এনার্জি ট্রেডিং এলএলসি (কিউইটি) এর সঙ্গে গত ২০২৩ সালের ৩০ মে ১০ বছর মেয়াদে বিদ্যমান চুক্তির অতিরিক্ত ০.২৫ থেকে ১.৫ এমটিপিএ এলএনজি এবং এক্সেলারেট গ্যাস মার্কেটিং লিমিটেড পার্টনারশিপ (ইজিএমএলপি) এর সঙ্গে ২০২৩ সালের ৮ নভেম্বর ১৫ বছর মেয়াদে ০.৮৫ থেকে ১.০ এমটিপিএ এলএনজি আমদানির এলএনজি সেল অ্যান্ড পারচেজ অ্যাগ্রিমেন্ট (এসপিএ) স্বাক্ষরিত হয়। উপরন্তু চাহিদার আলোকে মাস্টার সেল অ্যান্ড পারচেজ অ্যাগ্রিমেন্ট(এমএসপিএ) স্বাক্ষরকারী প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে দর প্রস্তাব আহ্বানের মাধ্যমে স্পট মার্কেট থেকে এলএনজি আমদানি করা হচ্ছে।

এসওএসসিএল মহেশখালীর গভীর সমুদ্রে একটি ভাসমান এলএনজি টার্মিনাল (এফএসআরইউ) নির্মানের আগ্রহ প্রকাশ করে ২০২১ সালের ১১ অক্টোবর একটি প্রস্তাব দাখিল করে। প্রস্তাবটি 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (সংশোধনী ২০২১)'-এর আওতায় প্রক্রিয়াকরণের জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী (প্রধানমন্ত্রী) ২০২১ সালের ৬ ডিসেম্বর

৭-এর পাতায় দেখুন

চুক্তি অনুযায়ী এলএনজি টার্মিনাল ব্যবহারের জন্য টার্মিনাল কোম্পানিকে রি-গ্যাস চার্জ বাবদ প্রতিদিন ৩ লাখ মার্কিন ডলার বা বাংলাদেশি মুদ্রায় ৩ কোটি ৩১ লাখ ৫০ হাজার টাকা (ট্যাক্স ভ্যাট বাদে) দিতে হবে

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণসহ ৩ দাবি গণতান্ত্রিক বাম ঐক্যের

স্টাফ রিপোর্টার : দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ, বিদেশে পাচার করা টাকা ফেরত এনে কলকারখানা গড়ে তোলা ও অর্থ পাচারকারীদের শাস্তি নিশ্চিতের দাবি জানিয়েছে গণতান্ত্রিক বাম ঐক্য। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে এ দাবি জানান দলটির নেতারা। সমাবেশে বক্তারা বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ঊর্ধ্বগতির কারণে কৃষক, শ্রমিক, মেহনতি মানুষের নাভিশ্বাস উঠেছে। এর মধ্যেই সরকার বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানি তেলের দাম বাড়ানোর পাঁয়তারা করছে। ভোটাধিকার হরণকারী এ সরকার ডামি ভোটের মাধ্যমে রাষ্ট্রীয় বাহিনী ও ব্যবসায়ী সিন্ডিকেটের সহযোগিতায় ক্ষমতা ধরে রেখেছে। তাই তারা জনগণ নয়, অসাধু ব্যবসায়ীদের স্বার্থরক্ষা করছে। তারা আরও বলেন, দেশের অর্থ বিদেশে পাচারের ফলে দেশে শিল্পকারখানা স্থাপন হচ্ছে না। ফলে বেকারত্ব বাড়ছে। অবিলম্বে পাচার করা টাকা দেশে এনে পাচারকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনার দাবি জানাচ্ছি। গণতান্ত্রিক বাম ঐক্যের সমন্বয়ক ও সোশ্যাল ডেমোক্রেটিক পার্টির (এসডিপি) আহ্বায়ক আবুল কালাম আজাদের সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন বাংলাদেশের সাম্যবাদী দলের (এমএল) সাধারণ

৭-এর পাতায় দেখুন

সম্পাদক ও প্রকাশক : মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
ফোন : ০৯৬৩৮-৩৬০৭৪৩, ই-মেইল : news.manabikbangladesh@gmail.com, ওয়েবসাইট : www.manabikbangladesh.com.

রফতানির বাজার ছড়িয়ে দেওয়ার

সম্প্রাসারণ ও দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে সরকারের পাশাপাশি ব্যবসায়ী শিল্পপতি ও বিনিয়োগকারীদেরকে এগিয়ে আসতে হবে। পূর্বের যে কোনো সময়ের তুলনায় বৈদেশিক বাণিজ্য এখন অনেক বেশি চ্যালেঞ্জিং, প্রতিযোগিতামূলক এবং জ্ঞান ও নীতিমালাভিত্তিক উল্লেখ করে তিনি বলেন, ব্যবসায়ী নেতৃবৃন্দদের এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নিতে হবে। ব্যবসায়ী নেতাদের উদ্দেশে রাষ্ট্রপ্রধান বলেন, শ্রমিকদের ন্যায্য অধিকার ও পারিশ্রমিক নিশ্চিত করতে হবে। শ্রমিকরাই উৎপাদনমুখী শিল্পের চালিকাশক্তি। কারখানা ও শ্রমিক একে-অপরের পরিপূরক। শ্রমিক ভালো থাকলে কারখানা ভালো থাকবে, তিনি উল্লেখ করেন। রাষ্ট্রপতি বলেন, মনে রাখতে হবে আপনারা শুধু মুনাফার জন্য ব্যবসা পরিচালনা করছেন না। আপনাদের সামাজিক দায়িত্বের বিষয়টিকে গুরুত্বের সাথে দেখতে হবে। তিনি বলেন, তৈরি পোশাক ও বস্ত্র খাতকে আন্তর্জাতিক প্রতিযোগিতায় সক্ষম, শক্তিশালী, নিরাপদ ও যুগোপযোগী করে গড়ে তুলতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। তিনি আন্তর্জাতিক বাজারের চাহিদানুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন নতুন প্রযুক্তিসমূহকে সাদরে গ্রহণ করার ও অনুরোধ করেন। দেশের সমাজ, অর্থনীতি, সংস্কৃতি, শিল্পায়ন ও কর্মসংস্থানে বস্ত্র ও পাট খাতের ভূমিকা অপরিসীম উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা বিবেচনায় বস্ত্র খাতের সম্প্রসারণের লক্ষ্যে নানামুখী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণে বস্ত্র শিল্পের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। দেশের সর্ববৃহৎ শ্রমঘন এই সেক্টরে আধুনিক যন্ত্রপাতি ও তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির মাধ্যমে 'স্মার্ট টেক্সটাইল' সেক্টর গড়ে তোলা সম্ভব। রাষ্ট্রপতি বলেন, বর্তমানে বস্ত্রখাত আমাদের অর্থনীতির প্রধান চালিকাশক্তি হিসেবে শুধু জাতীয় অর্থনীতিকেই সমৃদ্ধ করেনি, একই সঙ্গে নিশ্চিত করেছে অগণিত মানুষের কর্মসংস্থান যার ৮০ শতাংশ মহিলা এবং পরোক্ষভাবে প্রায় এক কোটি মানুষের জীবিকার প্রধান উৎস। তিনি জানান, দেশের মোট রফতানি আয়ের প্রায় ৮৫ শতাংশ বস্ত্র শিল্প থেকে অর্জিত হচ্ছে। গ্রামীণ দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে বস্ত্র খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উন্নত-সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ' গঠনের মাধ্যমে রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বস্ত্র খাত উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে রাষ্ট্রপতি বিশ্বাস করেন। বাংলাদেশের বস্ত্রশিল্পের ইতিহাস সুপ্রাচীন এবং গৌরবময় উল্লেখ করে তিনি বলেন, বর্তমান সরকারের নেয়া সকল কার্যক্রম বাংলাদেশের বিকাশমান বস্ত্রখাতকে আরো সমৃদ্ধ করবে এবং বিদেশি বিনিয়োগকারীদের নিকট আকর্ষণীয় করে তুলবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বস্ত্র ও পাট মন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। অন্যান্যের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মো. আব্দুর রউফ, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) সভাপতি মোহাম্মদ আলী খোকন এবং বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) সহ-সভাপতি মো. শহীদুল্লাহ আযম বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে 'জাতীয় বস্ত্র দিবস ২০২৩' এর একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ১১টি প্রতিষ্ঠান-ব্যবসায়ীকে রাষ্ট্রপতির সম্মাননা স্মারক প্রদান করা হয়। রাষ্ট্রপতি সেখানে একটি ফটোসেশনে অংশ নেন।

রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ

মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২) পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩) নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সঙ্গে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগগুলো জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে।

৪) কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য পণ্য সংরক্ষণাগার নির্মাণে অগ্রাধিকার দিতে হবে।

(৫) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্তম্ভ স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে।

৬) নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিতে হবে। বিদেশি ঋণ/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এছাড়া, চলমান প্রকল্পগুলো বিশেষ করে যেগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।

৭) সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করতে হবে।

৮) সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর কাছে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

৯) সরকারের শূন্য পদগুলোতে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০) নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখতে হবে।

১১) রপ্তানী বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে।

১২) গার্মেন্টস সেক্টরের মতো চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য এবং কৃষিজাত পণ্য বিষয়ক শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৩) শিক্ষাকে কর্মমুখী করার লক্ষ্যে আইসিটি শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিতে হবে।

১৪) যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প সংস্কৃতি চর্চায় উৎসাহ দেওয়ার মাধ্যমে তাদের মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে বিরত রাখতে হবে। ১৫) অগ্নিসন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে।

সাইবার পুলিশ ইউনিট গঠন

দরকার। সে কারণেই আমি মনে করি আমাদের পুলিশ বাহিনী তাদের সততা, পেশাদরিত্ব, নিষ্ঠা, দক্ষতা, নিরপেক্ষতা, ত্যাগ, বীরত্ব ও দেশপ্রেম ও মানবীয় মূল্যবোধ নিয়েই জনগণের সেবা করবেন। পুলিশ বাহিনীকে আমরা সেভাবেই গড়ে তুলছি। ১৯৭৫ সালের ১৫ জানুয়ারি প্রথম পুলিশ সপ্তাহে পুলিশ সদস্যদের উদ্দেশ্যে জাতির পিতা প্রদত্ত ভাষণের উদ্ধৃতি তুলে ধরে প্রধানমন্ত্রী তাদের জনগণের প্রতি ভালবাসা নিয়ে আরও একনিষ্ঠ হয়ে দায়িত্ব পালনের আহবান জানান। জাতির পিতা বলেছিলেন, তোমরা স্বাধীন দেশের পুলিশ। তোমরা ইংরেজের পুলিশ নও। তোমরা পাকিস্তানি শোষকদের পুলিশ নও। তোমরা জনগণের পুলিশ। তোমাদের কর্তব্য জনগণকে সেবা করা। বাংলার মানুষ চায় তারা শান্তিতে ঘুমাক। তোমাদের কাছ থেকে আশা করে যে, চোর, বদমাশ, গুন্ডা, দুর্নীতিবাজ তাদের ওপর অত্যাচার না করে। তোমাদের কর্তব্য অনেক বেশি। শেখ হাসিনা বলেন, জাতির পিতার ভাষণের এই মর্মবাণী ধারণ করে বাংলাদেশ পুলিশের প্রতিটি সদস্য গভীর দেশপ্রেম ও মানুষের প্রতি ভালোবাসা নিয়ে কাজ করে যাবে, এই আমার প্রত্যাশা। প্রধানমন্ত্রী খোলা জিপে চড়ে বাংলাদেশ পুলিশের কুচকাওয়াজ পরিদর্শন এবং সালাম গ্রহণ করেন। পুলিশ সপ্তাহ উপলক্ষে বিভিন্ন পুলিশ বাহিনী বর্ণাঢ্য কুচকাওয়াজ করেছে। প্রধানমন্ত্রী সাহসী কাজের স্বীকৃতিস্বরূপ ৩৫ পুলিশ সদস্যকে বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম-বীরত্ব) এবং ৬০ জনকে রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম-বীরত্ব) প্রদান করেন। এছাড়া ৯৫ জন পুলিশ সদস্য বিপিএম সেবা পদক এবং ২১০ জন পিপিএম সেবা পদক পেয়েছেন। এর আগে প্রধানমন্ত্রী অনুষ্ঠানস্থলে পৌঁছালে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. মোস্তাফিজুর রহমান এবং পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল মামুন তাঁকে স্বাগত জানান। এ সময় মন্ত্রিপরিষদ সদস্য, সংসদ সদস্য ও উর্ধ্বতন সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। প্রধানমন্ত্রী বলেন, আমাদের দেশে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয় এবং সেই সময় যেমন পুলিশ জনগণের পাশে থাকে। আবার কোভিড-১৯ অতিমারীর সময়ও পুলিশ বাহিনী বিশেষ ভূমিকা রেখেছে। '৩৩৩' নম্বরে ফোন করলে রাত-বিরাতে তারা মানুষের বাড়িতে খাবার পৌঁছে দিয়েছে। এমনকি '৯৯৯' নম্বরে ফোন করলে পুলিশ মানুষের পাশে দাঁড়ায়। তাদেরকে সহযোগিতা করে। আমরা সব সময় চেয়েছি পুলিশ বাহিনীকে সেবাবেই গড়ে তুলতে। কিন্তু আমাদের দুর্ভাগ্য এই বাংলাদেশে আমরা দেখেছি সেই ২০১৩, '১৪, '১৫ সাল অথবা এই '২৩ সালের ২৮ অক্টোবর কিভাবে অগ্নিসন্ত্রাস করে জাতীয় সম্পদগুলো নষ্ট করা এবং যানবাহনসহ বিভিন্ন অফিসে অগ্নিসংযোগ করা হলো। চলন্ত বাস ও ট্রেনে আগুন দিয়ে মানুষ হত্যা করা হয়েছে। তারা (জামাত-বিএনপি) যে শুধু এ ধরনের ঘটনা ঘটিয়েছে তাই নয়, পুলিশ যখন বাধা দিতে গেছে পুলিশের ওপর হামলা করেছে। নির্মমভাবে পিটিয়ে নিরীহ পুলিশ সদস্যকে হত্যা করেছে। এমনকি রাজারবাগে ঢুকে ককটেল মারা, হাসপাতালে আক্রমণ করা, অ্যাম্বুলেন্স ও গাড়ি পুড়িয়ে ফেলাসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকা- ওই জামাত-বিএনপির সন্ত্রাসীরা করেছে, তাদের নেতারা করেছে। তবে, আমাদের পুলিশবাহিনী অত্যন্ত ধৈর্যের সঙ্গে এ অবস্থার মোকাবিলা করেছে। সেজন্য আমি পুলিশ বাহিনীর সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ জানাই। তিনি বলেন, জনগণের জানমাল ও শান্তি রক্ষায় পুলিশ সদস্যরা তাদের জীবন দিয়ে চেষ্টা চালিয়ে গিয়েছেন এবং এই ধ্বংসাত্মক কার্যক্রম রুখে দিয়েছেন। জাতিসংঘে আন্তর্জাতিক শান্তি রক্ষায় পুলিশ বাহি-নীর সদস্যরা সাফল্যের সঙ্গে কাজ করে যাচ্ছেন উল্লেখ করে তিনি শান্তি রক্ষায় আন্তর্জাতিক পর্যায়ে কাজ করতে গিয়েও যেসব পুলিশ সদস্য জীবন দিয়েছেন তাদের আত্মার মাগফিরাত কামনা করেন। 'তাঁর সরকারের প্রচেষ্টা এবং পদক্ষেপ গ্রহণের ফলে আজকে পুলিশবাহিনী অনেক বেশি দক্ষ' উল্লেখ করে সরকার প্রধান বলেন, প্রতিনিয়ত আমরা যখন নতুন ধরনের সন্ত্রাস জঙ্গিবাদ বা সাইবার ক্রাইমসহ বিভিন্ন কিছু দেখছি তার জন্য পুলিশকেও বহুমুখী প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত করে উপযুক্ত পুলিশবাহিনী হিসেবে গড়ে তোলার বিভিন্ন পদক্ষেপ আমরা নিয়েছি। যেমন ২০০১ সালে জঙ্গিবাদ ও সন্ত্রাসের ব্যাপক উত্থানে জনজীবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছিল। আমরা ২০০৯ সালে সরকারে আসার পর জঙ্গিবাদ ও সন্ত্রাস নির্মূলে এন্টি টেরোরিজম পুলিশ ইউনিট (এটিইউ) এবং কাউন্টার টেরোরিজম এণ্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি) গঠন করেছি। তিনি বলেন, তাঁর সরকার অপরাধ নিয়ন্ত্রণ ও দমনে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), হাইওয়ে পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ট্যুরিস্ট পুলিশ, নৌ পুলিশ, এন্টি টেররিজম ইউনিট, স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রটেকশন ব্যাটালিয়ন, এমআরটি পুলিশ গঠন করা করেছে। পাশাপাশি, রোহিঙ্গা ক্যাম্পগুলোর নিরাপত্তায় আর্মড পুলিশের ২টি এবং র‌্যাবের ১টি ব্যাটালিয়ন মোতায়েন করা হয়েছে। যাতে দ্রুত তদন্তের কাজ শেষ হয় এবং মানুষ ন্যায় বিচার পায় সেজন্য বাংলাদেশ পুলিশে ইতোমধ্যে ডিএনএ ল্যাব, আধুনিক ফরেনসিক ল্যাব, অটোমেটেড ফিঙ্গার প্রিন্ট আইডেন্টিফিকেশন সিস্টেম (এএফআইএস) এবং আধুনিক রাসায়নিক পরীক্ষাগার স্থাপন করা হয়েছে। কয়েকটি বিভাগীয় শহরে এই সকল ল্যাবের কার্যক্রম চলমান রয়েছে, বলেন তিনি। প্রধানমন্ত্রী পুলিশের উন্নয়নের চিত্র তুলে ধরতে গিয়ে আরও বলেন, সাইবার অপরাধ এবং এর সাথে যুক্ত ফাইন্যানসিয়াল ক্রাইম, মানি লন্ডারিং ইত্যাদি অপরাধসমূহ মোকাবিলায় 'সাইবার পুলিশ সেন্টার স্থাপন' করা হয়েছে। এছাড়া, ডিএমপির সিটিটিসি-সহ পুলিশের অন্যান্য ইউনিটও সাইবার অপরাধ দমনে কাজ করছে। পুলিশে একটি পূর্ণাঙ্গ সাইবার পুলিশ ইউনিট স্থাপনের পরিকল্পনাও আমাদের রয়েছে। ১০ তলা ভবন করে রাজারবাগে পুলিশ হাসপাতালকে আধুনিকায়ন করা হয়েছে। পুলিশের জন্য উল্লেখযোগ্য সংখ্যক যানবাহন সরবরাহ, পুলিশে একটি পূর্ণাঙ্গ এভিয়েশন ইউনিট গঠনের চলমান প্রক্রিয়ায় অংশ হিসেবে শিগগিরই দু'টি হেলিকপ্টার যুক্ত করা, বিভিন্ন অনলাইন ভিত্তিক সেবা ও মোবাইল অ্যাপস্ প্রবর্তন, অনলাইন জিডি, ই-ট্রাফিক প্রসিকিউশন এবং পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেটের জন্য ই-সার্ভিস চালু করা হয়েছে। তিনি বলেন, পুলিশ কল্যাণ ট্রাস্টের অধীনে পরিচালিত কমিউনিটি ব্যাংকের মাধ্যমে পুলিশ ও সাধারণ জনগণ আধুনিক ব্যাংকিং সুবিধা পাচ্ছেন এবং পুলিশে শতভাগ রেশন চালু করা এবং অবসরপ্রাপ্ত সকল পুলিশ সদস্যের আজীবন রেশন প্রাপ্তির ব্যবস্থা করা হয়েছে। শেখ হাসিনা বলেন, আমাদের এসকল সময়োচিত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের ফলে পুলিশ বাহিনী আজ একটি আধুনিক, যুগোপযোগী, দক্ষ, গতিশীল ও জনবান্ধব বাহিনী হিসেবে গড়ে উঠেছে। প্রধানমন্ত্রী বলেন, আমরা চাই আমাদের পুলিশ বাহিনী আরো দক্ষ, পেশাদার, যুগোপযোগী ও আন্তর্জাতিক মানের একটি স্মার্ট সংস্থা হিসেবে গড়ে উঠবে। সেদিকে লক্ষ্য রেখে আমরা বিভিন্ন পদক্ষেপ নিচ্ছি। আর সেই কারণেই আপনাদের প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট অত্যন্ত জরুরি এবং সে ব্যাপারেও আমরা যথাযথ ব্যবস্থা নেব। তিনি বলেন, আজকে আমি একটা কথাই বলতে চাই যে ১৫ বছর আগের বাংলাদেশ আর আজকের বাংলাদেশ এক নয়। আজকের বাংলাদেশ বদলে যাওয়া বাংলাদেশ। আমরা আধুনিক প্রযুক্তি জ্ঞান সম্পন্ন উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবো। প্রতিটি মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা আমরা করব। এটাই আমাদের লক্ষ্য, আর সেই লক্ষ্য নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। তিনি এ সময় দেশের প্রতি ইঞ্চি অনাবাদি জমিকে চাষের আওতায় আনার মাধ্যমে সার্বিক উৎপাদন বাড়ানোয় দেশবাসীর প্রতি তার আহ্বান পুনর্ব্যক্ত করেন। তিনি আশা প্রকাশ করেন, বাংলাদেশের এই অগ্রযাত্রায় পুলিশ সদস্যরা নিজ নিজ অবস্থান থেকে বিশেষ অবদান রাখবেন। ইনশাআল্লাহ, স্বাধীনতার সুফল বাংলাদেশের মানুষের প্রতিটি ঘরে আমরা পৌঁছে দেবো, বলেন তিনি।

রমজানের মধ্যেই উপজেলা নির্বাচনের

পাঠানো হবে। ৯ মার্চ স্থানীয় সরকারের নির্বাচনের প্রস্তুতি নিয়ে তিনি বলেন, ২৩৩ নির্বাচন হলেও বড় নির্বাচন মাত্রা কয়েকটা। সেগুলোতে আচরণ বিধি যথাযথ পালনের জন্য অতিরিক্ত ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হচ্ছে স্থানীয় প্রশাসনের চাহিদা অনুযায়ী।

বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ১৫

জারি করে। ওই প্রজ্ঞাপনে বলা হয়, 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং অপরাপর বিশ্ববিদ্যালয় যারা পাবলিক বিশ্ববিদ্যালয় নয়, তাদের উদ্বৃত আয়ের ওপর ১৫ শতাংশ হারে আয়কর পুনর্নির্ধারণ করা হলো। ১ জুলাই থেকে এটা কার্যকর হবে।'২০১০ সালের ১ জুলাই এনবিআরের আরেক প্রজ্ঞাপনে বলা হয়, 'পাবলিক বিশ্ববিদ্যালয় ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা শুধু তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজের উদ্বৃত আয়ের ওপর প্রদেয় আয়করের হার হ্রাস করে ১৫ শতাংশ নির্ধারণ করা হলো।' এরপর বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ৪৬টি রিট করা হয়েছিল।

অবসরে গেলেন বিচারপতি বোরহান

সাংঘর্ষিক কিনা তা দেখার ক্ষমতা বিচার বিভাগের এবং এই কারণেই বিচার বিভাগের স্বাধীনতা অপরিহার্য। আইনের শাসন সম্পর্কে বিচারপতি বোরহান উদ্দিন বলেন, সুশাসন এবং আইনের শাসন সমার্থক। সুশাসন তথা আইনের শাসন নিশ্চিত করে বিচার বিভাগের স্বাধীনতা। একই সঙ্গে একথাও অত্যন্ত ঠিক যে, বিচারিক স্বাধীনতা অনেকাংশে নিশ্চিত করে বিচারকের অন্তরের স্বাধীনতা। স্বাধীনভাবে বিচারকার্য পালনের জন্য বিচারককে মন এবং মননে স্বাধীন হতে হবে এবং এই কারণে বিচারককে নিজেদের স্বাতন্ত্র্য বজায় রাখতে হবে। তিনি আরও বলেন, আমার এই ছোট দেশটাকে আমি বড় ভালোবাসি। এই দেশের দরিদ্র মানুষগুলো আমারই স্বজন। তাদের প্রত্যেকের জীবনে সুখ আসুক, স্বাচ্ছন্দ্য আসুক। এদেশের প্রতিটি ছেলে-মেয়ে শিক্ষার আলো পাক, প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে উঠুক, জ্ঞান বিজ্ঞানে আলোকিত মানুষ হোক - এ আমার সারা জীবনের চাওয়া। দেশের সম্পদ লুণ্ঠনকারীদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা নিলে খেটে খাওয়া মানুষ বাঁচার পথ করে নিতে পারে। বিচারপতি বোরহান উদ্দিন ১৯৫৭ সালের ২৮ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি ডিগ্রি অর্জন করেন। ১৯৮৫ সালের ৩ মার্চ অধস্তন আদালত, ১৯৮৮ সালের ১৬ জুন হাইকোর্ট বিভাগ এবং ২০০২ সালের ২৭ নভেম্বর আপিল বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্ত হন তিনি। পরবর্তীতে ২০০৮ সালের ১৬ নভেম্বর বিচারপতি বোরহ-ান উদ্দিন হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারক হিসেবে নিয়োগ পান। দুই বছর পর ২০১০ সালের ১১ নভেম্বর হাইকোর্ট বিভাগের স্থায়ী বিচারক হন বিচারপতি বোরহান উদ্দিন। ২০২২ সালের ৯ জানুয়ারি বিচারপতি বোরহান উদ্দিনকে আপিল বিভাগের বিচারপতি হিসেবে নিয়োগ দেওয়া হয়।

অর্থনীতির সংকটে দ্রব্যমূল্য বাড়া

সে দ্রব্যমূল্য বাংলাদেশের একার নয়। সারা দুনিয়াতে জিনিসপত্রের দাম বাড়ছে। পৃথিবীর একটা দেশ দেখান যেখানে দ্রব্যমূল্য স্বাভাবিক অবস্থায় আছে। তবে আমাদের জনগণের ক্রয়ক্ষমতা এখনো আছে। আমরা আশা করি সামনের রমজানেও জিনিসপত্র এভেইলেবল থাকবে।"এ সময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এসএম কামাল হোসেন, সুজিত রায় নন্দী, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুস সবুর, সংস্কৃতিবিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল, শিক্ষা ও মানবসম্পদবিষয়ক সম্পাদক শামসুন্নাহার চাপা, উপ-প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল আউয়াল শামীম, উপ-দপ্তর সম্পাদক সায়েম খান প্রমুখ।

ঢাকা বারের নির্বাচনের ২ দিনব্যাপী

নিয়মিত প্রচার ও উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে আদালত পাড়ায়। প্রার্থীরা ভোটারদের চেম্বারে গিয়ে এবং মোবাইলে কল ও এসএমএস করে ভোট প্রার্থনা করছেন। প্রধান নির্বাচন কমিশনার মোখলেছুর রহমান বাদল জানান, এবার মোট ভোটার প্রায় ২১ হাজার ৮শ' ৩০ জন। সুশৃঙ্খল সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে আমরা বদ্বপরিকর। ভোটারদের বারের আইডি কার্ড দেখিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে হবে। সাদা প্যানেলে সভাপতি পদে বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট আবদুর রহমান হাওলাদার ও সাধারণ সম্পাদক পদে মো. আনোয়ার শাহাদাত শাওন প্রতিদ্বন্দ্বিতা করছেন। অপরদিকে নীল প্যানেলে সভাপতি পদে খোরশেদ মিয়া আলম ও সাধারণ সম্পাদক পদে সৈয়দ নজরুল ইসলাম প্রতিদ্বন্দ্বিতা করছেন।

সম্পর্ক জোরদার, বিনিয়োগ বৃদ্ধিসহ

রিয়ার অ্যাডমিরাল এইলিন লাউবেখার, উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী আফরিন আক্তার ও ইউএসএআইডির সহকারী প্রশাসক মাইকেল শিফার। ঢাকা সফরকালে মার্কিন প্রতিনিধিদল পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, বৈঠকে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার বিষয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমানের সঙ্গে প্রতিনিধিদল বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক বিনিয়োগ বাড়াতে আগ্রহ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র। ঢাকা সফরকালে মার্কিন প্রতিনিধিদল বিএনপির শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন- বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ। বৈঠকের বিষয়ে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বলা হয়েছে- বিএনপির মহাসচিবের সঙ্গে বৈঠকে বাংলাদেশের বর্তমান রাজনৈতিক দৃশ্যপট ও কারাগারে থাকা বিরোধীদলের হাজার হাজার কর্মীর বিষয়ে আলোচনা হয়েছে। আগামী দিনে এ সম্পৃক্ততা চলমান থাকবে। ঢাকা সফরকালে সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গেও বৈঠক করেন মার্কিন প্রতিনিধিদল। মার্কিন ডেপুটি চিফ অব মিশন হেলেন লাফেভের বাসভবনে ওই বৈঠক হয়। বৈঠকে অংশ নেন- অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্য, সাংবাদিক জিল্লুর রহমান, অধিকারের সম্পাদক আদিলুর রহমান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক ড. আমেনা মহসিন, মানবাধিকারকর্মী শিরিন হক প্রমুখ। বৈঠকে বাংলাদেশের গণতন্ত্র ও মানবাধিকার ইস্যু নিয়ে আলোচনা হয়। মার্কিন প্রতিনিধিদল পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সঙ্গে বৈঠক করেন। বৈঠকে জলবায়ু সংকট মোকাবিলায় একযোগে কাজ করার বিষয়ে জোর দেন। মার্কিন প্রতিনিধিদল শ্রমিক নেতাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশের শ্রমিকদের অধিকার নিয়ে আলোচনা করেছেন। মার্কিন প্রতিনিধিদলের সফরের বিষয়ে ঢাকার মার্কিন দূতাবাস থেকে জানানো হয়েছিল- ইন্দো-প্যাসিফিক অঞ্চলে পারস্পরিক স্বার্থের অগ্রগতির জন্য কূটনৈতিক সম্পর্ক জোরদার, চ্যালেঞ্জ মোকাবিলা এবং অভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে প্রতিনিধিদল আলোচনা করবেন। মুক্ত ইন্দো-প্যাসিফিকের জন্য অভিন্ন দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নেওয়া, মানবাধিকারকে সমর্থন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, আন্তর্জাতিক হুমকির বিরুদ্ধে আঞ্চলিক সহনশীলতার শক্তিকে এগিয়ে নিতে এবং অর্থনৈতিক সংস্কারের প্রচারে যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে অংশীদারত্বে প্রতিশ্রুতিবদ্ধ।

হার্টের রিংয়ের দাম বাড়ানো হয়নি

আছে। কাজেই স্ট্যান্টের দাম আগে যেটা ছিল, সেটাই থাকবে। প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে সমন্বয় করে এই দাম নির্ধারণ হয়েছিল। আমি মনে করিড় এতে সরবরাহকারী ও ভোক্তা দুই পক্ষই এতে লাভবান হবে।

মূল্যস্ফীতিতে দিশেহারা ভোক্তা!

করে, যা গত বছরের তুলনায় ০.০৩ শতাংশ বেশি। কনজ্যুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) বলছে গত ২৫ বছরে রাজধানীতে বাড়িভাড়া বেড়েছে প্রায় ৪০০ শতাংশ। একই সময়ে নিত্যপণ্যের দাম বেড়েছে ২০০ শতাংশ। অর্থাৎ এ সময়ে নিত্যপণ্যের দামের তুলনায় বাড়িভাড়া বৃদ্ধির হার দ্বিগুণ। ডলার সংকট ও বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে চাপে পড়েছে দেশের অর্থনীতি। নিত্যপণ্যে অস্বাভাবিক দাম ও বাড়ীভাড়া বৃদ্ধি কারণে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না বলে মনে করেন অর্থনীতিবিদরা। তাদের মতে, আমাদের মূল্যস্ফীতি অনেক বেড়েছে, এটা কমানো দরকার। ডলার সরবরাহ বাড়লে কাঙ্ক্ষিত পণ্য আমদানি করা সহজ হবে। পাশাপাশি উৎপাদন বৃদ্ধি এবং বাজার মনিটরিং ও জোরদার করতে হবে। নাগরিকদের উপর আর্থিক বোঝা কমাতে মূল্যস্ফীতি ৮ শতাংশের নিচে নামিয়ে আনতে হবে বলেও মনে করেন তারা। অন্যদিকে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে মনে করছে বিশ্ব ব্যাংক। এ ব্যাপারে বাংলাদেশে সফরে এসে বিশ্বব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (অপারেশনস) অ্যানা বেজার্ড বলেছেন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ। এটি নিয়ন্ত্রণ সরকারের উদ্যোগে সহায়তা অব্যাহত রাখার আশ্বাসও জানান তিনি। তবে এ ব্যাপারে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, রাতারাতি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ সম্ভব হবে না। এটা নিয়ে কাজ চলছে, এজন্য আমাদের অপেক্ষা করতে হবে। আল্টিমেটলি এ ক্রাইসিসটা তো ম্যানেজ করতে হবে।

২৩ দিন পর খুলছে ঘুমধুম সীমান্তের

সীমান্তরক্ষী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সংঘর্ষ শুরু হয়। দুই থেকে তিনদিন লড়াইয়ের পর বিজিপিকে হটিয়ে তুমব্রু রাইট ক্যাম্প ও ঢেঁকিবনিয়া সীমান্ত চৌকি দখলে নেয় বিদ্রোহীরা। এরপর সংঘর্ষ ছড়িয়ে পড়ে উখিয়া ও টেকনাফের দিকে। উখিয়া উপজেলার পালংখালী ইউনিয়নের (ইউপি) চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী জানান, তার ইউনিয়নের সীমান্ত পরিস্থিতি ৮ থেকে ১০ দিন শান্ত ছিল। গত গত সোমবার গুলির শব্দ শোনা গেছে। তবে পরিস্থিতি অনেকটা স্বাভাবিক। একই পরিস্থিতি জানিয়ে হোয়াইক্যং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নূর আহমদ আনোয়ারী জানান, কয়েকদিন সীমান্ত পরিস্থিতি ভালো ছিল। এখন মর্টার শেল ও গোলাগুলির শব্দ শোনা যাচ্ছে। টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আদনান চৌধুরী জানান, মিয়ানমারের অভ্যন্তরে সংঘাতের কারণে এপারে মাঝে মধ্যে গোলাগুলি ও বিকট শব্দ শোনা যাচ্ছে। সংঘাতময় পরিস্থিতির কারণে বিজিবি, কোস্টগার্ড ও পুলিশের টহল বাড়ানো হয়েছে। টেকনাফ-২ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. মহিউদ্দিন আহমেদ সাংবাদিকদের জানান, মিয়ানমার পরিস্থিতি পর্যবেক্ষণের পাশাপাশি রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বিজিবি সদস্যদের তৎপর রাখা হয়েছে। ইতোমধ্যে অনুপ্রবেশকালে তিন দফায় ৭৯ জন রোহিঙ্গাকে আটক করে পুনরায় মিয়ানমারে ফেরত পাঠানো হয়েছে। গত ৫ ফেব্রুয়ারি মিয়ানমার থেকে ছোঁড়া মর্টার শেল এসে পড়ে নাইক্ষ্যংছড়ি উপজেলার জলপাইতলী গ্রামে। এতে একজন বাংলাদেশি নারী ও একজন রোহিঙ্গা পুরুষ নিহত হন। ওইদিন নিরাপত্তা বিবেচনা করে নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের সীমান্ত এলাকার বাইশপারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাজাবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিমকুল তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দক্ষিণ ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয় সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়। বান্দরবানের জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন জানান, সীমান্তের পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসায় বুধবার থেকে পাঁচটি প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়া হচ্ছে।

ফের বাড়ছে বিদ্যুতের দাম

বিদ্যুৎ ব্যবহার করেন, বাসায় দুই থেকে ৩টি এসি ব্যবহার করে, তাদের বিল ৭০ পয়সার মতো বাড়তে পারে। তাদের মাসের বিল ৪০০ থেকে ৫০০ টাকা বেড়ে গেলে কোন সমস্যা হবে না। সরকার ভর্তুকি থেকে বের হয়ে আসতে চাইছে। এখন রাজস্ব থেকে ভর্তুকি দিচ্ছে এটি খুবই ব্যববহুল। প্রতিমন্ত্রী বলেন, এখনও কয়লা থেকে পাওয়া বিদ্যুতের দাম সবচেয়ে কম। পরমাণু বিদ্যুতের দাম সাড়ে ৫ টাকার মতো পড়বে। ফার্নেস অয়েলে ১৪ থেকে ২০ টাকার মতো পড়ছে। যে কারণে কয়লার ওপর নির্ভর করতে হচ্ছে। যেভাবে হোক কয়লা সরবরাহ চেইন ঠিক রাখতে হবে। তাদের বিল পেমেন্ট দিতে হবে, যাতে কয়লা আমদানি ও সরবরাহে কোন সংকট না হয়। তিনি আরও বলেন, সবচেয়ে বেশি সমস্যা হয়েছে ডলারের দর বেড়ে যাওয়ায়। তেল-গ্যাস ও কয়লার আন্তর্জাতিক বাজারদর ক্ষেত্র বিশেষে একই থাকলেও আগের চেয়ে ডলার প্রতি ৪০ টাকার বেশি খরচ হচ্ছে। এখানেই বিশাল গ্যাপ তৈরি হয়েছে। আমরা ধরে নিচ্ছি আগামী ৩ বছর ডলারের দাম ১১০ টাকা থাকবে, সেভাবে প্রাক্কলন করা হয়েছে। তিনি বলেন, বিদ্যুৎ উৎপাদনে দৈনিক ২ হাজার মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হলে বিদ্যুতের গড় উৎপাদন খরচ অর্ধেকে নেমে আসতো। যে কারণে বিদ্যুৎ ও সার উৎপাদনে ৭০ পয়সার মতো বাড়িয়ে গ্যাস সরবরাহ বাড়ানো হবে। সর্বশেষ ২০২৩ সালের ৩০ জানুয়ারি গ্রাহক পর্যায়ে নির্বাহী আদেশে বিদ্যুতের দাম বাড়ানো হয়। তার ৩ সপ্তাহ আগে ১২ জানুয়ারি গড়ে ৫ শতাংশ বাড়িয়ে গেজেট প্রকাশ করা হয়। ২০০৫ সালে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন গঠনের পর থেকেই বিদ্যুতের দাম নির্ধারণ করে আসছিল সংস্থাটি। ২০২২ সালের ২১ নভেম্বর বিদ্যুতের পাইকারি দাম ইউনিট প্রতি ১৯.৯২ শতাংশ বাড়িয়ে ৬.২০ টাকা নির্ধারণ করে দেয়। তারপরেই গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোর আবেদন করে বিতরণ কোম্পানিগুলো।

কোম্পানি পর্যায়ে আয়কর রিটার্ন

জনবান্ধব করতে অতি সম্প্রতি নতুন আয়কর আইন-২০২৩ প্রণয়ন করা হয়েছে। প্রণীত আয়কর আইন-২০২৩ সম্পর্কে ব্যবসায়ীদের মধ্যে পরিপূর্ণ ধারণা এখনও তৈরি হয়নি। এছাড়া বৈশ্বিক প্রতিকূল পরিস্থিতি, মূল্যস্ফীতি, ডলার সংকট ও আসন্ন রমজান উপলক্ষে ব্যবসায়ীরা নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের আমদানি-রপ্তানি নিয়ে ব্যস্ত থাকায় অডিট কার্যক্রমের জন্য প্রয়োজনীয় কাগজ ও দলিলপত্রাদি প্রস্তুত করতে বিলম্ব হচ্ছে। তাছাড়া অডিট ফার্ম কর্তৃক ডিভিসি কোড (ডকুমেন্টস ভেরিফিকেশন কোড) প্রাপ্তিতে দীর্ঘ সময়ের প্রয়োজন হওয়ায় কোম্পানিগুলো অডিট রিপোর্ট পেতে দীর্ঘ সময়ের প্রয়োজন হচ্ছে। এফবিসিসিআইয়ের সদস্য বিভিন্ন সংগঠন থেকে অনুরোধ জানানোর পরিপ্রেক্ষিতে কোম্পানির রিটার্ন দাখিলের ক্ষেত্রে আরও দুই মাস সময়ের প্রয়োজন।

এফবিসিসিআই'র চাওয়া অনুযায়ী কোম্পানি পর্যায়ে আয়কর রিটার্ন দাখিলের সময় দুই মাস বাড়ালো জাতীয় রাজস্ব বোর্ড।

অর্থনৈতিক সমস্যা রাতারাতি

কাজ শুরু করেছে বলেও জানান এ এইচ মাহমুদ আলী ।

রাজশাহীতে বিদেশি পিস্তলসহ অস্ত্র কারবারি আটক

স্টাফ রিপোর্টার : রাজশাহীর বাঘা উপজেলায় অভিযান চালিয়ে আজিবুল নামে এক অস্ত্র কারবারিকে আটক করেছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। গত সোমবার রাতে র‌্যাব-৫ এর একটি দল উপজেলার হেলালপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে। গতকাল মঙ্গলবার দুপুরে র‌্যাব-৫ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মুনীম ফেরদৌস এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, অস্ত্রসহ এক ব্যক্তির অবস্থানের গোপন খবর পেয়ে র‌্যাব সদস্যরা অভিযান পরিচালনা করে। এ সময় র‌্যাব সদস্যদের উপস্থিতি টের পেয়ে আজিবুল পালানোর চেষ্টা করলে র‌্যাব সদস্যরা তাকে আটক করে। এ সময় তল্লাশি করে তার কাছে আগ্নেয়াস্ত্র পাওয়া যায়। এ ঘটনায় তার নামে অস্ত্র আইনে মামলা হয়েছে।

চট্টগ্রামে যুবকের লাশ উদ্ধার

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম নগরের চাদগাঁও থানাধীন অনন্যা আবাসিক এলাকা থেকে শাওন বড়ুয়া নামে এক যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার সকালের দিকে ওই যুবকের লাশ উদ্ধার করা হয়। নিহত শাওনের বাড়ি সাতকানিয়া উপজেলার গজালিয়া ইউনিয়নে। চাদগাঁও থানার ওসি জাহেদুল কবির বলেন, খবর পেয়ে আমাদের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। ময়নাতদন্তের জন্য লাশ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। আসামিদের শনাক্তে কাজ চলছে।

চাঁদপুরে ১৫ জেলের কারাদণ্ড ৪ জনের জরিমানা

স্টাফ রিপোর্টার : চাঁদপুরের মেঘনা নদীতে নিষিদ্ধ জাল দিয়ে জাটকা ধরার অপরাধে ১৫ জেলেকে কারাদণ্ড এবং চারজনকে ২০ হাজার টাকা জরিমানা করেছেন টাস্কফোর্সের ভ্রাম্যমাণ আদালত। গত সোমবার দিবাগত রাত ১১টায় কোস্টগার্ড চাঁদপুর স্টেশনে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ এহসান উদ্দিন। গতকাল মঙ্গলবার সকালে এসব তথ্য নিশ্চিত করেন অভিযানে অংশগ্রহণকারী চাঁদপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. তানজিমুল ইসলাম। তিনি বলেন, গত সোমবার বিকেল সাড়ে ৩টা থেকে রাত সাড়ে ১০টা পর্যন্ত মেঘনা নদীর মতলব উত্তর উপজেলার আমিরাবাদ এলাকা থেকে শুরু করে সদর উপজেলার মেঘনা মোহনার মিনি কক্সবাজার নামক স্থান পর্যন্ত অভিযান চালানো হয়। অভিযানে আমিরাবাদ এলাকায় জাটকা ধরার সময় ১৯ জেলেকে আটক করা হয়। একই সময় জব্দ করা হয় ২০ হাজার মিটার নিষিদ্ধ কারেন্টজাল। তিনি আরও বলেন, আটক জেলেদের মধ্যে চারজনকে পাঁচ হাজার টাকা করে জরিমানা এবং নয়জনকে সাতদিন করে এবং ছয়জনকে ১৫ দিন করে কারাদণ্ড দেওয়া হয়। অভিযানে ইলিশ প্রকল্প চাঁদপুরের সহকারী মৎস্য কর্মকর্তা মো. মুশফিকুর রহমান, কোস্টগার্ড চাঁদপুর স্টেশনের চিফ পেটি অফিসার মো. শফিকুল ইসলাম, নৌ পুলিশ ও কোস্টগার্ডের সদস্যরা উপস্থিত ছিলেন।

ভোলায় অভিযানেও বন্ধ হচ্ছে না জাটকা নিধন

স্টাফ রিপোর্টার : নিষিদ্ধ জাল দিয়ে ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে দেদারসে শিকার করা হচ্ছে জাটকা। অসাধু জেলে চক্র সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে জাটকা ইলিশ শিকারে চালাচ্ছে মহোৎসব, যা প্রকাশ্যেই বিক্রি হচ্ছে আড়তে। জাটকা রক্ষায় অভিযান চললেও সেই নিষেধাজ্ঞা যেন কিছুতেই মানছেন না জেলেরা। এতে একদিকে যেমন মাছের উৎপাদন ও বৃদ্ধি কমে যাচ্ছে। অন্যদিকে নদীগুলো ইলিশ শূন্য হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। তবে মৎস্য অফিস বলছে, জাটকা সংরক্ষণে তাদের অভিযান চলছে। মেঘনা নদীর বিভিন্ন পয়েন্ট ঘুরে দেখা গেছে, মশারি জালে নদীর চারপাশে বেড় দিয়ে শিকার করা হচ্ছে জাটকা ইলিশ। এ যেন ইলিশ শিকারের এক মহোৎসব। আর সেই মাছ প্রকাশ্যেই হাঁকডাক দিয়ে উপকূলের আড়তে বিক্রি হচ্ছে। সেখান থেকে চলে যাচ্ছে স্থানীয় বাজারে। জাটকা রক্ষায় নেই কঠোর অভিযান বা টহল। ভোলার মেঘনা-তেতুলিয়া নদীতে নির্বিচারে জাটকা শিকারের এমন চিত্র প্রতিদিনের। জানা গেছে, শুধু মশারি জাল নয়। বেহুন্দি, কারেন্ট, চরঘেরা ও ধরা জাল দিয়ে শিকার করা হচ্ছে জাটকা ইলিশ। জেলেরা বলছেন, পেটের দায়ে তারা বাধ্য হয়ে ইলিশ শিকার করছেন। জেলে জসিম, সিরাজ ও ইদ্রিস বলেন, নদীতে সারাদিন জাল বেয়ে বড় মাছ পাওয়া যাচ্ছে না, তাই ছোট মাছ ধরা পড়লেও সেটাই ধরছি। অনেক ধারদেনা পড়ে আছে, বাধ্য হয়েই জাটকা ধরছি। আড়ত ঘুরে দেখা গেছে, জেলেদের আহৃত জাটকা ইলিশ প্রকাশ্যেই বিক্রি হচ্ছে আড়তে। এ বছর ভরা মৌসুমে ইলিশ সংকট থাকায় ভালো সময় যায়নি জেলেদের। আর তাই জাটকা শিকারের বেপরোয়া জেলেরা, বলছেন আড়ৎদাররা। কয়েকজন আড়তদার জানান, সবাই জানে জাটকা ধরা নিষেধ কিন্তু যারা ধরছে এটা অন্যায় জেনে ধরছেন জেলেরা। তবে ভোক্তাদের অভিযোগ, এমন অবস্থা চলতে থাকলে মাছের বংশ বিস্তার ও উৎপাদন কমে ইলিশ শূন্য হয়ে পড়বে নদী। শাহিন ও গিয়াস নামের ক্রেতা বলেন, জাটকা শিকার বন্ধে অভিযান আরও জোড়ালো করা প্রয়োজন। অন্যথায় জেলেরা আরও বেশি বেপরোয়া হয়ে উঠবে। এদিকে জাটকা ইলিশ সংরক্ষণে কঠোর অভিযান চলছে বলে দাবি করেছেন জেলা মৎস্য কর্মকর্তার মো. আবুল কালাম আজাদ। তিনি বলেন, নিষিদ্ধ জাল দিয়ে যাতে জাটকা শিকার না হয় সে জন্য অভিযান চলছে। এরইমধ্যে ২৩০টি অভিযান ও ৭৪টি মোবাইল কোর্টে ২৪ জেলেকে জেল জরিমানা এবং ৫.৭ মেট্রিক টন জাটকা জব্দ করা হয়েছে। উল্লেখ্য, ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গত ১ নভেম্বর থেকে শুরু হওয়া জাটকা কর্মসূচি চলবে পরবর্তী ৮ মাস। তাই ৩০ জুন পর্যন্ত ১০ ইঞ্চির নিচে ইলিশ ধরা, পরিবহন ও বিক্রি নিষিদ্ধ।

চাঁদপুরে ৪৪ কেজি গাঁজাসহ আটক তিন

স্টাফ রিপোর্টার : চাঁদপুরের মতলব উত্তর উপজেলার মেঘনা নদীতে নৌ-পুলিশের নিয়মিত টহলে একটি ট্রলার থেকে ৪৪ কেজি গাঁজাসহ তিন কারবারিকে আটক করা হয়েছে। গতকাল মঙ্গলবার ভোরে মেঘনা নদীর জহিরাবাদ এলাকায় অভিযান পরিচালনা করেন নৌ-পুলিশের এসআই মো. মানিক মিয়া, নায়েক আবু তাহেরসহ একটি চৌকস পুলিশ দল। আটক মাদক কারবারিরা হলেন মনির হোসেন (৩০), মানিক হোসেন (২২) ও মো. কাঞ্চন (৩০)। তাদের সবার বাড়ি শরীয়তপুর জেলার সখিপুর থানায়। এসআই মানিক মিয়া জানান, মেঘনা নদীতে নিয়মিত অভিযান পরিচালনার সময় জহিরাবাদ এলাকায় একটি ট্রলারে তিনজন যাত্রীকে দেখতে পাওয়া যায়। তাদের গতিবিধি সন্দেহজনক মনে হলে স্পিডবোটে করে তাদের গতিরোধ করে তল্লাশি করা হয়। এ সময় তিনটি সাদা বস্তাভর্তি ব্যাগ পাওয়া যায়। বস্তা খুলে এর মধ্যে থাকা ১১টি টেপ মোড়ানো প্যাকেটে ৪৪ কেজি গাঁজা জব্দ করা হয়। এ ঘটনায় ওই তিন ব্যক্তিদের আটকের পাশাপাশি বহনকাজে ব্যবহৃত ট্রলারটি জব্দ করা হয়। মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ি ইনচার্জ মুনিরুজ্জামান বলেন, জব্দ করা গাঁজার মূল্য আনুমানিক ৫ লাখ ২৮ হাজার টাকা। আটকদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন। মামলা দায়েরের পর তাদের চাঁদপুর আদালতে পাঠানো হবে। মাদকের বিষয়ে পুলিশের কোনো আপস নেই উল্লেখ করে তিনি আরও বলেন, নৌ-পথের নিরাপত্তায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

রাজধানীতে মাদকবিরোধী অভিযানে গ্রেপ্তার ২৬

স্টাফ রিপোর্টার : রাজধানীতে মাদকবিরোধী অভিযানে বিক্রি ও সেবনের অভিযোগে ২৬ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। গত সোমবার থেকে গতকাল মঙ্গলবার সকাল ছয়টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) কে. এন. রায় নিয়তি জানান, আসামিদের কাছ থেকে ৭০০টি ইয়াবা ট্যাবলেট, ৩০ কেজি ৬০৮ গ্রাম ৮০ পুরিয়া গাঁজা ও ১২২ গ্রাম হেরোইন জব্দ করা হয়। আসামিদের বিরুদ্ধে ডিএমপির থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২১টি মামলা দায়ের করা হয়েছে বলেও জানান তিনি।

রাজধানীতে আগুনে পুড়ল ৫ স্থাপনা

স্টাফ রিপোর্টার : রাজধানীর উত্তর বাড্ডার শাহজাদপুরে রূপালী টিম্বার অ্যান্ড স-মিলে অগ্নিকাণ্ডের ঘটনায় তিনটি দোকানসহ মোট পাঁচটি স্থাপনা পুড়ে গেছে। ফায়ার সার্ভিস থেকে ৬টি ইউনিট কাজ করে কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন নির্বাপণ করে। গতকাল মঙ্গলবার ফায়ার সার্ভিস সদর দপ্তর থেকে ডিউটি অফিসার রাশেদ বিন খালেদ এই তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, রাত ৩টা ৫৫ মিনিটে শাহজাদপুর মেইনরোডের পাশে রূপালী টিম্বারে আগুনের সংবাদ পাওয়া যায়। পরে ছয়টি ইউনিট ঘটনাস্থলে কাজ করে সকাল ৭টা ৫৫ মিনিটে আগুন নির্বাপণ করে। অগ্নিকাণ্ডের ঘটনায় রুপালী টিম্বার এর পাশাপাশি কাঠ বিক্রির তিনটি দোকান ও একটি অফিস পুড়ে গেছে। অগ্নিকাণ্ডের কারণ তদন্ত সাপেক্ষে জানা যাবে। তবে কোনো হতাহতের সংবাদ পায়নি ফায়ার সার্ভিস।

সিরাজগঞ্জে শরবত খেয়ে শিশুর মৃত্যু পরিবারের আরও ৪ সদস্য অসুস্থ

স্টাফ রিপোর্টার : সিরাজগঞ্জের বেলকুচিতে মেয়াদ উত্তীর্ণ স্যালাইন দিয়ে বানানো 'শরবত' খেয়ে এক শিশুর মৃত্যু হয়েছে। বাকি চারজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে মা পারভিন ও মেয়ে রিয়ার অবস্থা আশঙ্কাজনক। গত সোমবার রাতে বেলকুচি উপজেলার বৈলগাছি গ্রামে এ ঘটনা ঘটে। জানা গেছে, সারাদিন রোজা রেখে ইফতারি করার সময় স্যালাইন পান করে অসুস্থ হয়ে পড়েন তারা। মৃত জিমহা খাতুন বেলকুচি উপজেলার বৈলগাছি গ্রামের কাইয়ুম উদ্দিনের মেয়ে। অসুস্থরা হলেন, কাইয়ুম উদ্দিনের স্ত্রী পারভীন খাতুন, তাদের মেয়ে রিয়া, নুরি ও কাইয়ুম উদ্দিনের ভাতিজি মিথিলা। নিহতের স্বজন ও স্থানীয় সূত্রে জানা যায়, শবে বরাতের পরদিন গত সোমবার সারাদিন রোজা রেখেছিলেন পারভীন খাতুন। সন্ধ্যায় ইফতারের সময় ওরস্যালাইন ও ইস্পি পাউডার দিয়ে বানানো 'শরবত' পান করেন তিনি। এ সময় তার তিন সন্তান জিমহা, রিয়া, নুরি ও ভাতিজি মিথিলাও "শরবত' পান করে। 'শরবত' খাওয়ার পর পরই সবাই অসুস্থ হয়ে পড়ে। পরে তাদের বেলকুচির স্থানীয় একটি ক্লিনিকে নেওয়া হলে চিকিৎসক সিরাজগঞ্জে রেফার্ড করেন। সেখানে নেওয়ার পরে জিমহা মারা যায়। সিরাজগঞ্জ ২৫০ শয্যা বিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. ফয়সাল হোসেন বলেন, সন্ধ্যার পর পাঁচজন রোগী হাসপাতালে আসে।

তাদের বক্তব্য অনুযায়ী খাবার স্যালাইন খেয়েই তারা অসুস্থ হয়ে পড়ে। তাদের মধ্যে জিমহা নামের শিশুটি মারা যায়। বাকি চারজন হাসপাতালে ভর্তি। তাদের উন্নত চিকিৎসার জন্য বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

শরীয়তপুরে আধিপত্য বিস্তারে দু'পক্ষের ককটেল বিস্ফোরণ, আহত ৩

স্টাফ রিপোর্টার : শরীয়তপুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে। এ সময় বেশ কয়েকটি ককটেল বোমা বিস্ফোরিত হয়। এতে দুপক্ষের তিনজন আহত হয়েছেন। গত সোমবার রাতে জাজিরা ও সদর উপজেলা সীমানার মধ্যবর্তী গঙ্গানগর বাজারের চৌরাস্তা এলাকায় এ ঘটনা ঘটে। সংঘর্ষে আহতরা হলেন- হালেম তালুকদার গ্রুপের সদস্য খলিল ঢালী (৬৫) তিনি মূলনা ইউনিয়নের গয়ঘর মোল্লা কান্দি গ্রামের বাসিন্দা এবং ফারুক মাদবর গ্রুপের সোহাগ মাদবর (৪২) ও ফারুক মাদবর।

বিদেশি কূটনীতিকদের দেশের

পর্যন্ত ট্রেন লাইনের পরিকল্পনা করা হয়েছিল ব্রিটিশ আমলে। অর্থাৎ ১৯০০ সালের পরপরই সেটির পরিকল্পনা করা হয়েছিল। কিন্তু দেশ বিভাগ হল, দেশ বিভাগের পর বাংলাদেশ হওয়ার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানও পরিকল্পনা করেছিলেন, কিন্তু তিনিও বাস্তবায়ন করে যেতে পারেননি। কারণ তাকে সাড়ে তিন বছরের মাথায় হত্যা করা হয়েছিল। তিনি বিধ্বস্ত যোগাযোগ ব্যবস্থা পুরোপুরিভাবে পুনর্গঠন করার আগেই তাকে হত্যা করা হয়। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেন, এই জনপদের মানুষ যেই স্বপ্ন ১২৫ বছর আগে দেখেছিলেন, সেই স্বপ্ন বাস্তবায়িত হয়েছে আজকে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা নেতৃত্বে। এটি একটি অসাধারণ কাজ। তাই আজকে আমরা কূটনীতিকদেরকে চট্টগ্রাম থেকে ট্রেনে করে কক্সবাজার নিয়ে যাচ্ছি। পররাষ্ট্রমন্ত্রী নিজেও চট্টগ্রাম থেকে প্রথম ট্রেনে করে কক্সবাজার যাচ্ছেন উল্লেখ করে বলেন, তাদেরকে আনার মূল উদ্দেশ্য হচ্ছে তারা যেন বাংলাদেশকে জানেন এবং চিনেন, আমাদের দেশে যে দীর্ঘতম সমুদ্র সৈকত, এই সমুদ্র সৈকতের খবরটা যেন তাদের মাধ্যমে বিশ্বময় ছড়িয়ে পড়ে। এবং বাংলাদেশের সৌন্দর্য ও উন্নয়ন সম্পর্কে তারা যেন ভালো করে জানতে পারেন, সেজন্যই তাদেরকে আমরা নিয়ে এসেছি। বিদেশী প্রতিনিধিদের সাথে রোহিঙ্গাদের প্রত্যাবাসন বিষয়ে কোন কথাবার্তা হবে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান বলেন, রোহিঙ্গা ইস্যুতে তাদের সাথে তো কথাবার্তা আমাদের সবসময়ই হয়, এবং তারা অনেকেই রোহিঙ্গা ক্যাম্পে গেছেন। এবং এখনো যদি তারা সুযোগ পান রোহিঙ্গা ক্যাম্পে যাবেন। বিদেশি প্রতিনিধিদের এই পরিদর্শনের মাধ্যমে তাদের সাথে বাংলাদেশের সম্পর্ক আরও দৃঢ় হবে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নে পররাষ্ট্রমন্ত্রী বলেন, অবশ্যই তারা বাংলাদেশকে আরো ভালোভাবে জানতে পারবেন, ঢাকার বাইরে চট্টগ্রাম এবং কক্সবাজার সফরে এসেছেন তারা। আজ চট্টগ্রামে কয়েক ঘন্টা কাটালো, কর্ণফুলি নদীর তলদেশ দিয়ে দক্ষিণ এশিয়ায় প্রথম রোড টানেল তারা দেখল। ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলংকাসহ দক্ষিণ এশিয়ার কোথাও নদীর তলদেশ দিয়ে রোড টানেল নেই। সেটি তারা দেখলেন, এপার থেকে ওপারে গিয়ে আবার ফিরে আসলেন। এই যে অসাধারণ উন্নয়ন, যেগুলো আজ থেকে ১৫/২০ বছর আগে মানুষ কল্পনাও করেনি, সেগুলো আজকে বাস্তব। এবং সেই বাস্তবতা আজকে কূটনীতিকরা নিজের চোখে দেখেছেন। ইউরোপীয় ইউনিয়ন, রাশিয়া, চীন, কোরিয়া, ইতালি, ডেনমার্ক, কসভো, পাকিস্তান, ফিলিপাইন, মালয়েশিয়া, থাইল্যান্ড, নেপাল, শ্রীলংকা, ভিয়েতনাম, ভ্যাটিকান, ভুটান, স্পেন, আর্জেন্টিনা, লিবিয়া, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া, মিশর, ফ্রান্স এবং এফএও, আইইউটি, একেডিএন আন্তর্জাতিক সংস্থাগুলোর ২৪ জন মিশন প্রধানসহ ৩৪ জন কূটনীতিক এই আউটরিচ কর্মসূচিতে অংশ নিচ্ছেন।

চিকিৎসকদের আন্তর্জাতিক বৈজ্ঞানিক

শাহেনা আকতার, উপাধ্যক্ষ অধ্যাপক ডা. হাফিজুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. টিপু সুলতান, ডা. আমির হোসেন, চট্টগ্রাম প্রেস ক্লাবের সভাপতি সালাহউদ্দিন রেজা, ডা. রুবি দত্ত, শাইখুজ জব্বার প্রমুখ।

পিলখানা হত্যাকাণ্ডে চলমান মামলার

নেই। বিস্ফোরক মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য নিম্ন আদালতে আবেদন করা হলেও কোনো অগ্রগতি না পেয়ে ও আর্থিক সংকটে মামলাটি উচ্চ আদালতে পরিচালনা করতে না পেরে সরকারের সুদৃষ্টি কামনা করেন পরিবারগুলোর সদস্যরা। পিলখানা হত্যাকাণ্ডের মামলায় পঞ্চগড় জেলার পাঁচ বিডিআর সদস্য ঢাকার কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে রয়েছেন। তারা হলেন-পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার বেংহাড়ি কালিগঞ্জ গ্রামের আবদুস সাত্তারের ছেলে বিডিআর সদস্য আরিফুল ইসলাম, তেঁতুলিয়া উপজেলার হাওয়াজোত শিপাহিপাড়া গ্রামের মৃত আসির উদ্দীনের ছেলে বিডিআর সদস্য বাবুল হোসেন, তেঁতুলিয়া উপজেলার মাঝিপাড়া লোহাকাচী গ্রামের সফিউল ইসলামের ছেলে বিডিআর সদস্য হাসিনুর রহমান, পঞ্চগড় সদরের কাগোজিয়া পাড়া গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে বিডিআরের সুবেদার সপিজ উদ্দীন ও বোদা উপজেলার বোস পাড়া গ্রামের মৃত মনসুর আলীর ছেলে বিডিআর সদস্য আফতাবুর রহমান। এ পাঁচজন তাদের নিজ নিজ পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি। টাকার অভাবে মামলা চালানো সম্ভব হচ্ছে না পরিবারগুলোর পক্ষে। এজন্য তারা মামলার নিষ্পত্তি চেয়ে সরকারের কাছে অনুরোধ করে বলেন, বিগত ১৫ বছর ধরে পরিবারের উপার্জক্ষম ব্যক্তি হারিয়ে আমরা সবাই মানবেতর জীবনযাপন করছি। আদালতে গিয়ে আমরা তাদের জামিন পাচ্ছি না। দুটি মামলার নিষ্পত্তি হলেও একটি এখনো ঝুলে রয়েছে। আমরা সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি, মামলাটি যেন দ্রুত নিষ্পত্তি করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. আবদুল কাদের বলেন, স্মারকলিপি পেয়েছি। স্মারকলিপিগুলো যথাযথ কর্তৃপক্ষের কাছে পাঠানোর ব্যবস্থা করা হবে।

রমজান সামনে রেখে চিনির বাজারে

৩০ কোটি টাকা। কারওয়ান বাজারের খুচরা এবং পাইকারি বিক্রেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, এই বাজারে সাদা চিনির মধ্যে ফ্রেস, ঈগলু, দেশবন্ধু, তীর, ইন্ডিয়ান ও ব্রাজিল চিনি পাওয়া যায়। বিভিন্ন চিনি কোম্পানি ও মিল থেকে সরাসরি চিনি এনে এখানে পাইকারি বিক্রি করে মেসার্স ইব্রাহিম স্টোর, আমিন স্টোর, সোনালী ট্রেডার্সসহ হাফ ডজনের মতো পাইকারি দোকান। দুই দিনের ব্যবধানে এসব দোকানে পাইকারি ৫০ কেজির সাদা চিনির বস্তায় দাম বাড়ে ২৫০ থেকে ৩৫০ টাকা পর্যন্ত। রবিবার কারওয়ান বাজারের এক খুচরা চিনি বিক্রেতা বলেন, 'যে চিনি গত বুধবার ৬ হাজার ৬৫০ টাকায় কিনেছি তা কিনতে হচ্ছে ৭ হাজার টাকায়। এরসঙ্গে আরও লেবার খরচ দোকান ভাড়াসহ আরও কিছু খরচ রয়েছে। যার কারণে আমাদের বাধ্য হয়েই দাম বাড়াতে হয়েছে।' তিনি জানান, চিনিতে খুবই সীমিত লাভ বা অনেকসময় লাভ না করেই বিক্রি করতে হয়। কারণ, না বিক্রি করলে ক্রেতা হারাতে হবে।' সাধারণ ব্যবসায়ীরা বলছেন, সরকারি প্রতিষ্ঠানকে পুঁজি করে একটি চক্র চিনির বাজার অস্থিতিশীল করছে। এদিন নাম না প্রকাশে কারওয়ান বাজারের এক পাইকারি চিনি বিক্রেতা বলেন, 'বর্তমানে চিনির আন্তর্জাতিক বাজার নিম্নমুখী রয়েছে। এখন ছুট করে দাম বাড়ানোর সিদ্ধান্ত কেন নেবে বুঝে আসে না। আবার কেনই বা সিদ্ধান্ত প্রত্যাহার করল। বাজারের বর্তমানে যে অবস্থা আমার মনে হয় না দাম বাড়ার শঙ্কা রয়েছে।' ইব্রাহিম স্টোরের স্বত্বাধিকারী মো. ইব্রাহিম বলেন, 'সরকার বলেছিল এজন্য দাম বাড়ানো হয়। সরকার ২০ টাকা কেজিতে বাড়াতে চাইছিল। এইতো শুনেই সব কোম্পানি দাম বাড়ায় ফেলছে। এসব নিয়ে কথা বললে কোম্পানির কাছে পাত্তা পাওয়া যায় না। তারা বলে নিলে নেন, নাহলে নিয়েন না।' এদিকে রোজার আগে চিনির বাজারের এমন অস্থিরতা আক্ষেপ বাড়াচ্ছে ক্রেতাদের। হতাশা প্রকাশ করে ইসমাইল নামের এক ক্রেতা বলেন, 'আমরা আশা করেছিলাম যে নির্বাচনের পর নতুন প্রতিমন্ত্রী এসেছেন। তিনি বিভিন্ন অ্যাকশন নিচ্ছেন। কাজেই আমরা ভালো ফলাফল পাব। কিন্তু পাচ্ছি না।' এদিকে ডলার সংকট থাকা সত্ত্বেও বিশ্ববাজারে চিনির রেট কম থাকায় পবিত্র রমজান মাস সামনে রেখে রেকর্ড পরিমাণ চিনি আমদানি করেছেন মিল মালিকরা। চলতি অর্থবছরের প্রথম সাত মাসে চট্টগ্রাম বন্দর দিয়ে ১৬ হাজার ৮১৮ কোটি টাকা মূল্যের ২ লাখ ২৪ হাজার মেট্রিক টন চিনি আমদানি হয়েছে। যেখানে গত অর্থবছরের জুলাই থেকে ফেব্রুয়ারি মাসে আমদানি হয়েছে ৯ হাজার ৬১৪ কোটি টাকার ১ লাখ ৭২ হাজার মেট্রিক টন চিনি। কাজেই বাজারে চিনির সংকট না হওয়ার আশা প্রকাশ করে চট্টগ্রাম কাস্টম হাউসের উপকমিশনার কাজী ইরাজ ইশতিয়াক বলেন, 'আমাদের কাছে চিনি আমদানির যে বিল অব এন্ট্রিগুলো পড়ছে বা জাহাজে চিনি আমদানির যে খবর আমরা পাচ্ছি, তাতে মনে হচ্ছে না রমজান মাসে চিনির কোনো সংকট হতে পারে।'

বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ১৫

২৮ জুন জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) একটি প্রজ্ঞাপন জারি করে। ওই প্রজ্ঞাপনে বলা হয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং অপরাপর বিশ্ববিদ্যালয় যারা পাবলিক বিশ্ববিদ্যালয় নয়, তাদের উদ্বৃত্ত আয়ের ওপর ১৫ শতাংশ হারে আয়কর পুনর্নির্ধারণ করা হলো। ১ জুলাই থেকে এটা কার্যকর হবে। ২০১০ সালের ১ জুলাই এনবিআরের আরেক প্রজ্ঞাপনে বলা হয়, পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবল তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ ও উদ্বৃত্ত আয়ের ওপর প্রদেয় আয়করের হার কমিয়ে ১৫ শতাংশ নির্ধারণ করা হলো। পরে এর বৈধতা চ্যালেঞ্জ করে ৪৬টি রিট করা হয়। ৪৬টি রিটের চূড়ান্ত শুনানি শেষে ২০১৬ সালের ৫ সেপ্টেম্বর হাইকোর্ট রায় দেন। রায়ে বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে সরকারের ১৫ শতাংশ হারে, আয়কর আদায়ের দুই প্রজ্ঞাপন অবৈধ ঘোষণা করেন। একইসঙ্গে ওই দুই প্রজ্ঞাপন অনুসারে যে অর্থ আদায় করা হয়েছে, তা ফেরত দিতে এনবিআরকে নির্দেশ দিয়েছিলেন। ওই রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল করে রাষ্ট্রপক্ষ। শুনানি শেষে ২০২১ সালের ৯ ফেব্রুয়ারি লিভ মঞ্জুর (আপিলের অনুমতি দিয়েছেন) করেছেন।

একইসঙ্গে অর্থ ফেরত দেওয়ার হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন। এ আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ১৫ শতাংশ আয়কর নেওয়া থেকে এনবিআরকে বিরত থাকতে বলা হয়। এরপর রাষ্ট্রপক্ষের ৪৪টি আপিলের শুনানি শেষে গতকাল মঙ্গলবার রায় দেন আপিল বিভাগ।

স্মার্ট বাংলাদেশ তৈরিতে দরকার স্মার্ট

পরিচালক আলাউদ্দিন আল আজাদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিবিএসর উপপরিচালক মেহেনাজ তাবাসসুম।

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণসহ ৩

সম্পাদক কমরেড হারুন চৌধুরী, প্রগতিশীল গণতান্ত্রিক দলের (পিডিপি) মহাসচিব হারুন আল রশীদ খান, সমাজতান্ত্রিক মজদুর পার্টির সাধারণ সম্পাদক কমরেড সামছুল আলম প্রমুখ।

এলএনজি টার্মিনাল ব্যবহারে

নীতিগত অনুমোদন দেন। এছাড়া ৩য় ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনের প্রস্তাবটিতে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নীতিগত অনুমোদনের পর টিইউএ ও আইএ-টির ওপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ করা হয়েছে। পরে প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদন নেওয়া হয়েছে।

ঝিলপাড় বস্তির আগুনে ক্ষতিগ্রস্তদের

পুর ১২ নম্বরে ঝিলপাড় বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

গাজায় মৃত্যুর মিছিল থামছেই না

পুরো ফিলিস্তিনের ঐক্য দৃঢ় করতে পারবে। আমার পদত্যাগের মূল কারণ এটাই। ৩০ বছর আগে অসলো শান্তি চুক্তির আওতায় ফিলিস্তিনের সরকার কাঠামো তৈরি হয়েছিল, যার অধীনে ছিল পশ্চিম তীর, গাজা এবং পূর্ব জেরুজালেম। এই তিন অঞ্চল একসময় ফিলিস্তিনের স্বাধীনতাকামী রাজনৈতিক দল ফাতাহ এবং অন্যান্য গোষ্ঠীগুলোর জোট 'প্যালেস্টাইনিয়ান অথরিটির' অধীনে ছিল, কিন্তু ২০০৭ সালে গাজার নিয়ন্ত্রণ হামাসের হাতে চলে যায়।

যৌন নিপীড়নের অভিযোগে ভিকারুননিসার শিক্ষক মুরাদ গ্রেপ্তার

স্টাফ রিপোর্টার : ছাত্রীদের যৌন নিপীড়নের অভিযোগে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর দিবা শাখার সিনিয়র শিক্ষক মোহাম্মদ মুরাদ হোসেন সরকারকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত সোমবার রাত ১২টার দিকে রাজধানীর কলাবাগানের বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পরে আদালতে নেওয়া হলে গতকাল মঙ্গলবার বিকালে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকী-আল-ফারাবীর আদালত মুরাদ হোসেন সরকারের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন। এর আগে, মামলাটির তদন্ত কর্মকর্তা লালবাগ থানার উপপরিদর্শক (এসআই) ফাইয়াজ হোসেন আসামিকে আদালতে হাজির করে সাত দিনের রিমান্ড আবেদন করেন। পরে বিচারক তার দুই দিনের রিমান্ডের আদেশ দেন। এ বিষয়ে এসআই ফাইয়াজ হোসেন জানান, এক তরুণীর দায়ের করা নারী নির্যাতন মামলায় শিক্ষক মুরাদ হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে। যৌন হয়রানির মামলা ও গ্রেপ্তারের পর ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত করেছে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ। অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় এর আগে গত শনিবার মুরাদকে অধ্যক্ষের কার্যালয়ে সংযুক্ত করা হয়। প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কেকা রায় চৌধুরী স্বাক্ষরিত অফিস আদেশে বলা হয়, আপনি মুরাদ হোসেন সরকার ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর দিবা শাখায় সিনিয়র শিক্ষক হিসেবে কর্মরত। আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিকভাবে সত্যতা পাওয়া গেছে। শিক্ষার পরিবেশ স্বাভাবিক রাখার স্বার্থে এবং এ বিষয়ে বিধি মোতাবেক আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে আপনাকে অদ্য ২৪ ফেব্রুয়ারি থেকে অধ্যক্ষ কার্যালয়ে সংযুক্ত করা হলো। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

করোনায় আক্রান্ত ডিবি প্রধান হারুন

স্টাফ রিপোর্টার : ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান মোহাম্মদ হারুন অর রশীদ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। গত সোমবার রাত ১১টা ৫০ মিনিটে এ তথ্য তিনি নিজেই নিশ্চিত করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেজে হারুন অর রশীদ জানান, হঠাৎ করে করোনা আক্রান্ত হলাম। সুস্থতার জন্য দোয়া চাই। জানা গেছে, করোনা পজিটিভ আসার পর বর্তমানে তিনি বাসায় বসে চিকিৎসা নিচ্ছেন।

প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রথম ধাপের চূড়ান্ত ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত 'সহকারী শিক্ষক নিয়োগ-২০২৩' এর প্রথম ধাপের (বরিশাল, সিলেট, রংপুর বিভাগ) লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। গতকাল মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার মাহবুবুর রহমান তুহিন জানান, সর্বমোট ২ হাজার ৪৯৭ প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিতদের ফলাফল প্রকাশ করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.mopme.gov.bd এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে www.dpe.gov.bd ফলাফল পাওয়া যাবে। উত্তীর্ণরা মোবাইলফোনে মেসেজ পাবেন। ২০২৩ সালের ৮ ডিসেম্বর তিন বিভাগের ১৮ জেলার পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট পরীক্ষার্থী ছিলেন তিন লাখ ৬০ হাজার ৬৯৭ জন। লিখিত পরীক্ষায় নয় হাজার ৩৩৭ জন উত্তীর্ণ হয়। গত ২৭ ফেব্রুয়ারি এ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

কুমিল্লায় চাচাকে হত্যায় ভাতিজার মৃত্যুদণ্ড

স্টাফ রিপোর্টার : কুমিল্লার তিতাসে নবী হোসেন (৬৪) নামে এক ব্যক্তিকে গলা কেটে হত্যার দায়ে তার ভাতিজা আবদুল আউয়ালকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার দুপুরে কুমিল্লার অতিরিক্ত জেলা ও দায়রা জজ চতুর্থ আদালতের বিচারক মো. জাহাঙ্গীর হোসেন রায় দেন। আবদুল আউয়াল তিতাস উপজেলার জগতপুর ইউনিয়নের কৈয়ারপাড় গ্রামের আবদুর রবের ছেলে। মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২০ সালের ২৯ জানুয়ারি একটি মামলায় আবদুল আউয়ালকে তিতাস থানা পুলিশ গ্রেপ্তার করে। এতে আবদুল আউয়াল সন্দেহ করেন যে তার চাচা নবী হোসেনই তাকে পুলিশে ধরিয়ে দিয়েছেন। এর মধ্যে তিনি জামিনে বের হন। একই বছরের ২৪ মে নবী হোসেন বাজার থেকে বাড়ি ফিরছিলেন। এ সময় ওই সন্দেহের বশে আবদুল আউয়াল ধারালো অস্ত্র দিয়ে নবী হোসেনের গলায় ও শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে পালিয়ে যান। এ অবস্থায় স্থানীয়রা নবী হোসেনকে তিতাস উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ওই দিনই নবী হোসেনের ছেলে রাসেল বাদী হয়ে আবদুল আউয়াল ও অজ্ঞাতনামা দুজনকে আসামি করে তিতাস থানায় হত্যা মামলা করেন। মামলার তদন্তকারী কর্মকর্তা মো. শহিদুল ইসলাম ২০২০ সালের ১৫ জুলাই আবদুল আউয়ালের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। রাষ্ট্রপক্ষে ১১ জনের সাক্ষ্যগ্রহণ শেষে অভিযোগ প্রমাণ হওয়ায় আবদুল আউয়ালকে মৃত্যুদণ্ড দেন আদালত। এ রায়ে সন্তোষ প্রকাশ করে রাষ্ট্রপক্ষের অতিরিক্ত কৌসুলি মো. মজিবুর রহমান বাহার বলেন, আশা করছি, হাইকোর্ট এ রায় বহাল রেখে শিগগিরই তা কার্যকর করবেন।

ময়মনসিংহে এনজিও কর্মীর লাশ উদ্ধার

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহের ফুলবাড়ীয়া উপজেলায় সবিতা রাণী (৪৭) নামে এক এনজিও কর্মীর লাশ উদ্ধার হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানিয়েছে পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলার কেশরগঞ্জ বাজার কালাদহ সড়ক এলাকার ভাড়া বাসা থেকে এই নারী কর্মীর লাশ উদ্ধার করা হয়। সবিতা রাণী সোসাইটি ফর সোশ্যাল সার্ভিস (এসএসএস) নামক একটি এনজিও সংস্থায় চাকরি করত। তার গ্রামের বাড়ি জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলায়। ফুলবাড়ীয়া থানার উপপরিদর্শক মো. রাকিব ঘটনাস্থল ঘুরে এসে এ তথ্য নিশ্চিত করেছেন।তিনি জানান, ভাড়া বাসায় থেকে সবিতা রাণী এনজিওতে চাকরি করতেন। গত সোমবার অফিস থেকে ফিরে স্বাভাবিক ভাবেই ঘুমাতে যান তিনি। এরপর সকালে তার লাশ উদ্ধার করা হয়। পরিবারের বরাত দিয়ে এই পুলিশ সদস্য বলেন, সবিতা রাণী আগে থেকে প্রেশারের রোগী ছিলেন। ধারণা করা হচ্ছে, ঘুমের মধ্যে স্টোক করে তার মৃত্যু হতে পারে। তবে এখনই এনিয়ে স্পষ্ট কোনো তথ্য নিশ্চিত করা যাচ্ছে না। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

১০৬ বার পেছাল সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন

স্টাফ রিপোর্টার : সাংবাদিক দম্পতি সাগর সারওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার তারিখ ফের পিছিয়েছে। গতকাল মঙ্গলবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহবুবুল হক প্রতিবেদন দাখিলের জন্য আগামী ২ এপ্রিল পরবর্তী দিন ধার্য করেন। এদিন মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে নির্ধারিত দিনে প্রতিবেদন দাখিল করতে পারেনি মামলার তদন্ত কর্মকর্তা র?্যাবের অতিরিক্ত পুলিশ সুপার খন্দকার মোহাম্মদ শহিদুল আলম। তাই আগামী ২ এপ্রিল প্রতিবেদন দাখিলের নতুন দিন ধার্য করা হয়। এ? নিয়ে মামলাটিতে তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ১০৬ বারের মতো পেছাল। এ মামলায় রুনির বন্ধু তানভীর রহমানসহ মোট আটজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার অপর আসামিরা হলেন বাড়ির নিরাপত্তাকর্মী এনাম আহমেদ ওরফে হুমায়ুন কবির, রফিকুল ইসলাম, বকুল মিয়া, মিন্টু ওরফে বারগিরা মিন্টু ওরফে মাসুম মিন্টু, কামরুল হাসান অরুন, পলাশ রুদ্র পাল ও আবু সাঈদ। তাদের মধ্যে তানভীর ও পলাশ রুদ্র জামিনে আছেন। বাকিরা এখনও কারাগারে। মামলার বিবরণীতে জানা যায়, ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাতে ঢাকার পশ্চিম রাজাবাজারে সাংবাদিক দম্পতি মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরওয়ার এবং এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনি তাদের ভাড়া বাসায় নির্মমভাবে খুন হন। পরদিন ভোরে তাদের ক্ষত-বিক্ষত লাশ উদ্ধার করা হয়। ওই বছরের ১২ ফেব্রুয়ারি রুনির ভাই নওশের আলী রোমান বাদী হয়ে শেরেবাংলা নগর থানায় মামলা করেন। প্রথমে মামলাটির তদন্ত করেন শেরেবাংলা নগর থানার একজন কর্মকর্তা। এরপর ১৬ ফেব্রুয়ারি মামলার তদন্তভার পড়ে গোয়েন্দা পুলিশের (ডিবি) উত্তরের পুলিশ পরিদর্শক মো. রবিউল আলমের ওপর। দুই মাস পর হাইকোর্টের আদেশে মামলাটির তদন্তের দায়িত্ব দেয়া হয় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র‍্যাব)। সেই থেকে প্রায় ১২ বছরে ১০৬ বার সময় নিয়েও তদন্ত প্রতিবেদন দাখিল করতে পারেনি সংস্থাটি।

মেহেরপুরে ফাঁসির দণ্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

স্টাফ রিপোর্টার : ঢাকা থেকে প্রকাশিত দৈনিক বণিক বার্তার বিজ্ঞাপন বিভাগের সহকারী ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম কাওছার (৩৮) হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি ফয়সাল হোসেন ওরফে প্যাডিকে গ্রেপ্তার করেছে গাংনী থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে গত সোমবার রাতে গাংনী থানা পুলিশের একটি টিম র‍্যাব-২ শেরেবাংলানগর ক্যাম্পের সহায়তায় তাকে তুরাগ থানাধীন বাউনিয়া এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। ফয়সাল হোসেন গাংনী পৌরসভার শিশিরপাড়া গ্রামের মাহাতাব আলীর ছেলে। তিনি ৯ বছর ধরে পলাতক ছিলেন। গাংনী থানার ওসি তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। ফয়সাল হোসেন প্যাডির বিরুদ্ধে দৈনিক বণিক বার্তার বিজ্ঞাপন বিভাগের সহকারী ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম কাওছার,

কক্সবাজারের আলামিন হত্যা মামলাসহ একটি অস্ত্র আইনে ও বিস্ফোরক এবং ছিনতাই মামলা আদালতে রয়েছে। হত্যা মামলা দুটিতে তাকে মৃত্যুদণ্ড দেন আদালত। মামলার এজাহার সূত্রে জানা গেছে, ভিকটিম জাহাঙ্গীর আলম কাউছার বণিক বার্তা পত্রিকার বিজ্ঞাপন বিভাগের সহকারী ব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন। ঘটনার দিন ২০১৫ সালের ১৫ সেপ্টেম্বর সকাল ৯টার দিকে বাসা থেকে বের হন তিনি। এরপর থেকে তার মোবাইলফোন বন্ধ ছিল। জাহাঙ্গীরের স্ত্রী রোকসানা পারভীন ওই দিন তেজগাঁও থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন। জাহাঙ্গীরের খবর জানতে একাধিক বার ফয়সালের সঙ্গে কথা বলে জাহাঙ্গীরের পরিবার। কিন্তু ফয়সাল তাদের বলেন, তিনি কিছুই জানেন না। পরে রাজধানীর খিলক্ষেত নামাপাড়ার ২১১/১-এ নম্বর বাড়ির পাঁচতলার একটি মেসে স্যুটকেসের ভেতর থেকে জাহাঙ্গীরের অর্ধগলিত লাশ উদ্ধার করেন পুলিশ। এ ঘটনায় নিহত জাহাঙ্গীরের স্ত্রী রোকসানা পারভীন বাদী হয়ে ওই বছরের ১৮ সেপ্টেম্বর খিলক্ষেত থানায় হত্যা মামলা করেন। মামলাটি তদন্ত করে ২০১৬ সালের ২২ ফেব্রুয়ারি আদালতে চার্জশিট দাখিল করেন তদন্ত কর্মকর্তা খিলক্ষেত থানার এসআই আবদুল জলিল। ওই বছরের ২৫ মে আসামিদের বিরুদ্ধে চার্জশিট গঠন করেন আদালত। মামলাটির বিচার চলাকালে আদালত ১২ জনের সাক্ষ্যগ্রহণ করেন। ২০২১ সালে রোববার ঢাকার ৭ম অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের বিচারক তেহসিন ইফতেখান এই রায় ঘোষণা করেন। রায়ে জাহাঙ্গীর আলমের খালাতো ভাই এইচএম ফয়সাল ওরফে প্যাডিকে মৃত্যুদণ্ড এবং অপর তিন আসামি নাজমুল হাসান ওরফে রাকিব, রায়হান হাসান সারোয়ার ও ফাহিম হাসান খানকে যাবজ্জীবন দেন। এ সময় প্রধান আসামি মৃত্যুদণ্ডপ্রাপ্ত প্যাডি পলাতক ছিলেন। সে সময় আদালত তার বিরুদ্ধে সাজা পরোয়ানাসহ গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। রায় ঘোষণার সময় যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত তিন আসামি আদালতে উপস্থিত ছিলেন। পরে সাজা পরোয়ানা দিয়ে তাদের কারাগারে পাঠানো হয়। গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী জানান, রায় ঘোষণার সময় থেকে প্যাডি পলাতক ছিল। সে ঢাকার বাউনিয়া এলাকায় রুবেল নামে পরিচিত হয়ে বসবাস করছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে তার অবস্থান নিশ্চিত হয়ে এসআই জহির রায়হান ও সঙ্গীয় ফোর্স তাকে গ্রেপ্তার করে। গতকাল মঙ্গলবার দুপুরে দিকে আদালতে নেওয়া হয়েছে।

রাঙামাটিতে আগুনে পুড়ল ৫ বসতঘর

স্টাফ রিপোর্টার : রাঙামাটি জেলা শহরের রিজার্ভমুখ এলাকায় বসতবাড়িতে আগুন লেগে পাঁচটি কাঁচা-পাকা ঘর পুড়ে গেছে। গতকাল মঙ্গলবার সকালে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে রিজার্ভমুখ এলাকার স্থানীয় বাসিন্দা সেন্টুর ঘর থেকে আগুনের সূত্রপাত ঘটে। মুহূর্তেই আগুন চারদিক ছড়িয়ে পড়লে পাঁচটি কাঁচা-পাকা বসতঘর পুড়ে যায়। খবর পেয়ে ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহযোগিতায় কয়েক ঘণ্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স রাঙামাটি অঞ্চলের সহকারী পরিচালক মো. দিদারুল আলম বিষয়টি নিশ্চিত করে বলেন, আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ সম্পর্কে এখনও বলা যাচ্ছে না। পরে বিস্তারিত জানানো হবে।

এই সরকারের সঙ্গে কোনো আপস নেই : মান্না

স্টাফ রিপোর্টার : চীন, যুক্তরাষ্ট্র, রাশিয়া কিংবা ভারত- কারও সঙ্গে এবং কারও মাধ্যমে সরকারের সঙ্গে আপস করবেন না বলে জানিয়েছেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না। গতকাল মঙ্গলবার 'গণতন্ত্র, মানবাধিকার ও ভোটের অধিকার চাই' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা জানান। মান্না বলেন, বর্তমান সরকার ও তাদের মদদদাতাদের সঙ্গে কোনো আপোশ নেই, এই সরকারের সাথে কোনো আপোশ নেই। আর যারা এই সরকারকে মদদ দিচ্ছে তাদের সাথেও কোনো আপোশ করব না। সেটা চীন, আমেরিকা, রাশিয়া, ভারত যেই হোক না কেন। আলোচনা সভায় নাগরিক ঐক্যের সভাপতি আরও বলেন, শুনেছি আমেরিকার কর্মকর্তারা নাকি সরকারের সাথে কথা বলছে মধ্যবর্তী নির্বাচন দেওয়ার জন্য। এরকম শুনলে তো ভালোই লাগে। আমাদের যুগপৎ আন্দোলন চলছে, চলবে। যখন সবাই মিলে রাজপথে নামবে, তখন এই সরকার যেতে বাধ্য হবে। নিজেদের আন্দোলন প্রসঙ্গে ডাকসুর সাবেক এই ভিপি বলেন, আমরা যে আন্দোলন করেছি তাতে কখনো ভাটার টান পড়েনি। বিএনপি যদি এখন একটা সমাবেশের ডাক দেয় তাহলে এখনো পল্টনের এক মাথা থেকে আরেক মাথা দেখা যাবে না। আমরা তো বলছি না আওয়ামী লীগকে সরিয়ে বিএনপিকে বসাবো। আমরা বলছি, অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে নির্বাচন দেওয়া হোক। এটা খুবই ন্যায্য একটা দাবি। তিনি বলেন, আওয়ামী লীগ মনে করে ভোট হয়ে গেলেই শেষ। এখন সেখানে কত পার্সেন্ট ভোট পড়েছে, কত মানুষ ভোট দিয়েছে, সেটা তারা বলে না। তারা মঞ্চ সাজিয়েছে, তাতেই শেষ। ৭ জানুয়ারিতে কী কোনো ভোট হয়েছে? সেটা ভোটই হয়নি। সেখানে এক শতাংশ ভোট পড়েছে নাকি পাঁচ শতাংশ ভোট হয়েছে সেটা তারা দেখে না। এই নির্বাচনে এই সরকারের কোনো প্রাপ্তি নেই। তারা কেবল ক্ষমতা আঁকড়ে ধরে রেখেছে। মান্না আরও বলেন, গত ২৮ অক্টোবরে যেটা হয়েছে সেটাই সরকারের করার ছিল। সরকার তাদের রক্ষা করার জন্য যা করার দরকার ছিল সেটাই করেছে। কারণ, তারা জানত যদি এই সমাবেশ ঠিকভাবে হয়ে যায় তাহলে এই সরকার আর টিকে থাকতে পারবে না। জাতীয় প্রেসক্লাবের মাওলানা আকরাম খাঁ হলে আলোচনা সভার আয়োজন করে 'দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলন'।

সংগঠনের সভাপতি কে এম রকিবুল ইসলাম রিপনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রাজু আহমেদের সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল আল নোমান, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান লায়ন ফারুক রহমান, গণফোরামের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, জাগপার সহ-সভাপতি রাশেদ প্রধান, এবি পার্টির যুগ্ম সদস্য সচিব ব্যারিস্টার ফুয়াদ প্রমুখ।

পার্বত্য অঞ্চলে দারিদ্র্যের হার ৪৮.১৩ শতাংশ

স্টাফ রিপোর্টার : সমতলের চেয়ে তিন পার্বত্য জেলার জনগোষ্ঠী জীবনমানের দিক থেকে এখনও অনেক পিছিয়ে। জাতীয় পর্যায়ে দারিদ্র্যের হার ২৪ দশমিক ৩ শতাংশ হলেও পার্বত্যাঞ্চলে সেই হার ৪৮ দশমিক ১৩ শতাংশ। এর মধ্যে দারিদ্র্যের হার সবচেয়ে বেশি বান্দরবানে। এ জেলায় হার ৬৩ দশমিক ২ শতাংশ, খাগড়াছড়িতে ৫২ দশমিক ৭ শতাংশ এবং রাঙামাটিতে ২৮ দশমিক ৫ শতাংশ। এ অবস্থা থেকে উত্তরণের জন্য এবং অতি দরিদ্র পরিবারগুলোর সহনশীল জীবিকার জন্য সরকারি-বেসরকারি সমন্বিত ভূমিকা প্রয়োজন। গতকাল মঙ্গলবার সকালে 'ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতায় এবং মানুষের জন্য ফাউন্ডেশনের (এমজেএফ) নেতৃত্বে খাগড়াছড়িতে বাস্তবায়নাধীন 'পার্টনারশিপ ফর রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন সিএইচটি রিজিয়ন (পিআরএলসি)' প্রকল্পের অবহিতকরণ কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সুমন চৌধুরীর সভাপতিত্বে জেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন মানুষের জন্য ফাউন্ডেশনের প্রধান নির্বাহী শাহীন আনাম। তিনি বলেন, পাহাড়ের ২০ হাজার পরিবারকে উন্নয়নে মূল স্রোতে সংযুক্ত করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য। এমজেএফ ছাড়াও অনেক দেশি-বিদেশী উন্নয়ন সহযোগী অনেকদিন ধরেই পাহাড়ে সক্রিয় রয়েছে। সবার উদ্যোগে পাহাড়ের প্রান্তিক মানুষের মৌলিক অধিকার নিশ্চিত করতে এবং জীবনমানের পরিবর্তনে এমজেএফ অঙ্গীকারবদ্ধ। প্রধান অতিথি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান মংসুইপ্রু চৌধুরী অপু বলেন, তিন পার্বত্য জেলার মধ্যে যোগাযোগ এবং ভৌগোলিকভাবে খাগড়াছড়ি অন্য দুই পার্বত্য জেলার চেয়ে এগিয়ে রয়েছে। যেহেতু সরকারি পরিসংখ্যানে আমরা দারিদ্র্যের হারে পিছিয়ে রয়েছি, সেহেতু এ বিষয়ে আমাদের সজাগ হতে হবে। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা টিটন খীসা, সিভিল সার্জন ডা. মোহাম্মদ ছাবের, অতিরিক্ত জেলা প্রশাসক রুমানা আক্তার, এমজেএফের কর্মসূচি সমন্বয়ক ও ডেলিগেশন অব ইইউ টু বাংলাদেশ মেহের নিগার ভূইয়া এবং জেলা পরিষদ সদস্য শতরুপা চাকমা। পিআরএলসি প্রকল্পটি ২০২৩ সাল থেকে ২০২৬ সাল পর্যন্ত তিন পার্বত্য জেলার আট উপজেলার প্রায় এক লাখ (বিশ হাজার অতিদরিদ্র পরিবার) জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করবে।

নেত্রকোনায় ট্রাকচাপায় বৃদ্ধা নিহত

স্টাফ রিপোর্টার : নেত্রকোনার পূর্বধলায় ট্রাকচাপায় হালিমা খাতুন (৮৫) নামে এক বৃদ্ধা নিহত হয়েছেন। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে পূর্বধলা বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত হালিমা পূর্বধলা উপজেলার সদর ইউনিয়নের তারাকান্দা গ্রামের মৃত আবদুর রহমানের স্ত্রী। নিহতের পরিবার ও পুলিশ সূত্র জানায়, পূর্বধলা বাজারে চা দোকানি ছেলে লাল চাঁনের সঙ্গে দেখা করে পায়ে হেঁটে বাড়িতে ফিরছিলেন হালিমা খাতুন। পথে ওই বাজারের আপন মিষ্টান্ন ভাণ্ডার নামে দোকানের সামনে এলে পেছন থেকে আসা ময়মনসিংহগামী একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এ ব্যাপারে পূর্বধলা থানার ওসি মুহাম্মদ রাশেদুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থল থেকে বৃদ্ধের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নেত্রকোনা আধুনিক সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনার পর পরই ট্রাকটি রেখে চালক পালিয়ে গেছেন। ট্রাকটি থানায় নিয়ে আসা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

নওগাঁয় পর্ন ভিডিও সংরক্ষণ ও বিক্রির অভিযোগে আটক ৩

স্টাফ রিপোর্টার : নওগাঁর ধামইরহাট থেকে পর্ন ভিডিও সংরক্ষণ ও বিক্রি চক্রের তিন সদস্যকে আটক করেছে র‍্যাব-৫। গতকাল মঙ্গলবার ভোরে উপজেলার মঙ্গলবাড়ী বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৫ জয়পুরহাট থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আটক ব্যক্তিরা হলেন- ধামইরহাট উপজেলার মুকুন্দপুর গ্রামের নৃপেন্দ্র নাথ সরকারের ছেলে নিত্য সরকার (২৪), জয়পুরহাট জেলার সদর উপজেলার বিল্লা গ্রামের আজিজুল ইসলামের ছেলে শহীদ হোসেন (২২) ও দোগাছী গ্রামের আবু হানিফে ছেলে সিফাত হোসেন (১৮)। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, একটি চক্র ধামইরহাট উপজেলার মঙ্গলবাড়ী বাজারে কম্পিউটারের দোকানে পর্নো ভিডিও সংরক্ষণ করে বিভিন্ন ডিভাইসের মাধ্যমে স্থানীয় কিশোর ও স্কুলছাত্রদের কাছে বিক্রি করে আসছিল। খবর পেয়ে র‍্যাবের গোয়েন্দা দল বিষয়টি তদন্ত শুরু করে এবং তদন্তে এর সত্যতা পায়। এরপর গতকাল মঙ্গলবার ভোরে মঙ্গলবাড়ী বাজারে অভিযান চালিয়ে নিত্য সরকার, শহীদ হোসেন ও সিফাত হোসেনকে তাদের দোকান থেকে আটক করা হয়। তারা তাদের নিজস্ব কম্পিউটারের হার্ডডিস্কে অশ্লীল সিনেমা ও গানের ভিডিও ক্লিপের ব্যবসা করতেন। এ ঘটনায় মামলা দিয়ে আটক তিনজনকে ধামইরহাট থানায় হস্তান্তর করা হয়েছে বলেও সংবাদ বিজ্ঞপ্তি জানানো হয়।

রাজনীতিতে হতাশ হওয়ার জায়গা নেই : নোমান

স্টাফ রিপোর্টার : রাজনীতি ও মানবকল্যাণে হতাশ হওয়ার জায়গা নেই জানিয়ে বিএনপির কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান আবদুল্লাহ আল নোমান বলেছেন, বর্তমান সরকারের পতন নিশ্চিত করতে আমাদের রাজনৈতিক ঐক্য গড়ে তুলতে হবে। গতকাল মঙ্গলবার গণতন্ত্র, মানবাধিকার ও ভোটের অধিকার চাই- শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। জাতীয় প্রেস ক্লাবের মাওলানা আকরম খাঁ হলে এই আলোচনা সভার আয়োজন করে- দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলন। আলোচনা সভায় নোমান বলেন, আজ প্রধান কাজ হলো, দেশে জাতীয় ঐক্য গড়া। যদি রাজনীতি না থাকে, রাজনৈতিক প্রক্রিয়ায় এগিয়ে যাওয়া সম্ভব না হয়, তাহলে সাংগঠনিক কাঠামো বা অন্য কোনো প্রক্রিয়ায় আমরা দেশকে হানাদারমুক্ত করতে পারবো না এবং আমরা আমাদের রাজনৈতিক চিন্তা বাস্তবায়ন করতে পারব না। তিনি বলেন, আমাদের জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করতে হবে এবং চলমান যে সমস্যা রয়েছে, সেটির সমাধান আমাদেরই করতে হবে। আমরা চাই এমন একটি অবস্থা সৃষ্টি হোক, যে অবস্থায় পরাজিত হবে শাসক দল, জয় লাভ করব আমরা। তিনি আরও বলেন, আমাদের আন্দোলন করতে হবে। আন্দোলন ছাড়া ঐক্য হবে না। আমরা কর্মসূচি দিচ্ছি। সেটি অবশ্যই জনগণের কাছে গ্রহণযোগ্য কর্মসূচি। এক দফা এক দাবি- স্লোগান ও চিন্তাকে ধারণ করে সবাইকে ঐক্যবদ্ধ করে আমরা এগিয়ে যাব। হতাশ হওয়ার জায়গা রাজনীতি ও মানবকল্যাণে নেই। আমরা এগিয়ে যাব।

আবার আমরা ঘুরে দাঁড়াতে পারব। সেজন্য আমাদের জাতীয় নেতাদের ভূমিকা পালন করতে হবে। দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলনের সভাপতি কে এম রকিবুল ইসলাম রিপনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রাজু আহমেদের সঞ্চালনায় আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান লায়ন ফারুক রহমান, গণফোরামের সাধারণ সম্পাদক অ্যাড. সুব্রত চৌধুরী, জাগপার সহ-সভাপতি রাশেদ প্রধান, এবি পার্টির যুগ্ম সদস্য সচিব ব্যারিস্টার ফুয়াদসহ আরও অনেকে।

বিদেশি পিস্তলসহ অস্ত্র কারবারি আটক

স্টাফ রিপোর্টার : রাজশাহীর বাঘা উপজেলায় অভিযান চালিয়ে আজিবুল নামে এক অস্ত্র কারবারিকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। গত সোমবার রাতে র‍্যাব-৫ এর একটি দল উপজেলার হেলালপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে। গতকাল মঙ্গলবার দুপুরে র‍্যাব-৫ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মুনীম ফেরদৌস এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, অস্ত্রসহ এক ব্যক্তির অবস্থানের গোপন খবর পেয়ে র‍্যাব সদস্যরা অভিযান পরিচালনা করে। এ সময় র‍্যাব সদস্যদের উপস্থিতি টের পেয়ে আজিবুল পালানোর চেষ্টা করলে র‍্যাব সদস্যরা তাকে আটক করে। এ সময় তল্লাশি করে তার কাছে আগ্নেয়াস্ত্র পাওয়া যায়। এ ঘটনায় তার নামে অস্ত্র আইনে মামলা হয়েছে।

শেরপুরে অগ্নিকাণ্ডে দু'জনের মৃত্যু

স্টাফ রিপোর্টার : শেরপুরে অগ্নিকাণ্ডে শিশু ও নারী নিহত হয়েছে। ফায়ার সার্ভিসের পরিদর্শক দেলোয়ার হোসেন জানান, গতকাল মঙ্গলবার ভোরে সদর উপজেলার কামায়েরচর ইউনিয়নের পয়েস্তিরচরে এই অগ্নিকাণ্ড ঘটে। নিহতরা হলেন পয়েস্তিচর গ্রামের মো. আমানুল্লাহ মন্টুর স্ত্রী ফিরোজা বেগম (৭০) ও হাবিবুর রহমানের ছেলে শরিফ (৭)। স্থানীয়রা জানান, ভোরে অগ্নিকাণ্ডে সূত্রপাত হয়। অগ্নিকাণ্ডে বসতি ও গোয়াল ঘরসহ দুটি ঘর পুড়ে যায়। সদর থেকে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থল থেকে শরিফের মৃতদেহ উদ্ধার করে। আশঙ্কাজনক অবস্থায় ফিরোজা বেগমকে সদর হাসপাতালে প্রেরণ করা হলে ডাক্তার তাকে মৃত ঘোষনা করে। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এমদাদুল হক জানান, অগ্নিকাণ্ডে নিহতদের পরিবারের পক্ষ থেকে লিখিত ভাবে ময়নাতদন্ত ছাড়া লাশ দাফনের অনুরোধ করা হয়েছে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

সাঁথিয়ায় জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন

স্টাফ রিপোর্টার :"স্মার্ট হবে স্থানীয় সরকার, নিশ্চিত করবে সেবার অধিকার" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারা দেশের ন্যায় মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারী)পাবনার সাঁথিয়া উপজেলা পরিষদের আয়োজনে জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে বর্ণ্যাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। র‍্যালি শেষে স্বাধীনতা সোপান মুক্ত মঞ্চে সাঁথিয়া উপজেলা নির্বাহী অফিসার আলপনা ইয়াসমিনের সভাপতিত্বে ও শিক্ষক শফিকুল ইসলাম রিপনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাঁথিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাহমুদ দেলোয়ার। স্বাগত বক্তব্য দেন উপজেলা প্রকৌশলী মো. শহিদুল্লাহ। আরো বক্তব্য দেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ সুজয় সাহা, সাঁথিয়া প্রেস ক্লাবের সভাপতি মানিক মিয়া রানা, গৌরীগ্রাম ইউপি চেয়ারম্যান আব্দুল ওহাব প্রমুখ।

গোমস্তাপুরে স্থানীয় সরকার দিবস পালিত

স্টাফ রিপোর্টার : স্মার্ট হবে স্থানীয় সরকার নিশ্চিত করবে সেবার অধিকারচ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসন ও রহনপুর পৌরসভার আয়োজনে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার সকালে শোভাযাত্রাটি রহনপুর উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে ওই এলাকার সড়ক প্রদিক্ষণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী (কর্মকর্তা) ইউএনও নিশাত আনজুম অনন্যা।

মোল্লাহাটে জাতীয় পরিসংখ্যান দিবস পালিত

স্টাফ রিপোর্টার : স্মার্ট পরিসংখ্যান, উন্নয়নের সোপান' এ প্রতিপাদ্যে মঙ্গলবার সারাদেশের ন্যায় মোল্লাহাটেও 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' পালিত হয়েছে। দিবসটি পালনে উপজেলা প্রশাসন ও পরিসংখ্যান কার্যালয়ের আয়োজনে এক র‍্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শুরুর স্থল উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নিবার্হী কর্মকর্তা শোভন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন, উপজেলা চেয়ারম্যান শাহীনুল আলম ছানা। উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) তাহমিনা সুলতানা নীলা, অধ্যক্ষ এল জাকির হোসেন, ভাইস চেয়ারম্যান মোঃ সেলিম মোল্লা, ইউপি চেয়ারম্যান শিকদার উজির আলী, মনোরঞ্জন পাল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মোস্তাফিজুর রহমান বিশ্বাস, প্রেসক্লাব মোল্লাহাটের সাধারণ সম্পাদক এম এম মফিজুর রহমান, সহ-সভাপতি মোঃ মনিরুজ্জামান মোল্লা, উপজেলা নির্বাচন কর্মকর্তা ইসহাক আলী, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা ফয়জুল করিম পিন্টু, গ্রাম আদালতের উপজেলা সমন্বয়কারী মিতা দে, সাংবাদিক মীর মাসুদ ও জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলে।

সম্পাদকীয়

নদী-খাল-জলাশয় দখল

কঠোরভাবে প্রতিহত করতে হবে

রাজধানীতে আগে অর্ধশতাধিক খাল ছিল। এখন অর্ধেকের মতো কোনোরকমে টিকে আছে। শুধু রাজধানী নয়, সারাদেশেই নদী-খাল-জলাশয় দখলের হিড়িক লেগেছে। যে যেভাবে পারছে, নদী বা খালের জায়গা দখল করে স্থাপনা নির্মাণ করছে। নদী বা খালের প্রবাহ বন্ধ করে দিচ্ছে। যাদের এসব দেখার কথা কিংবা খাল রক্ষা করার কথা, তারা সেগুলো দেখছে না কিংবা দেখেও না দেখার ভান করে থাকছে। নদীর তুলনায় খাল দখল করা তুলনামূলক সহজ কাজ। খালের জায়গা দখল করে স্থাপনা তৈরির কারণে খালগুলো শীর্ণ হতে হতে অনেক জায়গায় নালার রূপ নিয়েছে। খাল দখল করে স্থাপনা তৈরির হিড়িক বেশি দেখা যায় শহরাঞ্চলে এবং গ্রামবাংলার হাটবাজারে। প্রকাশিত খবরে জানা যায়, পাবনার ফরিদপুর উপজেলায় এরশাদনগর বাজারে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) খাল দখল করে আরসিসি ভিতের ওপর ভবন নির্মাণ করেছেন এক ব্যবসায়ী। জেলা পাউবো অফিস দুই দফা নিষেধ করেই তাদের দায়িত্ব শেষ করেছে। সেসব নিষেধ 'ম্যানেজ' করে ৮০ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রস্থের ভবনটির ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। এখন চলছে ভবনের দেয়াল নির্মাণের কাজ। জানা গেছে, সেখানে ইলেকট্রনিক পণ্যের শোরুম ও গুদাম বানানো হবে। জানা যায়, ভবনের নির্মাণকাজ শুরু করার দুই মাস পরেই পাউবো কর্মকর্তারা কাজ বন্ধের নির্দেশ দেন। তখন প্রায় ছয় মাস নির্মাণকাজ বন্ধ থাকে। তারপর আবার কাজ শুরু করা হয়। আবারও অভিযোগের পরিপ্রেক্ষিতে কাজ বন্ধের নির্দেশ দেন জেলা পাউবোর কর্মকর্তারা। এই দফায়ও কয়েক মাস কাজ বন্ধ রাখা হয়। ব্যবসায়ী জানান, অনেক কষ্টে পাউবো অফিসকে 'ম্যানেজ' করে তিনি ছাদ ঢালাইয়ের কাজ শেষ করেছেন। ম্যানেজ করার এই খেলা সারা দেশেই চলমান। আর সে কারণে দ্রুত অস্তিত্ব হারাচ্ছে সারা দেশের নদী-খাল-জলাশয়। আমরা আশা করি, ঘটনা তদন্ত করে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি খালের জমি উদ্ধার এবং নাব্যতা রক্ষায় পদক্ষেপ নিতে হবে। এছাড়া সারাদেশে নদী-খাল-জলাশয় দখলের বিরুদ্ধে সরকারকে কঠোর হতে হবে। যারা এসব কাজ করছে তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে। এছাড়া প্রভাবশালী বা রাজনৈতিক ছত্রছায়ায় নদী-খাল দখল না হয় সে বিষয়েও সচেতন থাকতে হবে। প্রকৃতিক বিপর্যয়ের হাত থেকে রক্ষার জন্য দেশের জলাশয় রক্ষার বিকল্প নেই।

শিক্ষায় ঘাটতি থাকলে চিকিৎসক তৈরি সম্ভব নয়

দেশের সরকারি-বেসরকারি মেডিকেল কলেজগুলোয় শিক্ষক সংকটের বিষয়টি বহুল আলোচিত। এর ফলে শিক্ষার্থীরা সঠিক শিক্ষা অর্জন থেকে বঞ্চিত হচ্ছেন। এ অবস্থায় শিক্ষার গুণগত মান রক্ষা করা কতটা কঠিন হয়ে পড়েছে, তা সহজেই অনুমেয়। চিকিৎসক তৈরির নামে জোড়াতালির পাঠদান কোনোভাবেই কাম্য নয়। মেডিকেল চিকিৎসা শিক্ষা দেয়ার লক্ষ্যে দেশে সরকারি ৩৭টি মেডিকেল কলেজের কার্যক্রম চালু রয়েছে। এর মধ্যে ২০টি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা হয়েছে গত দেড় দশকে। এসব মেডিকেল কলেজে প্রতি বছর চার হাজার ৩৫০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার মাধ্যমে সরকারি খরচে পড়ার সুযোগ পান। এসব মেডিকেল কলেজে শিক্ষকদের পদের বড় একটি অংশই ফাঁকা। এর মধ্যে সামপ্রতিক সময়ে প্রতিটি মেডিকেল কলেজ ২০ থেকে ৬০টি আসন বাড়িয়ে এক হাজার ৩০টি আসন বৃদ্ধি করার অনুমোদন দিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজে বর্তমানে শিক্ষকের পদ রয়েছে পাঁচ হাজার ৬৬৮টি। যার মধ্যে ফাঁকা রয়েছে দুই হাজার ৫৪৪টি পদ। সে অনুযায়ী সরকারি মেডিকেল কলেজগুলোয় মোট পদের বিপরীতে শিক্ষকের ঘাটতি রয়েছে ৪৪ দশমিক ৮৮ শতাংশ। জানা যায়, কাঙ্ক্ষিত সময়ে পদোন্নতি না হওয়া এবং প্রাইভেট প্র্যাকটিসের সুযোগ কম থাকায় অধিকাংশ চিকিৎসকের মেডিকেল কলেজের মৌলিক বিষয়গুলোর শিক্ষক হওয়ার আগ্রহ কম। অন্যদিকে বেসরকারি বহু মেডিকেল কলেজে পরিচালনা ব্যয় কমাতে কম জনবল দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শিক্ষক সংকটের মতো বিষয়গুলো শিক্ষার্থীরা মেনে নিয়েই পড়াশোনা চালিয়ে যাচ্ছেন। তবে যে সংকট তাঁদের মধ্যে হতাশা তৈরি করছে, তা হচ্ছে শিক্ষক-স্বল্পতা। এভাবে আর কত দিন চলবে? এই শিক্ষকের বিদ্যমান সংকট শিগগিরই দূর না হলে মেডিকেল শিক্ষার্থীদের অনেক বিষয়ে জানার ঘাটতি নিয়েই শেষ হতে পারে পাঁচ বছরের শিক্ষাজীবন। ফলে এ খাতে বিদ্যমান সংকটগুলো দূর করতে হলে নতুন জনবল নিয়োগ দিতে হবে এবং তাদের পদোন্নতি নিয়ে কোনো জটিলতা সৃষ্টি হলে সেসব সমস্যা দ্রুত সমাধানের পদক্ষেপ নিতে হবে। দেশের মেডিকেল কলেজগুলোয় জরুরি ভিত্তিতে অবকাঠামো সংকট দূর করতে হবে। এ অবস্থায় দেশের সরকারি-বেসরকারি মেডিকেল কলেজগুলো চলতে পারেনা। ফলে যেসব বিষয়কে চিকিৎসাশাস্ত্রের প্রাণ হিসাবে আখ্যায়িত করা হয়, সেসব বিষয়তে প্রাধান্য দিতে হবে। তা না হলে মেডিকেল কলেজগুলোয় পাঠদান কার্যক্রমে বিপর্যয় নেমে আসবে এবং ভবিষ্যতে দক্ষ মেডিকেল শিক্ষক বা চিকিৎসক খুঁজে পাওয়াই কঠিন হতে পারে।

ব্যাংকে সুশাসন ফেরাতে

দেশের ব্যাংক খাতে সবচেয়ে বড় সমস্যা হলো খেলাপি ঋণ। ব্যাংক দুর্বল হওয়ার পেছনেও প্রধান কারণ এই খেলাপি ঋণ। ২০০৯ সালে দেশে মোট খেলাপি ঋণ ছিল ২২ হাজার ৪৮১ কোটি ৪১ লাখ টাকা। এখন তা দেড় লাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে। ১৪ বছরে খেলাপি ঋণ বেড়েছে প্রায় ৭ গুণ। সময়টা ছিল ঋণখেলাপিদের জন্য সুবর্ণ সময়। তাদের জন্য বছর বছর নানা ছাড় দিয়ে এসেছে বাংলাদেশ ব্যাংক। এরপরও তারা ঋণ শোধ করেনি। বরং নতুন নতুন ঋণখেলাপি হয়ে পড়েছে।

এমন বাস্তবতায় দেশের ব্যাংক খাতের সংস্কার ও সুশাসন ফেরাতে গত মাসের শেষদিকে ১৭টি কর্মপরিকল্পনা চূড়ান্ত করেছে বাংলাদেশ ব্যাংক। এর মধ্যে ছয়টিই খেলাপি ঋণ নিয়ন্ত্রণ ও ব্যাংক খাত সংস্কারসংক্রান্ত। বাকি ১১টি ব্যাংক খাতের ভেঙে পড়া করপোরেট সুশাসন ফেরানোর বিষয়। ব্যাংক দুর্বল হয়ে পড়লে তা দেউলিয়া ঘোষণা করার নিয়ম আছে। দেশের অর্থনীতির যে আকার, তাতে ব্যাংকের সংখ্যা সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিয়ে সমাজে প্রশ্নও রয়েছে। আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে আর্থিক খাতের শৃঙ্খলা ফিরিয়ে আনার কথা বলা হয়েছে। সে অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কাজও শুরু করছে। খেলাপি ঋণ কমানো ও ব্যাংক খাতে সুশাসন ফেরানোর বিষয়ে সামনে নতুন ঘোষণা আসবে বলে পর্যবেক্ষক মহলের ধারণা। কোনো ব্যাংক নিজেদের পরিস্থিতির উন্নতি করতে না পারলে একীভূত বা অধিগ্রহণ হওয়ার শঙ্কা থেকেই যায়। দুর্বল ব্যাংক চিহ্নিত করা হবে মূলধন ঘাটতি, উচ্চ খেলাপি ঋণ, তারল্য ও সুশাসনে কতটা ঘাটতি রয়েছে তার ভিত্তিতে। দুর্বল ব্যাংকগুলোকে একীভূত করার উদ্যোগ ভালো ব্যাংকগুলো কতটা নেবে, সেটি এখনই নিশ্চিত করে বলা যাবে না। কেননা, তাতে ভালো ব্যাংকগুলো সমস্যায় পড়তে পারে। দেশের ব্যাংক খাতে সুশাসন ফেরাতে রোডম্যাপ বা পথনক্সা ঘোষণা করে তা বাস্তবায়ন শুরু করেছে বাংলাদেশ ব্যাংক এমন সংবাদ আমাদের আশান্বিত করে। দুর্বল ব্যাংকগুলোর আর্থিক অবস্থার উন্নতি না হওয়ায় ভালো অবস্থানে থাকা ব্যাংকগুলোর সঙ্গে একীভূত করার উদ্যোগ নেওয়া হয়েছে। প্রাইম ব্যাংকের সঙ্গে শীঘ্রই একীভূত হতে যাচ্ছে ইউনিয়ন ক্যাপিটাল। এছাড়াও ইতিবাচক পদক্ষেপ হিসেবে ব্যাংক পরিচালক হওয়ার ক্ষেত্রে কিছু কঠিন শর্ত আরোপ করছে কেন্দ্রীয় ব্যাংক। এখন থেকে ব্যাংকের পরিচালক হওয়ার ন্যূনতম বয়স হবে ৩০ বছর। আবার একজনের নামে শেয়ার কিনে আরেকজনকে প্রতিনিধি পরিচালক করা যাবে না। আদালতের মাধ্যমে দন্ডিত কোন ব্যক্তি পরিচালক হতে পারবেন না। একইসঙ্গে ৪৫ বছর বয়সের আগে কেউ ব্যাংকের স্বতন্ত্র পরিচালক হতে পারবেন না।

যুদ্ধঃ মশায় মানুষে

মীর আবদুল আলীম

চারদিকে মশা। মশার জ্বালায় অতিষ্ঠ মানুষ। কিছুতেই মশামুক্ত করতে পারছে না রাজধানী ঢাকার দুই সিটি কর্পোরেশনও। ইদানীং মশা নিধনে হম্বিতম্বি হচ্ছে। এরকম সব সময়ই হয়। মশা নিধরে কার্যকর সমধান কখনোই হয় না। এবারও হবে না। মশার দখলেই থাকবে ঢাকা। গতবছর শেষের দিকে দুবাইতে ছিলাম ১১ দিন। চলতি বছর জানুয়ারীতে লন্ডনে ছেলে মেয়ের কাছে ছিলাম মাসেক খানে। একটি মশাও দেখিনি দুবাই আর ইউকে জুড়ে। ফিরছি দেশে। উড়োজাহাজ শাহজালার আন্তর্জাতিক বিমান বন্দরে লেন্ডিংয়ের পর দরজা ওপেনের পর "বাংলাদেশ মশা বাহিনী" যেন হুড়মুড় করে বিমানে বুকে পড়লো। তার পর শুরু হলো বাংলা মশার জুলুম। যেদিন যাচ্ছি সেদিন বিমানে যে পরিমান মশার কামড় খেয়েছি আর বিমান উড্ডয়নের পর দেশের সীমানা পেরুলেও বাংলা মশার জুলুম অত্যাচার কমেনি। বোধ করি বাংলাদেশ মশা বাহিনীর সদস্যরা দুবাই, লন্ডনেও আমাদের সঙ্গে করে গিয়েছিলো। যে পরিমান কামড় দিয়েছে আমার দেশী মশা ১০/১২ দিনেও দাগ আর ফুলা কমেনি। মরীরে দাগ হয়ে আছে এখনো। দেশে ফিরে আসার পর মশাদের যে জুলুম হচ্ছে তার বননায় আর নাই গেলাম। যখন লিখছি তখনো মশায় তার কর্ম করে যাচ্ছে। হয়তো আজীবন মোশার জুলুম সইতে হবে আমাদের।

সোজা কথা হলো মশার জ্বালায় দেশবাসী অতিষ্ঠ। বাংলাদেশের রাজধানী ঢাকায় গত বছরের এই সময়ের তুলনায় বর্তমানে মশার ঘনত্ব বেড়েছে চার গুণ। মশা নিয়ন্ত্রণে কার্যকরি পদক্ষেপ কম। চলতি অভিযানে মশা নিয়ন্ত্রনে নেওয়া কঠিন কাজ। ধারনা করা হচ্ছে মশা না কমে যেভাবে বাড়ছে তাতে আগামী এপ্রিলে মশার ঘনত্ব বেড়ে চরমে পৌঁছাবে। যা নিয়ন্ত্রনের বাইওে চলে যাবে বলে কীট বিশেষজ্ঞরা ধারনা করছেন। মশা নিয়ে গবেষণা পরিচালনা করছেন বিশ্ববিদ্যালয়টির প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক ড. কবিরুল বাশার। তিনি সম্প্রতি বলেছেন, "মশার ঘনত্ব অন্য সময়ে যা থাকে তার চেয়ে চারগুণ বেশি বেড়েছে এখন। গত বছরের এপ্রিল থেকে শুরু করা হলে জানুয়ারিতে অন্যান্য মাসের তুলনায় চারগুণ মশার ঘনত্ব পেয়েছি, বিশেষ করে লার্ভার ডেনসিটি।"

সত্যিই রাজধানীতে মশারা বশে আসছে না। শীত শেষে রাজধানী ঢাকায় দাবড়ে বেড়াচ্ছে মশারদল। মশককুল রাজধানীতে রামরাজত্ব কায়েম করেছে। এ মশা দুই সিটি কর্পোরেশনের সুনামে হুল ফুটাচ্ছে! ফুটাবেও। যখন লিখছি তখন মশার দল হুল ফুটাচ্ছে পায়ে, মুখে, গালে। মশার এ যাতনা উভয় সিটি কর্পোরেশনের জন্য মোটেও সুখকর নয়। এ বছর রাজধানীতে অন্যান্য বছরের তুলনায় মশার উৎপাত একটু বেশিই। মশার দাপট আর নাকি বাড়বে। এলাকার বাসিন্দারা এজন্য ঢাকার দুই সিটি কর্পোরেশনের (উত্তর, দক্ষিণ) অবহেলাকে দায়ী করেন।

দোহাই নয়া মেয়র দ্বয় আপনারা মশা ঠেকান! এখানে ব্যর্থ হলে জনগণ তার জবাব দেয়ই দেয়। বিগত ইতিহাস থেকে তাই শিখেছি আমরা। আজকাল মশা যেভাবে কামড়াচ্ছে তাতে করে নির্বাচনের সময় কামড়ের জ্বালা বোধ করি সিটি মেয়রগণ টের পাবেন। মশা অতি ক্ষুদ্র এক কীট হলেও ক্ষমতার গদি নড়বড়ে করতে এর জুড়ি নেই। মশা নিধনে ব্যর্থ হয়ে অনেকে পড়েছেন বিপাকে। এর সঙ্গে রাজনীতির কোনো সম্পর্ক থাকার কথা নয়। তারপরও ঢাকার রাজনীতিতে মশা বরাবরই একটি বড় ইস্যু। প্রশ্ন হলো, মশা নির্মূলে কি করছে দুই সিটি করপোরেশন? ডিসিসি উত্তর ও দক্ষিণে মশা নিধনের জন্য এক হাজারের ওপর মশক শ্রমিক কর্মরত আছে। নগরীর প্রতিটি ওয়ার্ডে ৫/৬ জন কর্মী আছে বলে পত্রিকায় জেনেছি। যাদের কাজ শুধু মশার ওষুধ ছিটানো। প্রতি বছর মশা নির্মূলে প্রায় ৫০ কোটি টাকা বছরে বরাদ্দ পায় দুই সিটি করপোরেশন। এত কিছুর পরও রাজধানীতে দিন দিন মশার প্রকোপ বেড়ছে কেন? এই বিপুল জনবল আর বিপুল পরিমাণ অর্থের সঠিক ব্যবহার হলেতো নগরিতে এভাবে মশা থাকার কথা না? সমস্যা আছে অনেক। জেনেছি, লোকবল আছে ওষুধ আসে তবে সে ওষুধ ঠিকঠকমত ছিটায় কিনা তার মনিটরিং নেই। এত লোক সারা বছর কাজ করলে, এত অর্থ ব্যায় করলেতো নগরিতে মশা জন্মানোর কথা না। মূল কথা হলো যেখানে মশারা জন্ম নেয়, সখানে ওষুধ পড়েই না। কর্মিরা নাকে তেল দিয়ে ঘুমালে মশা তো বাড়বেই।

পত্রিকায় মশা বাড়ার খবর ছাপা হলে কিছুটা দৌঁড়ঝাপ দেখা যায়। এভাবে নগরির মশা নিধন হবে না। মশারা আয়েশেই হুল ফোঁটাবে সবার গাঁয়ে। মশা নিধনের জন্য অর্থ জনবলের পাশাপাশি মনিটরিং দরকার। মশা নিধন করা না গেলে, এই মশার মাধ্যমে মারাত্মক রোগ ছড়ানোর ঝুঁকি রয়েছে। এডিস মশাসহ অন্যান্যের প্রজনন নিয়ন্ত্রণ করতে না পারলে তা ভয়াবহ যন্ত্রণার কারণ হবে বৈকি!। সুতরাং মশা নিধনে কার্যকর ব্যবস্থা গ্রহণে নূন্যতম গাফিলতি চলবে না। আমরা এও মনে করি, সিটি কর্পোরেশনদ্বয়ের পক্ষে এ কাজ করা খুব সহজসাধ্য হবে না যদি না নগরবাসীর কাছ থেকে যথাযথ সহায়তা আসে। নগরবাসীর উচিৎ, নগর বসবাসযোগ্য, পরিষ্কার-পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত রাখার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা রাখা। কর্তৃপক্ষীয় উদ্যোগ ও ব্যবস্থার পাশাপাশি নাগরিক সচেতনতা ও নাগরিক দায়িত্ববোধই পারে এই নগরকে মশা মুক্ত রাখতে। লক্ষ্য করা গেছে সুনির্দিষ্ট কিছু অভিজাত এলাকা ছাড়া কোথাও ক্রাশ প্রোগ্রামের বাস্তবায়ন কম। যা অত্যন্ত দুঃখজনক। কারণ প্রায় দেড় কোটি জনসংখ্যা অধ্যুষিত মহানগরীতে নাগরিকদের সব সুযোগ-সুবিধার প্রাপ্তি একই মানদন্ডে বিচার্য হলেও অন্তত সার্বিক বিচারে কিছুকিছু বিষয়ে সব নাগরিকের প্রাপ্তিতে সমতা থাকা উচিত। কারণ দিনভর পরিশ্রম করে একটি নির্বিঘ্ন ও সুখকর রাত সবাই প্রত্যাশা করে। আমাদের মনে রাখা উচিত, বিশাল বিশাল অট্টালিকার বাইরেও এ মহানগরীতে প্রায় চল্লিশ লাখ লোক বস্তিতে বসবাস করে। সামর্থ্যহীন এ লোকগুলোর জীবন জীবিকার দায়ভার বহন করাই যখন কষ্টসাধ্য, সেক্ষেত্রে মশার উপদ্রব থেকে নিজেকে রক্ষার বিকল্প তাদের আর কীইবা থাকতে পারে। এ নগরীর রক্ষাকর্তারা কি তা কোনোদিন ভেবে দেখেছেন? ঢাকা সিটি করপোরেশন মশা নিধনের ব্যাপারে বড় বড় কথা বললেও বাস্তবে নগরবাসীকে মশা থেকে রক্ষার সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা তাদের নেই। অভিজাত ও গুরুত্বপূর্ণ কয়েকটি এলাকা ছাড়া মশক নিধন কর্মিদের নগরীর অন্য কোথাও দায়িত্ব পালন করতে খুব একটা দেখা যায় না। যদিও ডিসিসি কর্তৃপক্ষ বলছেন, লিকুইড ইনসেক্টিসাইড নামক কীটনাশক দিয়ে নগরীতে উড়ন্ত মশা নিধনের বিশেষ ক্রাশ প্রোগ্রাম শুরু হয়েছে। কিন্তু মানুষ এখনো তার বাস্তবায়ন পরখ করতে পারছে না। বরং দিন দিন পরিস্থিতি আরো ভয়াবহ হয়ে উঠছে। আবদ্ধ ডোবানালা ও ড্রেনগুলোয় মশার বিস্তার ক্রমান্বয়ে বেড়েই চলেছে। কর্মসূচি বাস্তবায়নে ডিসিসিকে আরো জোরালো ভূমিকা গ্রহণ করা উচিত।

বলার অপেক্ষা রাখেনা, মশা নিধনের ক্ষেত্রে উপযুক্ত পরিকল্পনা ও চিন্তা-ভাবনার অভাব যেমন রয়েছে তেমনি রয়েছে জবাবদিহিতা ও মনিটরিংয়ের অভাবও। কোথাও কোথাও ওষুধ ছিটিয়ে কিংবা ফগার মেশিন চালিয়ে মশা দমন আদৌ সম্ভব নয়। মশা দমন ও নিধন করতে হলে মশার প্রজনন ক্ষেত্রের দিকে সর্বাগ্রে দৃষ্টি দিতে হবে। গোটা শহর কার্যত ময়লা-আবর্জনায় ভাগাড় হয়ে আছে। রয়েছে মাইলের পর মাইল খোলা নর্দমা। দুই সিটি কপোরেশন এলাকায় প্রায় তিন হাজার বিঘা ময়লা ফেলার জায়গা রয়েছে। এসব জায়গায় ফেলা ময়লা ঠিকমত পরিষ্কার করা হয় না। ময়লা ফেলার স্থানগুলো মশা প্রজননের একেকটা 'উৎকৃষ্ট' ক্ষেত্র। খোলা নর্দমাগুলোও যথাসময়ে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় না। মশার বংশ বিস্তারে নর্দমাগুলোর বড় রকমের ভূমিকা রয়েছে। শুধু তাই নয়, দুই সিটি করপোরেশন এলাকায় প্রায় তিন হাজার বিঘা জলাশয় রয়েছে এবং প্রায় প্রতিটি জলাশয়ই ময়লা-আবর্জনার স্তূপে পূর্ণ। এগুলোও মশার উৎস হিসাবে কাজ করছে। মশার প্রজজনস্থলসমূহ অবারিত ও উন্মুক্ত রেখে মশা দমন ও নিধনে সফল হওয়া কোনোভাবেই সম্ভব হতে পারে না।

প্রজনন ও উৎসস্থলেই মশার বংশ ধ্বংস করতে হবে। আবর্জনা দ্রুত অপসারণ করতে হবে। আবর্জনা ফেলার জায়গাগুলো সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং নিয়মিত ওষুধ ছিটানোর ব্যবস্থা করতে হবে যাতে ওই সব জায়গায় মশার জন্ম হতে না পারে। খোলা নর্দমাগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে, ওষুধ দিতে হবে যাতে সেখানে মশা জন্মাতে না পারে। একইভাবে জলাশয়গুলো পরিষ্কার-পরিচ্ছন্ন করে, নিয়মিত ওষুধ ছিটিয়ে মশার লাভা মুক্ত করতে হবে। উৎসে মশা দমন ও নিধন না করে উড়ন্ত মশা দমন ও নিধন কার্যক্রম চালিয়ে ঢাকাকে মশামুক্ত করা যাবে না। সিটি কর্পোরেশনদ্বয়কে এই সত্য উপলব্ধি করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ওয়ার্ড কমিশনারদের আরও দায়িত্বশীল ও সক্রিয় হতে হবে।

এ বছর রাজধানীতে অন্যান্য বছরের তুলনায় মশার উৎপাত বেশিই মনে হচ্ছে। এলাকার বাসিন্দারা এজন্য ঢাকা সিটি কর্পোরেশনের (ডিসিসি) অবহেলাকে দায়ী করেন। তাদের মতে, বছরের নির্দিষ্ট সময় ডিসিসি মশার প্রজনন ক্ষেত্রগুলোতে ওষুধ ছিটানো হয়। এতে মশার বংশবৃদ্ধি কম হয়। কিন্তু এ বছর তা করা হয়নি। নাগরিকদের এ অভিযোগের সত্যতা মিললো নগর কর্তৃপক্ষের কথায়ও। তারা বলছে, ওষুধ সঙ্কটের কারণে মশা নিধনে নিয়মিত কর্মসূচি এবার চালাতে পারেনি তারা। ঘরে-বাইরে সব জায়গায় মশার অত্যাচার। চায়ের দোকানে বসলেই মশা কামড়াতে শুরু করে। এলাকার নর্দমাগুলোতে আবর্জনা জমে থাকে। ডিসিসি আবর্জনা নিয়মিত পরিষ্কার করে না। এলাকাবাসীও নিজের বাড়ির আঙিনা পরিষ্কার রাখে না। তাই, মশারা রাতেও কামড়ায়, দিনেও কামড়ায়। আগে দিনের বেলা এরা আন্ডারগ্রাউন্ডে অর্থাৎ ম্যানহোলে আত্মগোপন করে থাকত। রাতে বেরিয়ে আসত। এখন দিনরাত সবসময়ই এদের সমান আনাগোনা। রাতে বরং এদের আনাগোনা থেকে বাঁচার জন্য মশারির ভিতর আশ্রয় নেওয়া যায় কিন্তু দিনেরবেলায় মানুষের দিবানিদ্রার অরক্ষিত অবস্থার সুযোগ নিয়ে দিব্যি হুল ফুটিয়ে দেয় মশা। অবাধে চুষে নেয় তাজা রক্ত। এরা কানের কাছে ভোঁ-ভোঁ শব্দ করে মানুষের ঘুমের বারোটা বাজায়। মশা ক্ষুদ্র কীট। কিন্তু তার বিধ্বংসী ক্ষমতা ক্ষুদ্র নয়। বলা হয়, রাজা নমরুদকে জব্দ করতে আল্লাহ পৃথিবীতে মশা পাঠিয়েছিলেন। মশার কামড়ে ধ্বংস হয়ে যায় নমরুদ বাহিনী। আত্মগর্বী রাজার জন্যও মৃত্যু ডেকে আনে এই ক্ষুদ্র কীট। বিপদ না চাইলে মেয়রসহ সিটি করপোরেশনের কর্তাব্যক্তিদের কুম্ভকর্ণের ঘুম থেকে জাগতে হবে। নিজেদের সুনামের স্বার্থেই মশা নামের ভয়ঙ্কর শত্রুকে ঠেকাতে হবে। মশা মারা নিয়ে মশকরা অনেক হয়েছে। মানুষ এখন মশার কাছে জিম্মি। দোহাই মেয়র আপনাদের মশা ঠেকান! এ মশা আপনাদের সুনামেই হুল ফুটাবে।

(লেখক: সাংবাদিক, সমাজ গবেষক, মহাসচিব-কলামিস্ট ফোরাম অব বাংলাদেশ)

এ বছর রাজধানীতে অন্যান্য বছরের তুলনায় মশার উৎপাত বেশিই মনে হচ্ছে। এলাকার বাসিন্দারা এজন্য ঢাকা সিটি কর্পোরেশনের (ডিসিসি) অবহেলাকে দায়ী করেন। তাদের মতে, বছরের নির্দিষ্ট সময় ডিসিসি মশার প্রজনন ক্ষেত্রগুলোতে ওষুধ ছিটানো হয়। এতে মশার বংশবৃদ্ধি কম হয়। কিন্তু এ বছর তা করা হয়নি। নাগরিকদের এ অভিযোগের সত্যতা মিললো নগর কর্তৃপক্ষের কথায়ও। তারা বলছে, ওষুধ সঙ্কটের কারণে মশা নিধনে নিয়মিত কর্মসূচি এবার চালাতে পারেনি তারা। ঘরে-বাইরে সব জায়গায় মশার অত্যাচার। চায়ের দোকানে বসলেই মশা কামড়াতে শুরু করে। এলাকার নর্দমাগুলোতে আবর্জনা জমে থাকে। ডিসিসি আবর্জনা নিয়মিত পরিষ্কার করে না। এলাকাবাসীও নিজের বাড়ির আঙিনা পরিষ্কার রাখে না। তাই, মশারা রাতেও কামড়ায়, দিনেও কামড়ায়। আগে দিনের বেলা এরা আন্ডারগ্রাউন্ডে অর্থাৎ ম্যানহোলে আত্মগোপন করে থাকত। রাতে বেরিয়ে আসত। এখন দিনরাত সবসময়ই এদের সমান আনাগোনা। রাতে বরং এদের আনাগোনা থেকে বাঁচার জন্য মশারির ভিতর আশ্রয় নেওয়া যায় কিন্তু দিনেরবেলায় মানুষের দিবানিদ্রার অরক্ষিত অবস্থার সুযোগ নিয়ে দিব্যি হুল ফুটিয়ে দেয় মশা। অবাধে চুষে নেয় তাজা রক্ত। এরা কানের কাছে ভোঁ-ভোঁ শব্দ করে মানুষের ঘুমের বারোটা বাজায়। মশা ক্ষুদ্র কীট। কিন্তু তার বিধ্বংসী ক্ষমতা ক্ষুদ্র নয়। বলা হয়, রাজা নমরুদকে জব্দ করতে আল্লাহ পৃথিবীতে মশা পাঠিয়েছিলেন। মশার কামড়ে ধ্বংস হয়ে যায় নমরুদ বাহিনী। আত্মগর্বী রাজার জন্যও মৃত্যু ডেকে আনে এই ক্ষুদ্র কীট। বিপদ না চাইলে মেয়রসহ সিটি করপোরেশনের কর্তাব্যক্তিদের কুম্ভকর্ণের ঘুম থেকে জাগতে হবে। নিজেদের সুনামের স্বার্থেই মশা নামের ভয়ঙ্কর শত্রুকে ঠেকাতে হবে। মশা মারা নিয়ে মশকরা অনেক হয়েছে। মানুষ এখন মশার কাছে জিম্মি। দোহাই মেয়র আপনাদের মশা ঠেকান! এ মশা আপনাদের সুনামেই হুল ফুটাবে

জলবায়ু সম্মেলন এবং নয়া উদারবাদী কর্তৃত্ব

পাভেল পার্থ

চারদিকে কেবল দালান আর দালান। দুবাই যেন এক দালানের শহর। এ শহরের এক্সপোসিটিতেই অনুষ্ঠিত হয়েছে ২৮তম বিশ্ব জলবায়ু সম্মেলন কপ-২৮। ৩০ নভেম্বর থেকে শুরু হওয়া এ সম্মেলন শেষ হয়েছে ১২ ডিসেম্বর। সেখানে যাওয়ার সুযোগ হয়েছিল আমার। ইউনিয়ন থেকে বুর্জখলিফা যাওয়ার পথে মেট্রোতে আলাপ হয় বেনিন থেকে আসা কোপোকামে কে হারম্যানের সঙ্গে। রেডিও বেনিনের এই সাংবাদিক জানান, '..ব্রোঞ্জ এবং হাতির দাঁতের বাণিজ্যের কারণে বেনিন দীর্ঘসময় ঔপনিবেশিক শাসনের ভেতর ছিল। যেমন ছিল আইভরি কোস্ট। এখন বিশ্বব্যাপী হাতি বিপন্ন। এখনো চোরাই হাতির দাঁত বাণিজ্য হয়, হাতি খুন হয়। এই দাঁত চীনে চলে যায়। সর্বত্রই আজ চীনের বাজার। এক উপনিবেশের পর আরেক উপনিবেশ। এমনকি এই চীনই সবচে বেশি কার্বণ নিঃসরণ করছে; কিন্তু জলবায়ু সুরক্ষায় কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে না।' জলবায়ু সম্মেলনে যোগ দেয়া এশিয়া, আফ্রিকা, লাতিন আমেরিকা, যুক্তরাষ্ট্র, প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্র কিংবা কানাডার বহুজনের সঙ্গে আলাপেই জানা যায়, প্রাকৃতিক ও সাংস্কৃতিক বৈচিত্র্যে সমৃদ্ধ প্রতিটি দেশের নিম্নবর্গের জীবনে কী নির্দয় উপনিবেশিক বাহাদুরি জারি ছিল। এখন এই ঔপনিবেশিকতার বৈশ্বিক চেহারা ও নিপীড়নের ধরন পাল্টেছে। তথাকথিত মুক্তবাজার ও বিশ্বায়নের নামে দুনিয়া আজ বহুজাতিক কোম্পানি ও এজেন্সির উপনিবেশে বন্দী। উন্নত ও ধনী দেশ হিসেবে প্রতিষ্ঠিত রাষ্ট্রগুলোর ক্রমাগত কার্বণ নিঃসরণ আজ পৃথিবী নামের সৌরজগতের এক ছোট্টগ্রহকে অসুস্থ ও ভঙ্গুর করে দিয়েছে। নয়া উদারবাদী ব্যবস্থার বিনাশী ভোগবাদ সম্প্রসারিত হয়েছে গ্রাম থেকে শহর, দ্বীপ থেকে অরণ্য কিংবা পাহাড় থেকে সমতলে। বিশ্বনেতৃত্ব পৃথিবী সুরক্ষায় এর আগে ২৭টি জলবায়ু সম্মেলনে নানা অঙ্গীকার করলেও প্রতিনিয়ত তা বরখেলাপ করছেন। দীর্ঘ করোনা মহামারীর ক্ষত শুকাতে না শুকাতে প্রশ্নহীনভাবে জারি আছে যুদ্ধ ও গণহত্যা। সিরিয়া থেকে সম্মেলনে যোগ দেয়া সাংবাদিক রুলা আসাদের সঙ্গে আলাপকালে জানান, '..যুদ্ধ ও গণহত্যা বন্ধ না করে জলবায়ু ন্যায়বিচার সম্ভব নয়। গাজায় শিশুদের হত্যা করা হচ্ছে অন্যায়ভাবে। অস্ত্র তৈরি থেকে শুরু করে একটি যুদ্ধ চালানোর যাবতীয় কর্মকান্ড জলবায়ু পরিবর্তনের ঝুঁকিকে বাড়িয়ে দেয়। আমাদের সিদ্ধান্ত নিতে হবে আমরা ঝুঁকি বাড়াবো না কমাব। প্যারিস জলবায়ু চুক্তিতে আমরা ঝুঁকি হ্রাসের অঙ্গীকার করেছিলাম। নিজেদের অঙ্গীকারগুলো বারবার ভুলে যাওয়া অন্যায়।'

দুবাই জলবায়ু সম্মেলনে ফিলিস্তিনে যুদ্ধ বন্ধ করে জলবায়ু ন্যায়বিচার নিশ্চিত করতে বেশ কিছু আলোচনা ও প্রতিবাদ কর্মসূচি হয়েছে। ফিলিস্তিন থেকে রাষ্ট্রপক্ষের প্রতিনিধি হয়ে গিয়েছেন আলা কানান। জানালেন যুদ্ধের ভেতর কেমন ঝুঁকি নিয়ে আসতে হয়েছে। এমনকি প্রায় সময়টাই ফিলিস্তিন প্যাভিলিয়ন খালি পড়েছিল। বহু মানুষ এখান থেকে খুফিয়া নিতে এসেছেন। সম্মেলনে বহুজনের গলায় খুফিয়া দেখা গেছে। ভারতীয় তরুণ শিল্পী শিলো শিব সুলেমান এক শাড়িকে পরিণত করলেন দীর্ঘতম এক খুফিয়ায়। আর এই খুফিয়া নিয়ে দুবাই সম্মেলনে হেঁটেছেন অধিকারকর্মীরা। ইসরায়েলের প্রতিনিধিদের উপস্থিতিতে ইরানের রাষ্ট্রপক্ষের একটি দল প্রতিবাদ জানিয়ে প্রথম সপ্তাহেই জলবায়ু সম্মেলন ত্যাগ করে। মায়ানমার সম্মেলনে অংশ নেয়নি। ইসরাইল 'খাদ্য অপচয়' নিয়ে পূর্বনির্ধারিত একটি সহ-অধিবেশন হঠাৎ বাতিল করে। জলবায়ু পরিবর্তন বৈজ্ঞানিকভাবে প্রমাণিত। জোর করে অস্বীকারের কোনো উপায় নাই। দুবাই জলবায়ু সম্মেলন শুরু হতে না হতে ফিলিপাইন ও বাংলাদেশে ভূমিকম্প, কেনিয়া ও তাঞ্জানিয়ায় ভয়াবহ বন্যা ও ভূমিধস, ভারতে ঘূর্ণিঝড়। প্রাণহানি ও বিনাশের খবরে বহুজনের চোখে বিষাদ দেখেছি। তাঞ্জানিয়ার রাষ্ট্রপতি সামিয়া সুলুহু হাসানকে সফর সংক্ষেপ করে ফিরে যেতে হয়েছে। জলবায়ুজনিত ক্ষয়ক্ষতি তহবিলের অঙ্গীকার দিয়ে দুবাই জলবায়ু সম্মেলনের শুরুকে অনেকেই এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচনা করছেন। তবে এই তহবিল কিভাবে কাদের মাধ্যমে কাদের কাছে যাবে তা এখনো স্পষ্ট নয়। এখানে বিশ্বব্যাংক, এডিবি কিংবা আন্তর্জাতিক দাতা সংস্থা কিংবা বহুজাতিক কোম্পানির কর্তৃত্ব কতটুকু তা স্পষ্ট করতে হবে। বিশেষ করে তহবিল ও অর্থায়নের উৎস এবং ব্যবস্থাপনা উন্মুক্ত, ন্যায্য, স্বচ্ছ এবং জবাবদিহির ভেতর থাকতে হবে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল উগান্ডার প্রতিনিধি প্রসকভিয়ার ন্যানইয়নজু ভিকম্যান এ বিষয়ে জানান, '...লস অ্যান্ড ড্যামেজ ফান্ড নিয়ে অবশ্যই আমাদের আলোচনা করা দরকার। তহবিলের উৎস ও ব্যবস্থাপনা সবকিছু স্বচ্ছ হতে হবে। বহু কোম্পানি তাদের লবিস্ট নিয়োগ করেছে। যারা ক্লিন এনার্জি নিয়ে কথা বলছে কিন্তু এনার্জি ট্রান্সজিশনের কথা বলছে না জোরদারভাবে। জলবায়ু অর্থায়নের কোনো কিছু আমাদের কাছ থেকে গোপন করা যাবে না।' সম্মেলনের বাংলাদেশ প্যাভিলিয়নে ২০২৩-২০৩১ সৌরসেচের স্কেলআপ রোডম্যাপটি ঘোষণা করা হয়। জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমিয়ে সেচকার্যক্রমকে সৌরবিদ্যুৎ নির্ভর করার জন্য রোডম্যাপটি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভূমিকা রাখবে। ২০৪০ সালের ভেতর জ্বালানি খাতকে ৪০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানিতে রূপান্তর করতে চায় বাংলাদেশ। সম্মেলনের সিদ্ধান্তগুলো বৈজ্ঞানিকভাবে গ্রহণেরও দাবি জানায় বাংলাদেশ। 'বৈশ্বিক অভিযোজন লক্ষ্যের' খসড়া নিয়ে আলাপ তুলেছে বাংলাদেশ। ১০০ বিলিয়ন মার্কিন ডলারের জলবায়ু তহবিল, সবুজ জলবায়ু তহবিল, ক্ষয়ক্ষতি তহবিল, স্বল্পোন্নত দেশসমূহের জন্য তহবিল, অভিযোজন তহবিল এবং বৈশ্বিক পরিবেশ সহায়তা তহবিলসমূহ দ্রুত বাস্তবায়ন করে সব তহবিলে বাংলাদেশের দ্রুত ও সহজ অভিগম্যতা দাবি করেছে বাংলাদেশ। সম্মেলনের সপ্তম দিনে জীবাশ্ম জ্বালানি রোধে ইউরোপীয় ইউনিয়নের আনা এক প্রস্তাবে যুক্তরাষ্ট্র, ভারত, চীন ও জাপান ছাড়া ১০৬টি দেশ এতে স্বাক্ষর করে। তবে যুক্তরাষ্ট্র নতুনভাবে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র না করার সুপারিশ দিয়ে আরেকটি প্রস্তাব এনেছে, যাতে চীন ও ভারত সম্মত নয়। দুবাই জলবায়ু সম্মেলনে প্রথমবারের মতো স্বাস্থ্য ও খাদ্যব্যবস্থা নিয়ে বিশ্বনেতৃত্ব আলাপ শুরু করেছেন। সম্মেলন থেকে তৈরি লেখাগুলো পড়ে হোয়াটসঅ্যাপে বাংলাদেশের গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে যোগাযোগ করেন 'প্রকৃতিবীক্ষণের' বিপুল কুমার শর্মা। জানান, লেখাগুলো তাকে ভারতের পরিবেশবিজ্ঞানীবন্দনা শিবার 'হু রিয়েলি ফিডস দ্য ওয়ার্ল্ড' বইটি বাংলায় অনুবাদ করতে সহায়তা করছে। বইটিতে শিবা লিখেন, 'দুনিয়ায় ৭০ ভাগ খাদ্যের জোগান দেয় পৃথিবীর ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং মাত্র ৩০ ভাগ খাদ্য আসে বিশালসব বাণিজ্যিক খামার থেকে; কিন্তু বাণিজ্যিক কৃষিই পৃথিবীর খাদ্য জোগায় এমন মিথ সর্বত্র ছড়ানো হয়।' দুবাই জলবায়ু সম্মেলনে সমাধানহীন তর্ক চলছে বহুজাতিক কোম্পানির বহু লবিস্টের অংশগ্রহণ নিয়ে। তারা বহু অধিবেশন, আলোচনা, সভা সর্বত্র অংশ নিয়ে 'অবৈজ্ঞানিক' নানা বিতর্ক তৈরি করছেন। বৃহৎ বাণিজ্যিক কৃষি ও খাদ্য উৎপাদনকারী কোম্পানি, কৃষি রাসায়নিক কোম্পানি, বীজ কোম্পানি, মাংস কোম্পানির লবিস্টে জলবায়ু সম্মেলন সয়লাব। পৃথিবীর সর্ববৃহৎ মাংস কোম্পানি ব্রাজিলের 'জেবিএস', সিনথেটিক সার কোম্পানি 'নিওট্রেইন' খাদ্য কোম্পানি 'নেসলে' কিংবা পেস্টিসাইড কোম্পানি 'বায়ার' এর কোম্পানির লবিস্টরা জলবায়ু সম্মেলনে কর্তৃত্ব তৈরি করছে। যেখানে পৃথিবীর সব দেশের মানুষ একত্র হয়ে এক রুগ্ণ ভঙ্গুর পৃথিবীতে বাঁচানোর চেষ্টা করছে সেখানে এই কোম্পানিরা তাদের 'মিথ্যা জলবায়ু সমাধানের' বিজ্ঞাপন নিয়ে একটা ভিন্ন ন্যারেটিভ ওপর থেকে চাপিয়ে দিতে চাইছে। প্রায় ১০২ জন বহুজাতিক কোম্পানির প্রতিনিধি রাষ্ট্রপক্ষের প্রতিনিধি হিসেবে দুবাই জলবায়ু সম্মেলনে যোগ দিয়েছেন, যা রাষ্ট্রপক্ষের প্রতিনিধিত্বের প্রায় ৩০ ভাগ, যদিও মিসর সম্মেলনে এদের উপস্থিতি ছিল ৬ ভাগ। সবচেয়ে বেশি বহুজাতিক কোম্পানি প্রতিনিধি ব্রাজিল থেকে এসেছেন, প্রায় ৩৬ জন, যাদের প্রায় সবাই বৃহৎসব মাংস উৎপাদনকারী কোম্পানির সঙ্গে জড়িত। পরবর্তী সারিতে আছেন রাশিয়া এবং কানাডার সিনথেটিক সার কোম্পানির লবিস্টরা। বায়ার কোম্পানির বিষ বা সিনজেনটা কোম্পানির হাইব্রিড বীজ ব্যবহার করে সর্বস্বান্ত হওয়া বাংলাদেশের বরেন্দ্র অঞ্চলের বঞ্চিত কৃষকেরা যেন মনে হলো দূর থেকে কী প্রশ্ন করছেন। কিংবা নেসলের ম্যাগি নুডলসে সিসা এবং কোক-পেপসির প্লাস্টিক দূষণের মতো প্রমাণিত সত্যগুলো যেন ভেসে উঠলো চারধারে। মার্কিন যুক্তরাষ্ট্রের ১৩ বছরের মেয়ে জেনেভাইভ ক্যাসামেন্টো 'জেন এফ' নামে একটি বই লিখেছে জলবায়ু পরিবর্তন এবং নাগরিকদের দায়িত্বশীলতা নিয়ে। বইটির একটি অংশ ফ্যাশন। লেখক এখানে জানাচ্ছেন, বস্ত্রের মাধ্যমে পৃথিবীর ১০ ভাগ কার্বন নিঃসরণ ঘটে। 'ড্রেসড টু কিল : ফ্যাশনস ব্র্যান্ডস হিডেন লিংক টু রাশিয়ান অয়েল ইন আ টাইম অব ওয়ার' নামের একটি গবেষণা পুস্তক প্রকাশ করেছে যৌথভাবে 'চেঞ্জিং মার্কেটস ফাউন্ডেশন', 'জিরো ওয়াস্ট অ্যালায়েনস ইউক্রেন' এবং 'স্ট্যান্ড আর্থ'। বহু তথ্যপ্রমাণসমেত বইটি প্রমাণ করেছে রাশিয়া এবং চায়নার বহু জীবাশ্ম জ্বালানি কোম্পানির সঙ্গে ফ্যাশন ব্র্যান্ডগুলোর সরাসরি বাণিজ্যিক সম্পর্ক আছে। কেন জানি বাংলাদেশের তাজরীন কিংবা রানা প্লাজায় হারিয়ে যাওয়া মানুষদের স্মৃতি ভেসে আসে দুবাই জলবায়ু সম্মেলনে। জার্মানি থেকে সম্মেলনে যোগ দেয়া ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধি ও 'গ্রিন পার্টির' সদস্য রাজনীতিবিদ জুট্টা পাওলুসের সঙ্গে দুবাই মেরিনা এলাকার এক হোটেলে নৈশভোজে বিস্তারিত আলাপ হয়। তিনি জানান, '...জলবায়ু আন্দোলন রাজনৈতিক দর্শন ও সমাজ রূপান্তরের আন্দোলন। ব্যক্তিগত জীবনযাত্রা থেকে শুরু করে সমাজ এবং বিশ্বের সর্বত্র এখানে কাজ করার সুযোগ আছে। এ আন্দোলন জোরদার করতে হবে, সংহতি গড়ে তুলতে হবে এবং অবশ্যই পৃথিবীর প্রতি দায়বদ্ধ হয়ে নিজেদের দায়িত্বশীলতাকে প্রমাণ করতে হবে।' ঘোষণা হয়েছে আজারবাইজানে অনুষ্ঠিত হবে পরের জলবায়ু সম্মেলন। আমাদের তর্ক, গল্প, বাহাস, প্রমাণ, তৎপরতা, দেনদরবার, সংহতি এবং রাজনৈতিক অঙ্গীকারগুলো আরো জোরালো এবং সক্রিয় হয়ে উঠুক। বৈশ্বিক সহিংসতা, দ্বন্দ্ব, সংঘাত ও সশস্ত্র নিয়ন্ত্রণ বিষয়ে গবেষণা এবং অস্ত্রমুক্ত শান্তিময় বিশ্বের জন্য কাজ করে 'স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট (সিপ্রি)। বিশ্বের শীর্ষ ১০০টি অস্ত্র ও সামরিক সেবা উৎপাদক বহুজাতিক কোম্পানির একটি তালিকা তৈরি করেছে সিপ্রি।

আরও বেপরোয়া হয়ে উঠছে মিয়ানমার জান্তা: জাতিসংঘ

আন্তর্জাতিক ডেস্ক : মিয়ানমারে বিদ্রোহী সশস্ত্র গোষ্ঠীগুলোর জয়যাত্রা থামাতে দিন দিন আরও বেপরোয়া হয়ে উঠছে ক্ষমতাসীন জান্তা। প্রায় চার মাস আগে সংঘাত বাধার পর থেকে দেশটির বেসামরিক লোকজনদের ওপর জান্তা বাহিনীর হামলার হার দ্বিগুণ হয়েছে বলে জানা গেছে। জাতিসংঘের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত টম অ্যান্ডরুজ বুধবার এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছেন। খবর রয়টার্স। এদিকে রাখাইনের মুসলিমদের জোর করে সেনাবাহিনীতে যুক্ত করছে জান্তা। এ ছাড়া গণহারে নিয়োগ দিতে সেনা ইউনিফর্মের উৎপাদন ব্যাপক বাড়িয়েছে। সাম্প্রতিক সংঘাতে বেশ কিছু এলাকার নিয়ন্ত্রণ হারানোর ঘটনা জান্তাকে আরও বেপরোয়া-বিপজ্জনক করে তুলছে। তথ্য অনুযায়ী, গত তিন-চার মাসে মিয়ানমারের বেসামরিক নাগরিকদের ওপর জান্তা বাহিনীর হামলার হার বেড়েছে দ্বিগুণের বেশি। ২০২১ সালের ১ ফেব্রুয়ারি অভ্যুত্থানের মাধ্যমে গণতন্ত্রপন্থি নেত্রী অং সান সু চির নেতৃত্বাধীন এনএলডি সরকারকে হটিয়ে জাতীয় ক্ষমতা দখল করে মিয়ানমারের সেনাবাহিনী। সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লেইং এ অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছিলেন। সামরিক বাহিনী ক্ষমতা দখল করার পরপরই ফুঁসে উঠেছিল মিয়ানমারের গণতন্ত্রপন্থি জনতা। গণতান্ত্রিক শাসনব্যবস্থা ফিরিয়ে আনার দাবিতে দেশ জুড়ে আন্দোলন শুরু করেন তারা। কিন্তু মিয়ানমারের পুলিশ ও নিরাপত্তাবাহিনীর সদস্যরা বিক্ষোভ দমনে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা শুরু করার পর ২০২২ সালের দিকে গণতন্ত্রপন্থিদের একাংশ জান্তাবিরোধী বিদ্রোহী গোষ্ঠীগুলোতে যোগ দেওয়া শুরু করে। ২০২৩ সালের অক্টোবরের শেষ দিক থেকে মিয়ানমারের বিভিন্ন প্রদেশে সামরিক বাহিনীর বিরুদ্ধে সমন্বিত আক্রমণ শুরু করে মিয়ানমারের জান্তাবিরোধী সশস্ত্র গোষ্ঠীগুলোর জোট পিপলস ডেমোক্রেটিক ফোর্স (পিডিএফ)।

পবিত্র রমজান উপলক্ষে আমিরাতে ১০ হাজার পণ্যে মূল্য ছাড়

আন্তর্জাতিক ডেস্ক : পবিত্র রমজান উপলক্ষে বাংলাদেশে যেখানে নিত্যপ্রয়োজনীয় অনেক পণ্যের দাম লাগামছাড়া হারে বেড়ে যায়, সেখানে সংযুক্ত আরব আমিরাতজুড়ে সমবায় ও সুপারমার্কেটগুলোতে ১০ হাজার পণ্যে মূল্য ছাড় দেওয়া হচ্ছে বলে জানিয়েছে দেশটির বাণিজ্য ও অর্থ মন্ত্রণালয়। মূল্য ছাড় দেওয়া এসব পণ্যের বেশির ভাগই খাদ্যপণ্য। এর মধ্যে ভোজ্য তেল, চাল ও আটার মতো বেশ কয়েকটি জরুরি পণ্যের দাম ৭৫ শতাংশ পর্যন্ত কমানো হয়েছে। অ্যারাবিয়ান বিজনেসের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। দেশটির বাণিজ্য ও অর্থ মন্ত্রণালয়ের ভোক্তা সুরক্ষা বিভাগের পরিচালক ড. হাশিম সাঈদ আল নুয়াইমি জানিয়েছেন, নির্বাচিত পণ্যগুলো কম দামে বিক্রি করাসহ বেশির ভাগ পণ্যের ওপর ৫০ থেকে ৭৫ শতাংশ ছাড় থাকছে। রমজানে ৪৫০টি বিশেষ অভিযান পরিচালনা করা হবে। এসব অভিযানে সমবায় সমিতি, আউটলেট, মুদি দোকান এবং মাছ, মাংস ও মুরগির বাজারগুলোতে নজরদারি করা হবে। ওই কর্মকর্তা আরো জানান, ভোক্তাদের সুরক্ষায় এবং বাজারের স্থিতিশীলতা বাড়াতে মন্ত্রণালয় বেশ কিছু সচেতনতামূলক উদ্যোগ নিয়েছে। ভোক্তারা তাদের অভিযোগ ৬০০৫২২২২৫ নম্বরে নথিভুক্ত করতে পারবে। কল সেন্টারটি সকাল ৮টা থেকে মধ্যরাত পর্যন্ত খোলা থাকছে। এদিকে খালিজ টাইমস জানিয়েছে, শারজা সমবায় সমিতিও রমজান উপলক্ষে ১০ হাজার পণ্যের দাম কমানোর ঘোষণা দিয়েছে। এ ছাড়া সাপ্তাহিক অফারের অংশ হিসেবে এর বাইরেও আরো পণ্যে ছাড় দেওয়া হচ্ছে। বৃহস্পতিবার থেকে এই ছাড় কার্যকর হয়েছে।

জাতিসংঘের পূর্ণ সদস্য হতে চায় ফিলিস্তিন

আন্তর্জাতিক ডেস্ক : জাতিসংঘের পূর্ণ সদস্যপদ চেয়েছে ফিলিস্তিন। ইতোমধ্যে এ বিষয়ে তৎপরতা শুরু করেছে ফিলিস্তিন প্রতিনিধি দল। গত বৃহস্পতিবার এ কথা জানিয়েছেন প্রতিনিধি দলের প্রধান রিয়াদ মনসুর। তুরস্কের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আনাদোলু এজেন্সি এ খবর জানিয়েছে। জাতিসংঘের পূর্ণ সদস্য হওয়ার বিষয়ে বার্তা সংস্থাটিকে মনসুর বলেন, জাতিসংঘের সব সদস্যের সঙ্গে এ বিষয়ে আলোচনা শুরু করেছি। আমরা সদস্যপদের পক্ষে একটি স্বাক্ষর অভিযানের প্রস্তুতি নিচ্ছি। স্বাক্ষর সম্বলিত একটি আবেদনপত্র সাধারণ পরিষদে জমা দেওয়া হবে। প্রতিবেদন থেকে জানা গেছে, বুধবার ইসরায়েলের পার্লামেন্ট নেসেটে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে ইসরায়েল স্বীকৃতি দেবে কিনা এ প্রস্তাবের ওপর ভোট হয়েছে। সেখানে ১২০ জন মধ্যে ৯৯ জনই বিপক্ষে ভোট দিয়েছেন। এদিকে ইসরায়েলের ভোটাভুটির এক দিন পরই আনাদোলুকে মনসুর বলেন, ইসরায়েলের পার্লামেন্টের ভোট নিয়ে ফিলিস্তিনে যায়-আসে না। কারও অনুমতির ওপর স্বাধীনতা নির্ভর করে না।

গাজায় ইসরায়েলি বিমান হামলা, নিহত অন্তত ৪০

আন্তর্জাতিক ডেস্ক : ফিলিস্তিনের গাজা উপত্যকার মধ্যাঞ্চলে কয়েকটি আবাসিক এলাকায় ইসরাইয়েলি বিমান হামলায় অন্তত ৪০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। ওই হামলায় আরও শতাধিক আহত হয়েছেন। হামাস নিয়ন্ত্রিত মিডিয়া অফিসের বরাতে এ খবর জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। প্রতিবেদনে বলা হয়েছে, বৃহস্পতিবার রাতে ওই হামলা হয়। এদিকে, ফিলিস্তিনি নিরাপত্তা সূত্রের বরাত দিয়ে চীনের রাষ্ট্রীয় সংবাদ মাধ্যম সিনহুয়া বলছে, বৃহস্পতিবার ইসরায়েলি বিমান গাজার দেইর এল-বালাহ শহরের কয়েকটি আবাসিক বাড়িতে কয়েক দফায় হামলা চালায়।

রাশিয়াকে নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করবে যুক্তরাষ্ট্র

আন্তর্জাতিক ডেস্ক : ইউক্রেন যুদ্ধের দুই বছর হবে আগামীকাল। তার আগেরদিন, গতকাল শুক্রবার রাশিয়ার ৫ শতাধিক লক্ষ্যের ওপর নিষেধাজ্ঞার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। গত বৃহস্পতিবার এক সাক্ষাৎকারে মার্কিন ট্রেজারি সেক্রেটারি ওয়ালি আদেয়েমো বার্তা সংস্থা রয়টার্সকে এ কথা বলেছেন। আদেয়েমো বলেছেন, অন্যান্য দেশের সঙ্গে সম্মিলিতভাবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। নিষেধাজ্ঞার মধ্যে রাশিয়ার সামরিক শিল্প কমপ্লেক্স ও তৃতীয় দেশের কোম্পানিগুলো অন্তর্ভুক্ত থাকবে। বিশেষ করে যে দেশ বা কোম্পানি রাশিয়ার চাহিদা মতো পণ্যের সুবিধা দিয়ে থাকে।

ওয়াশিংটন যুদ্ধ এবং বিরোধী নেতা আলেক্সি নাভালনির মৃত্যুর জন্য রাশিয়াকে জবাবদিহি করতে চায় বলেও জানিয়েছেন তিনি। আদেয়েমো বলেন, 'গতকাল শুক্রবার রাশিয়ার ওপর শত শত নিষেধাজ্ঞা জারি করে। তবে মনে রাখা গুরুত্বপূর্ণ যে, শুধু যুক্তরাষ্ট্র একাই পদক্ষেপগুলো নিচ্ছে না।' ২০২২ সালে ইউক্রেন আক্রমণের পর থেকে রাশিয়ার ওপর বহু নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। গতকাল শুক্রবারের প্যাকেজটি হবে নিষেধাজ্ঞার সর্বশেষ প্যাকেজ। মার্কিন কংগ্রেস কিয়েভের জন্য অতিরিক্ত নিরাপত্তা সহায়তা অনুমোদন করবে কিনা তা নিয়ে সংশয় থাকা সত্ত্বেও মার্কিন যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা রাশিয়ার ওপর চাপ বজায় রাখার চেষ্টা করছে।

স্পেনে বহুতল বাসভবনে আগুন, নিহত ৪

আন্তর্জাতিক ডেস্ক : পূর্ব স্পেনের ভ্যালেন্সিয়ায় একটি বহুতল বাসভবনে আগুন লেগে অন্তত চারজন নিহত হয়েছে। ঘটনায় আরও ১৫ জন নিখোঁজ। স্থানীয় কর্তৃপক্ষ গতকাল শুক্রবার এ কথা জানিয়েছে। খবর রয়টার্স। শহরটি স্পেনের তৃতীয় বৃহত্তম শহর। ১৪ তলা ভবনের চার তলা থেকে আগুনের সূত্রপাত। পরে তা ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, প্রবল বাতাসের কারণে আধা ঘণ্টার মধ্যে পুরো ভবনে আগুন ছড়িয়ে পড়ে। ভ্যালেন্সিয়ার মেয়র মারিয়া হোসে কাতালা গতকাল শুক্রবার সাংবাদিকদের বলেছেন, চারজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ৯ থেকে ১৫ জন নিখোঁজ। ভিডিওতে দেখা গেছে, এ সময় বাসিন্দারা ভবনের বারান্দা থেকে সাহায্য চেয়ে চিৎকার করছে। স্প্যানিশ প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ ক্ষতিগ্রস্তদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

রাশিয়াকে কয়েকশ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়েছে ইরান

আন্তর্জাতিক ডেস্ক : রাশিয়াকে ভূমি থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য কয়েকশ ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়েছে ইরান। বেশ কিছু সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। সম্প্রতি মার্কিন নিষেধাজ্ঞায় থাকা দেশ দুটির মধ্যে সম্পর্ক গভীর হয়েছে। খবর রয়টার্স। ইরানের তিনটি সূত্র জানিয়েছে, রাশিয়ার কাছে সরবরাহ করা ক্ষেপণাস্ত্রের মধ্যে অধিকাংশই ফাত্তাহ-১১০ সিরিজের স্বল্প-পাল্লার ক্ষেপণাস্ত্র। বিশ্লেষকরা জানিয়েছেন, এসব ক্ষেপণাস্ত্র ৩০০ থেকে ৭০০ কিলোমিটারের মধ্যে থাকা লক্ষ্যবস্তুতে আঘাত হানতে পারে। ইরানের ক্ষেপণাস্ত্র ব্যবস্থার নিয়ন্ত্রক বিপ্লবী গার্ড যদিও এ ব্যাপারে কোনো মন্তব্য করতে রাজি হয়নি। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ও এ ব্যাপারে গোপনীয়তা রক্ষা করছে। ইরানের সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়েছে, ক্ষেপণাস্ত্রের প্রথম চালান রাশিয়ায় যায় জানুয়ারিতে। এর আগে দেশ দুটির মধ্যে নিরাপত্তা চুক্তি সই হয়। নাম প্রকাশে অনিচ্ছুক ইরানের এক সামরিক কর্মকর্তা জানিয়েছেন, এখন পর্যন্ত চারটি চালান সম্পন্ন হয়েছে। বাকি চালান শিগিগর রাশিয়ায় পৌঁছাবে বলেও নিশ্চিত করেছেন তিনি। এর আগে রাশিয়াকে ড্রোন সরবরাহের অভিযোগ ওঠে ইরানের বিরুদ্ধে, যা মস্কো ইউক্রেন যুদ্ধে ব্যবহার করছে। তবে সেই অভিযোগ অস্বীকার করে ইরান জানায়, যুদ্ধ শুরু হওয়ার আগে মস্কোকে কিছু ড্রোন সরবরাহ করা হয়েছিল। রাশিয়ায় উৎপাদনে জটিলতা ও কম দামে পাওয়ার কারণে উত্তর কোরিয়ার পর এখন ইরান থেকে এই ক্ষেপণাস্ত্র কিনছে রাশিয়া। সাম্প্রতিক সময়ে ইরানি ক্ষেপণাস্ত্র দিয়ে ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে সফলতার পর মস্কো এই পথেই বেশি এগুচ্ছে। তবে উত্তর কোরিয়ার চেয়ে ইরানি

ক্ষেপণাস্ত্রের দিকে বেশি নজর রাশিয়ার। কারণ উত্তর কোরিয়ার কাছ থেকে কেনা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের ২৪টির মধ্যে মাত্র দুটি লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম হয়েছিল। তাই এবার উত্তর কোরিয়াকে বাদ দিয়ে ইরানি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কিনছে রাশিয়া। এ বিষয়ে ইরানের এক কর্মকর্তা বলেন, ইরান একটি স্বাধীন-সার্বভৌম দেশ এবং অন্য যে কোনো দেশে আমরা অস্ত্র রপ্তানি করতেই পারি।

বিনোদন

শাহরুখ-প্রিয়াঙ্কার পরকীয়ার গুঞ্জনে মুখ খুললেন বিবেক

বিনোদন ডেস্ক : বলিউড কিং শাহরুখ খান। পর্দার মতো বাস্তব জীবনেও রোমান্স কিং তিনি। ভালোবেসে গৌরি খানকে বিয়ে করেছেন শাহরুখ। এ জুটির প্রেম সিনেমার গল্পকেও হার মানায়। কিন্তু শাহরুখ খান অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়ার সঙ্গে পরকীয়া সম্পর্কে জড়িয়েছিলেন- এমন গুঞ্জনও চাউর হয়েছিল। শাহরুখ খান কি সত্যি সত্যি পরকীয়া সম্পর্কে জড়িয়েছিলেন? দীর্ঘ সময় পর এ বিষয়ে মুখ খুলেছেন শাহরুখ খানের ঘনিষ্ঠ বন্ধু, অভিনেতা-প্রযোজক বিবেক ভাসওয়ানি। সিদ্ধার্থ কানানকে দেওয়া সাক্ষাৎকারে এ বিষয়ে কথা বলেন তিনি। আলাচারিতার শুরুতে বিবেক ভাসওয়ানি বলেন, 'আপনি সেক্সুয়াল সম্পর্কের কথা বলছেন? না, শাহরুখ এ ধরনের মানুষই না। আমি জানি না এই গুঞ্জন কোথা থেকে উঠেছিল। আমরা একই বাড়িতে থাকতাম। আমার বাবা-মাও ছিলেন। ক্যারিয়ার নিয়ে তার চিন্তা ও চাপ ছিল। ওই সময়ে গৌরিকে বিয়ে করতে হয়েছিল। এসবের মধ্যে সম্পর্ক কোথায় হবে?' 'তাদের (শাহরুখ-প্রিয়াঙ্কা) মাঝে বন্ধুত্বের সম্পর্ক ছিল। কিন্তু কোনো সেক্সুয়াল সম্পর্ক ছিল না। এ কথা আমি ভাবতেও পারি না।' বলেন বিবেক ভাসওয়ানি। শাহরুখের জীবন জুড়ে একজন নারী রয়েছেন। আর তিনি হলেন গৌরি খান। শাহরুখ খান গৌরির প্রতি আসক্ত। এসব তথ্য উল্লেখ করে বিবেক ভাসওয়ানি বলেন, 'আপনি এমন কতগুলো গুঞ্জন শুনেছেন? আমাদের কাছে প্রিয়াঙ্কা চোপড়ার একটি গুজব ছিল। কিন্তু শাহরুখের আর কি গুজব ছিল? একটিও না। শাহরুখ এ ধরনের মানুষই না।' ১৯৮৪ সালে এক বন্ধুর বাড়িতে প্রথম দেখা শাহরুখ-গৌরির। তখন শাহরুখের বয়স ২৫। প্রথম দেখাতেই গৌরির প্রেমে পড়েন তিনি। অনেক সংগ্রামের পর ১৯৯১ সালের ২৫ অক্টোবর বিয়ে করেন তারা। এ দম্পতির তিন সন্তান রয়েছে।

ফিরদৌসের হাত ধরে রাজনীতিতে ঋতুপর্ণা!

বিনোদন ডেস্ক : আগামী এপ্রিলে আমেরিকার নিউইয়র্কে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে সুচিত্রা সেন আন্তর্জাতিক বাংলা চলচ্চিত্র উৎসব-২০২৪। আর তাই ঢাকায় এসেছেন টালিউডের জনপ্রিয় অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। গত বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে অংশ নেন তিনি। যেখানে অতিথি হিসেবে হাজির ছিলেন চিত্রনায়ক ও সংসদ সদস্য ফেরদৌস আহমেদ। সেখানে দীর্ঘদিনের বন্ধু ঋতুপর্ণার হাতে আওয়ামী লীগের 'নৌকা' প্রতীক তুলে দেন অভিনেতা। ফেরদৌস বলেন, ঋতুপর্ণার সঙ্গে আমার ২৫ বছরের পথচলা। আমি খুব কাছে থেকে দেখেছি, মানুষের পাশে থেকে তিনি কীভাবে সহযোগিতা করেন। মানুষের কল্যাণ করার জন্য একটা মানুষের মধ্যে যেসব গুণ থাকতে হয় ঋতুপর্ণার থেকে তার বেশির ভাগ আমি শিখেছি। তার ভালো কাজগুলো আমাকে অনেক বেশি প্রভাবিত করেছে। সে জন্যই হয়তো প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা-১০ আসনের মতো গুরুত্বপূর্ণ আসনে নৌকা প্রতীক আমার হাতে তুলে দিয়েছেন।

ফের ক্যানসারে আক্রান্ত সাবিনা ইয়াসমিন

বিনোদন ডেস্ক : গুরুতর অসুস্থ কিংবদন্তি সংগীতশিল্পী সাবিনা ইয়াসমিন। ক্যানসারে আক্রান্ত হয়েছেন তিনি। সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালের ন্যাশনাল ক্যান্সার সেন্টারে চলছে তার চিকিৎসা। এর আগেও ক্যানসারে আক্রান্ত হয়েছিল এই সংগীতশিল্পী। ১৬ বছর আগে ২০০৭ সালে সেবার দুরারোগ্য এই ক্যানসার জয় করে গানে নিয়মিত হয়েছিলেন তিনি। তবে সম্প্রতি আবারও অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন একুশে পদক ও স্বাধীনতা পদকপ্রাপ্ত এই শিল্পী। একটি সূত্রে জানা গেছে, এবার তিনি ওরাল ক্যান্সারের শিকার হয়েছেন ৬৯ বছর বয়সী এই কিংবদন্তি গায়িকা।। এরইমধ্যে একটি সার্জারি করা হয়েছে তার। দ্রুত দেওয়া হবে রেডিওথেরাপি। তারপর চিকিৎসকরা ভালো-মন্দ বলতে পারবেন। তবে কবে থেকে সিঙ্গাপুরের হাসপাতালে ভর্তি তা জানাতে চাননি শিল্পীর পরিবার। পাঁচ দশকেরও বেশি সময় ধরে গানের ভুবনে বিচরণ করছেন সাবিনা ইয়াসমিন। তিনি শেষ প্লেব্যাক করেছেন প্রয়াত চিত্রনায়িকা ও নির্মাতা কবরী পরিচালিত 'এই তুমি সেই তুমি' ছবির 'দুটি চোখে ছিল কিছু নীরব কথা' শিরোনামের একটি গানে। ২০২০ সালের সেপ্টেম্বরে গানটিতে কণ্ঠ দেন তিনি। এ ছাড়া কবরীর 'এই তুমি সেই তুমি' ছবির চারটি গানে সুরও দেন সাবিনা ইয়াসমিন। এর মাধ্যমে ক্যারিয়ারে প্রথমবার তিনি সুরকার হিসেবে আত্মপ্রকাশ করেন। বাংলাদেশের চলচ্চিত্রের গানের পাশাপাশি তিনি দেশাত্মবোধক গান থেকে শুরু করে উচ্চাঙ্গ, ধ্রুপদী, লোকসঙ্গীত ও আধুনিক বাংলা গানসহ বিভিন্ন ধারার নানান আঙ্গিকের সুরে গান গেয়ে নিজেকে দেশের অন্যতম সেরা সংগীতশিল্পী হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। চলচ্চিত্রের গানে কণ্ঠ দিয়ে তিনি ১৪টি জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও ৬টি বাচসাস পুরস্কার অর্জন করেছেন। শিল্পকলার সংগীত শাখায় অবদানের জন্য বাংলাদেশ সরকার তাকে ১৯৮৪ সালে দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক রাষ্ট্রীয় সম্মাননা একুশে পদক এবং ১৯৯৬ সালে সর্বোচ্চ বেসামরিক রাষ্ট্রীয় সম্মাননা স্বাধীনতা পুরস্কারে ভূষিত করে। এ ছাড়া জহির রায়হান চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন দুবার। ১৯৮৪ সালে বিশ্ব উন্নয়ন সংসদ থেকে সংগীতের ওপর লাভ করেন ডক্টরেট ডিগ্রিও। ১৯৯০ সালে শেরে বাংলা স্মৃতি পদক, ১৯৯১ সালে বিএফজেএ পুরস্কার ও উত্তম কুমার পুরস্কার, ১৯৯২ সালে অ্যাস্ট্রোলজি পুরস্কার এবং একই বছর নিউইয়র্ক, লস অ্যাঞ্জেলেস থেকে পান 'বেস্ট সিঙ্গার' পুরস্কার।

যার নাম আছে, তার বদনাম আছে: শ্রাবন্তী

বিনোদন ডেস্ক : পঁচিশ বছরের ক্যারিয়ারে একের পর এক হিট সিনেমা দিয়েছেন শ্রাবন্তী চ্যাটার্জি। একটা সময় অভিনয়ের জন্য প্রশংসিত হলেও এখনও ব্যক্তিগত সম্পর্ককে কেন্দ্র করেই বেশিরভাগ সময় খবরের শিরোনাম হন। বিভিন্ন সময়েই কারণে-অকারণে কটাক্ষের শিকার হন শ্রাবন্তী। তবে এখন আর সেসব নিয়ে খুব একটা মাথা ঘামান না অভিনেত্রী। সমালোচনা প্রসঙ্গে তার জবাব, 'সমালোচনা সবাইকে নিয়ে হয়। যার নাম আছে, তার বদনাম আছে। মানুষ হিসেবে একসময় এগুলো হলে খারাপ লাগত। এত লোকের তো এত কিছু হয়, কেন আমাকে নিয়েই এমন হচ্ছে, মনে হতো। কারুর কারুর স্বভাব আছে, লোকজনকে নিয়ে সমালোচনা করার। এখন আর এসবে কিছু যায়-আসে না। কারণ, আমি জানি, জীবন খুব অনিশ্চিত। আজ আছি, কাল নেই। বর্তমানে বাঁচি।' এদিকে অভিনেতা জীতু কমলের সঙ্গে জড়িয়েও কটাক্ষের মুখে পড়েন অভিনেত্রী। গুঞ্জন উঠে শ্রাবন্তীর সঙ্গে পরকীয়ার জেরেই নবনীতার সঙ্গে বিচ্ছেদ হয় জীতুর। তবে এ প্রসঙ্গে শ্রাবন্তী বললেন, 'এটা খুবই হাস্যকর। আমি জানি না আমাকে নিয়ে কেন এত লোকের সমস্যা। জীতুর সঙ্গে আমার সম্পর্ক, লন্ডনে আমরা দুটো সিনেমার শুটিং করেছিলাম, যেখানে জীতুর সাবেক স্ত্রীও গিয়েছিল। ওর সঙ্গেও আমি অনেক ঘুরেছি। প্রচুর খাওয়াদাওয়া করেছি। যখন আমাকে নিয়ে এই কথা উঠেছিল, আমি খুব হেসেছিলাম। আমি জানি সত্যিটা কী। এ রকম কোনো ব্যাপারই নয়। লোকে যা ভাবছে ভাবুক।' প্রসঙ্গত, গতকাল শুক্রবার পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে রাজর্ষি দে পরিচালিত ও শ্রাবন্তী অভিনীত 'সাদা রঙের পৃথিবী' সিনেমা। এখানে দ্বৈত চরিত্রে অভিনয় করেছেন তিনি। অন্যদিকে, কিছুদিন আগেই নন্দিতা রায়-শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের 'আমার বস' সিনেমার শুটিং শেষ করেছেন শ্রাবন্তী। এখানে তিনি রাখি গুলজারের সঙ্গে পর্দা ভাগ করেছেন।

টুইঙ্কলের সমালোচনায় পাল্টা জবাব দিলেন কঙ্গনা

বিনোদন ডেস্ক : বলিপাড়ায় বিতর্কের আরেক নাম যেন কঙ্গনা রানাউত। ঠিক তেমনি পান থেকে চুন খসলেই সমাজমাধ্যমে সরব হোন অভিনেত্রী কঙ্গনা রানাউত। সমাজমাধ্যমে অত্যন্ত সক্রিয় তিনি। কোথায় কী হচ্ছে, কে কী বলছেন সব দিকেই কড়া নজর তার। কোনো মন্তব্য কিংবা ঘটনা যদি তার অনভিপ্রেত বলে মনে হয়, সে ক্ষেত্রে সমালোচনা করতে দু'বার ভাবেন না কঙ্গনা। এবার কঙ্গনার সমালোচনার কেন্দ্রে টুইঙ্কল খন্না। সম্প্রতি একটি সাক্ষাৎকারে পুরুষদের প্লাস্টিক ব্যাগের সঙ্গে তুলনা করেছিলেন টুইঙ্কল। অক্ষয়-ঘরনির সেই মন্তব্যের প্রতিবাদ জানিয়ে কিছু কথা লিখলেন কঙ্গনা। কিছু দিন আগে মহিলাদের জীবনে পুরুষের ভূমিকা প্রসঙ্গে টুইঙ্কল বলেন, "আমি বার বারই বলি যে, মেয়েদের ভাল থাকার জন্য পুরুষের দরকার পড়ে না। পুরুষ হল আমাদের জীবনে অনেকটা প্লাস্টিকের ব্যাগের মতো। ব্যাগের মধ্যে জিনিস ভরে বহন করলে সুবিধা হয়।

পকেট কমিটি বাতিলের দাবিতে বিক্ষোভ

বরিশাল প্রতিনিধি : স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিব) বরিশাল বিভাগীয় সম্মেলন এবং পকেট কমিটি বাতিলের দাবিতে বিক্ষোভ ও সড়ক অবরোধ করেছেন চিকিৎসকরা। বৃহস্পতিবার দিবাগত রাতে বিক্ষোভ ও সড়ক অবরোধ করেন বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ইন্টার্ন চিকিৎসক ও ছাত্রলীগের নেতারা। প্রত্যক্ষদর্শীরা জানান, স্বাচিপের পকেট কমিটি মানি না শ্লোগান দিয়ে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের ইন্টার্ন চিকিৎসক ও মেডিকেল কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা ইন্টার্ন হল থেকে মিছিল শুরু করেন। বিক্ষোভ মিছিল নিয়ে হাসপাতালের জরুরি বিভাগের সামনে আসেন তারা। পরে হাসপাতালের সামনের সড়কে বান্দরোডে অবস্থান নিয়ে বিক্ষুব্ধরা স্বাচিপের সম্মেলন ও কমিটি নিয়ে বিভিন্ন শ্লোগান দেন। সড়কে ২০ মিনিট অবস্থান করে কলেজের জরুরি বিভাগের সামনে এসে বিক্ষোভ মিছিল শেষ করা হয়। মিছিলে ইন্টার্ন চিকিৎসক এবং মেডিকেলের ছাত্রলীগ নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ইন্টার্ন চিকিৎসক ইমরান হোসাইন জানান, ১৯৯৮ সালে স্বাচিপের বরিশালের কমিটি গঠণ করা হয়েছে। এরপর থেকে আর কোনো কমিটি হয়নি। কমিটি গঠনের জন্য আগামী ২৫ ফেব্রুয়ারি সম্মেলন আহবান করা হয়েছে। এ উদ্যোগের খবর জানতে পেরে আমরা উজ্জীবিত হয়েছি। কিন্তু শুনতে পাচ্ছি সম্মেলনের নামে পকেট কমিটি গঠণের চেষ্টা করা হচ্ছে। যাতে বিএনপি ও জামায়াতের লোকজনকেও রাখা হবে। ডাঃ ইমরান বলেন, আমরা চাই ছাত্রলীগের সাবেক নেতাদের নিয়ে কমিটি গঠণ করা হোক। যারা দুর্দিনে সংগঠনের হাল ধরেছিলেন। স্বাচিপের বরিশাল জেলা কমিটির সভাপতি ডাঃ কামরুল হাসান সেলিম জানান, আগামী ২৫ ফেব্রুয়ারি বরিশাল ক্লাব মিলনায়তনে স্বাচিপের বিভাগীয় সম্মেলনের আয়োজন করা হয়েছে। এতে স্বাচিপের কেন্দ্রীয় নেতারা উপস্থিত থাকবেন। সেখানে বিভাগের ছয় জেলা ও বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ ইউনিট কমিটি গঠণ নিয়ে আলোচনা হবে। কমিটি গঠন হবে কি, হবে না সেটা কেন্দ্রীয় নেতারা দেখবেন।

রেস্টুরেন্টের মালিক বেলালের ব্যতিক্রমী উদ্যোগ

দিনাজপুর প্রতিনিধি : দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলার পার্শ্ববর্তী বিরামপুর পৌর শহরের হাজী হোটেল এণ্ড রেস্টুরেন্টের মালিক বেলাল হোসেনের এক ব্যতিক্রমী উদ্যোগ সাড়া ফেলেছে এলাকায়। তিনি অসহায় দরিদ্র ক্ষুদার্ত ব্যক্তিদের বিনামুল্যে খাবার দিয়ে নিজের খুশি আর আনন্দ সবার মাঝে বিলিয়ে দিচ্ছেন। তিনি জানান, মহান আল্লাহর সন্তষ্টি আর নিজের খুশির জন্য তিনি এ কাজ করে আসছেন। বিরামপুর পৌরসভার ঈদগাহ বস্তি এলাকার বেলাল হোসেন ছোটবেলা থেকে হোটেলের কর্মচারী হিসাবে বিভিন্ন এলাকায় কাজ করতেন। তিনি বলেন মহান আল্লাহর রহমতে তার অবস্থার উন্নতি হলে তিনি নিজেই একটি হোটেল এণ্ড রেস্টুরেন্ট এর দোকান খুলে ব্যবসা শুরু করেন। দোকান শুরুর পর থেকেই তিনি প্রায় ১১ বছর ধরে নিয়িমিতভাবে প্রতি বৃহস্পতিবারে দুপুরে তার দোকানে আসা প্রায় ২৫০/৩০০ জনের খাবারের ব্যবস্থা করে আসছেন। খাবারের মেনুতে থাকে সাদা ভাত, মাছ, গরুর মাংস, মুরগীর মাংস, ডাল-সবজী, বিভিন্ন রকমের ভর্তা এবং মাঝে মাঝে খিচুড়ি। এছাড়াও তিনি প্রতিদিনই তার দোকানে আসা ৫/৭ জন প্রতিবন্ধী ভিক্ষুককে খাবার দিয়ে সন্তষ্ট করার চেষ্টা করেন। গত বৃহস্পতিবার সরেজমিনে বিরামপুর হাজী হোটেল এণ্ড রেস্টুরেন্টে গিয়ে দেখা যায়, ভিক্ষুক, প্রতিবন্ধী, মানসিক ভারসাম্যহীন ব্যক্তি, রিকশাচালক, দিনমজুরসহ প্রায় ৩৫০ জনের মতো হত-দরিদ্র লোক এসেছেন দুপুরের খাবার খেতে। বেলাল হোসেন নিজে দাঁড়িয়ে থেকে এসব ক্ষুদার্ত লোকদের সিরিয়াল মেনে খাবারের ব্যবস্থা করছেন। তার হোটেলের কর্মচারীরাও এসব ক্ষুদার্তদের সেবা আনন্দচিত্তে করছেন।

গোমতী নদী থেকে প্লাস্টিকের বালতিতে করে পানি নিয়ে আসছেন আবদুর রহিম। এ পানি দেবেন নিজের মিষ্টিকুমড়াখেতে। বিবির বাজার এলাকা, কুমিল্লা

বরিশালে আলোড়ন সৃষ্টি করেছে এতিম আশা

বরিশাল প্রতিনিধি : মাত্র এক মাস বয়সে বাবাকে হারিয়েছেন। তিন বছর বয়সে মায়ের আদর স্নেহ ও ভালবাসা থেকে বঞ্চিত হয়েছেন মৌরিন আক্তার আশা। এরপর নানা প্রতিকূলতার মধ্যে সংগ্রাম করে বেঁচে থাকা মৌরিন আক্তার আশা ছাত্রজীবনে বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে ছাত্রলীগের রাজনীতিতে নিজেকে জড়িয়ে নিয়েছেন। এজন্য পারিবারিকভাবে তাকে নানা ঘাত প্রতিঘাতের সম্মুখীন হতে হয়েছে। তবুও বঙ্গবন্ধুর আর্দশের রাজনৈতিক সংগঠন থেকে তিনি পিছু হটেননি। জেলার বাবুগঞ্জ উপজেলার আগরপুরের সম্ভ্রান্ত মিয়াবাড়ির সন্তান মরহুম এনামুল হক আনাম মিয়ার একমাত্র কন্যা মৌরিন আক্তার আশা। নিজে এতিম হলেও বাবুগঞ্জ উপজেলার অসহায় ও দরিদ্র পরিবারগুলোকে নিজের আপনজন ভেবে সর্বদা তাদের পাশে দাঁড়িয়েছেন। দেশ সেবায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনুসরন করে মৌরিন আক্তার আশা দীর্ঘ ১৬ বছর ধরে ব্যবসায়ী স্বামীর অনুপ্রেরণায় অসহায় ও দুঃস্থ পরিবারগুলোর পাশে দাঁড়িয়ে তাদের বেঁচে থাকার আশার আলো হয়েছেন। সেই এতিম আশা এবার গোটা বরিশালজুড়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছেন। খোঁজ নিয়ে জানা গেছে, এখনও উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা না হলেও বসে নেই বরিশালের সম্ভাব্য উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান প্রার্থীরা। ভোটারদের সমর্থন ও দোয়া কামনায় ব্যস্ত সময় পার করছেন এসব প্রার্থীরা। প্রার্থীদের বিভিন্নধরনের প্রচার-প্রচারণায় জেলার দশটি উপজেলার সর্বত্র নির্বাচনী আমেজ বইতে শুরু করেছে। এসব উপজেলার মধ্যে প্রতিদিন বিপুল সংখ্যক সমর্থকদের নিয়ে বিগত একমাস ধরে সবচেয়ে বেশি গণসংযোগ করে জেলার মধ্যে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছেন বাবুগঞ্জ উপজেলার নারী ভাইস চেয়ারম্যান প্রার্থী ও উপজেলা মহিলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মৌরিন আক্তার আশা। সূত্রমতে, মহামারি করোনাকালীন মৌরিন আক্তার আশা নিজের ব্যবহৃত স্বর্ণালংকার বিক্রি করেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে দুঃস্থ পরিবারগুলোর জন্য খাবার ক্রয় করে তাদের বাড়িতে বাড়িতে পৌঁছে দিয়েছেন। জীবনের শেষসময় পর্যন্ত অবহেলিত বাবুগঞ্জ উপজেলাবাসীর পাশে থাকতে চান মৌরিন আক্তার আশা। এজন্যই উপজেলাবাসীর জোরালো দাবির মুখে তিনি (মৌরিন আক্তার আশা) আসন্ন বাবুগঞ্জ উপজেলা পরিষদ নির্বাচনে সম্ভাব্য নারী ভাইস চেয়ারম্যান প্রার্থী হিসেবে মাঠে নেমেছেন।

কালীগঞ্জে আমের মুকুলে ছড়াচ্ছে ঘ্রান

ঝিনাইদহ প্রতিনিধি : ঝিনাইদহ কালীগঞ্জ উপজেলায় আমের মুকুলের মিষ্টি ঘ্রানে মৌ মৌ করছে প্রকৃতি। বাতাসে ভাসছে আমের মুকুলের মৌ মৌ গন্ধ। যে গন্ধ মনকে বিমোহিত করে তুলছে। পাশাপাশি মধুমাসের আগমনী বার্তা দিচ্ছে আমের মুকুল। আম গাছে শোভা পাচ্ছে কেবলই মুকুল। মুকুলে ছেয়ে আছে গাছের ডালপালা।তবে আমের ফলন নির্ভর করছে আবহাওয়ার ওপর। আবহাওয়া অনুকূলে থাকলে এ বছর আমের বাম্পার ফলনের আশা করছেন ঝিনাইদহ কালীগঞ্জ উপজেলার আম বাগান মালিকরা। মৌসুমের শুরুতে আবহাওয়া অনুকূলে থাকায় মুকুলে ভরে যাচ্ছে বাগানসহ ব্যক্তি উদ্যোগে লাগানো আম গাছগুলো। তবে বড় আকারের চেয়ে ছোট ও মাঝারি আকারের গাছে বেশি মুকুল ফুটেছে। সেই মুকুলের মৌ মৌ গন্ধে বাগান মালিকদের চোখে ভাসছে সফলতার স্বপ্ন। দেশি আমের পাশাপাশি আমরোপালি, গোপালভোগ, ল্যাংড়া, ফজলি জাতের আম অন্যতম। কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, আম গাছে শোভা পাচ্ছে কেবলই মুকুল। এ যেন হলুদ আর সবুজের মহামিলন। মুকুলে ছেয়ে আছে গাছের প্রতিটি ডালপালা। চারদিকে ছড়াচ্ছে সেই মুকুলের সুবাসিত পাগল করা ঘ্রান। মুকুলের ভারে নুয়ে পড়ার উপক্রম যেন প্রতিটি আমগাছ। সেই সুবাদে মৌমাছিরাও আসতে শুরু করেছে মধু আহরণে। রঙিন-বন ফুলের সমারোহে প্রকৃতি যেমন সেজেছে বর্ণিল সাজে, তেমনি নতুন সাজে যেন সেজেছে আম বাগান গুলো। আমের মুকুলে ভরপুর আর ঘ্রানে কালীগঞ্জ উপজেলার সবত্র জানান দিচ্ছে বসন্তের বার্তা। বাগান মালিক, আমচাষিরা আশা করছেন বড় ধরনের কোন প্রাকৃতিক দুর্যোগ না হলে এবং আবহাওয়া অনুকূলে থাকলে এ উপজেলায় আমের বাম্পার ফলন হবে। আমচাষি ও বাগান মালিকরা বাগানে পরিচর্চা নিয়ে এখন ব্যস্ত সময় পার করছেন। অবশ্য গাছে মুকুল আসার আগে থেকেই গাছের পরিচর্চা করে আসছেন তারা। যাতে করে গাছে মুকুল বা গুটি বাঁধার সময় কোন সমস্যার সৃষ্টি না হয়। সারিবদ্ধ গাছে ভরপুর আমের মুকুল যেন শোভা ছড়াচ্ছে তার নিজস্ব মহিমায়।

ঝিকরগাছায় উপ-নির্বাচনে প্রার্থীদের প্রতীক বরাদ্দ

যশোর প্রতিনিধি : যশোরের উপজেলার গদখালি ইউনিয়নে চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে ৫ প্রার্থীর বরাদ্দ হয়েছে। শুক্রবার সকালে এই প্রতিক বরাদ্দ করা হয়েছে বলে জানিয়েছেন উপজেলা রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার সৌমেন বিশ্বাস ছন্দ। উপজেলা রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার শুক্রবার সকালে জানান, ৯ মার্চ গদখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে ৫ জন প্রার্থী অংশগ্রহণ করছেন। অংশগ্রহণকারী যে সকল প্রার্থীদের প্রতীক বরাদ্দ করা হয়েছে, তারা হলেন-আবুল কালাম আজাদ (টেলিফোন) প্রিন্স আহমেদ (আনারস), মোঃ আশরাফ উদ্দীন (অটোরিকশা), মোঃ ইমামুল হোসেন (চশমা) এবং সাইফুর রহমান এস এল সাইফ (মোটরসাইকেল)।

ঝিনাইগাতীতে মাদ্রাসার পাঁচ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি

শেরপুর প্রতিনিধি : দায়িত্বে অবহেলার অভিযোগে শেরপুরের ঝিনাইগাতীতে দাখিল পরীক্ষায় মাদ্রাসার পাঁচ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার উপজেলার দীঘিরপাড় ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা কেন্দ্রে দাখিল পরীক্ষা চলাকালে দায়িত্বে অবহেলার অভিযোগে কর্তব্যরত ওই পাঁচ শিক্ষককে কক্ষ প্রত্যবেক্ষকের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয়। একইসঙ্গে এই কেন্দ্রে দাখিল পরীক্ষায় অংশ নেওয়া দুই পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়। অব্যাহতিপ্রাপ্ত শিক্ষকেরা হলেন, উপজেলার পানবর ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক মো. রফিকুল ইসলাম, হলদিবাটা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী মো. রাজিবুল ইসলাম, গজারিকুড়া ভারুয়া ইসলামিয়া দাখিল মাদ্রসার সহকারী শিক্ষক মো. নাজমুল হাছান, নাচনমহুরী ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক কাম গ্রন্থাগারিক মো. আব্দুল্লাহ ও বিলাসপুর দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক মোছা. মোর্শেদা। ঝিনাইগাতী উপজেলার মাদ্রাসা পরীক্ষার কেন্দ্র সচিব মো. ওবায়েদুল ইসলাম বৃহস্পতিবার বিকেলে এই আদেশ দেন। কেন্দ্র সচিব এই আদেশের সত্যতা নিশ্চিত করেছেন। উপজেলা প্রশাসন ও কেন্দ্র সচিব সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকাল দশটায় ঝিনাইগাতী উপজেলার দীঘিরপাড় ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা কেন্দ্রে গণিত বিষয়ের দাখিল পরীক্ষা শুরু হয়। এরপর এই কেন্দ্রের কয়েকটি কক্ষে অবাধে নকল করার সুযোগ নেয় কয়েকজন পরীক্ষার্থী।

আলুখেতে বেড়ে উঠেছে বিভিন্ন ধরনের শাক। সেই শাক তুলছেন নারীরা। অরণ্যপুর এলাকা, কুমিল্লা

সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে বাতিঘর আদর্শ পাঠাগারের বই বিতরণ

টাঙ্গাইল প্রতিনিধি : টাঙ্গাইল সদর উপজেলার চৌরাকররা গ্রামে বাতিঘর আদর্শ পাঠাগারের উদ্যোগে সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ করা হয়েছে। শিশুদের বইমুখী করতে শুক্রবার সকালে শিশু শ্রেণি থেকে ৮ম শ্রেণি পড়ুয়া দুই শতাধিক শিশুর মধ্যে বিনামূল্যে বিভিন্ন ধরণের চার শতাধিক শিশুতোষ বই বিতরণ করা হয়। বই বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন বাতিঘর আদর্শ পাঠাগারের সভাপতি মোঃ শাহজাহান। এ সময় পাঠাগারের প্রতিষ্ঠাতা মোঃ কামরুজ্জামান, সদস্য মোঃ শাকিল আহমেদ, সুমন চৌধুরী, রিপন মিয়া, সাজ্জাদ হোসেন, মোঃ জাহিদ হাসান, রিফাত হাসান ও লিখন আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। বই হাতে পেয়ে শিশুদের চোখে ছিল আনন্দ আর মুখে ছিল উচ্ছ্বাস। এদের একজন পঞ্চম শ্রেণির শিক্ষার্থী খাদিজা আক্তার। তার কাছে বই পাওয়ার অনুভূতি সম্পর্কে জানতে চাইলে সে জানায়, “আমার গল্পের বই পড়তে ভালো লাগে, মাঝে মাঝে পাঠাগারে এসে বই পড়ি। আজ বই উপহার পেয়ে আমি আনন্দিত।” বাতিঘর আদর্শ পাঠাগারের প্রতিষ্ঠাতা মোঃ কামরুজ্জামান বলেন, বই শিশুর বুদ্ধিমত্তা বৃদ্ধি ও মনের সুপ্ত ভাবনার বিকাশ ঘটাতে সহায়তা করে। শিশু বয়স থেকেই শিক্ষামূলক বই পড়ার অভ্যাস গড়ে তোলা প্রয়োজন।

মহাদেবপুরে মাটিখেকোদের তান্ডব পুকুরের কাদামাটিতে সয়লাব রাস্তা

নওগাঁ প্রতিনিধি : নওগাঁর মহাদেবপুরে মাটিখেকোদের তান্ডবে অতিষ্ঠ সর্বস্তরের মানুষ। পুরো উপজেলাজুড়ে এখন চলছে অবৈধ পুকুর খননের উৎসব। পুকুরের কাদামাটি খোলা ট্রাক্টরে ভরে প্রকাশ্য দিবালোকে উপজেলা সদরের প্রধান প্রধান সড়কের উপর দিয়ে বিভিন্ন স্থানে নিয়ে যাওয়ার সময় কাদামাটি পাকা রাস্তার উপর পড়ে পুরো রাস্তা মাটিতে ভরে গেছে। বৃহস্পতিবার সকালে সামান্য বৃষ্টিপাত হলে সেসব মাটি ভিজে রাস্তা কাদামাটিতে সয়লাব হয়ে যায়। ফলে সকল প্রকার যানবাহন ও মানুষের চলাচল কষ্টসাধ্য হয়ে দাঁড়ায়। অনেক জায়গাতেই যানবাহন কাদামাটিতে পিছলে পড়ে দূর্ঘটনার শিকার হয়। উপজেলা প্রশাসন এসব মাটিখেকোদের বিরুদ্ধে একের পর এক ব্যবস্থা নিলেও তাদের তান্ডব থামানো যাচ্ছেনা। অভিযোগ করা হয়েছে যে, একশ্রেণির মাটি ব্যবসায়ী উপজেলার বিভিন্ন প্রত্যন্ত পল্লীতে গিয়ে অধিক লাভের লোভ দেখিয়ে তিনফসলী ধানী জমিতে পুকুর খননে উৎসাহী করছে। তারা ফসলী জমির মাটি অবৈধ খননযন্ত্র ভ্যেকু মেশিন দিয়ে কেটে সে মাটি কিনে নিয়ে বিভিন্ন ইটভাঁটায় বিক্রি করছে। এ ছাড়া কেউ কেউ প্রচলিত আইনকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে ভরাট পুকুর পূণ:খনন করছে। এসব পুকুরের কাদামাটি খোলা ট্রাক্টরযোগে বিভিন্ন স্থানে নিয়ে যাওয়া হচ্ছে। কিন্তু সংশ্লিষ্ট প্রশাসন এদের বিরুদ্ধে কোনই ব্যবস্থা নিচ্ছেনা। সংশ্লিষ্টরা বলছেন, ১৯৫২ সালের ‘দ্য বিল্ডিং কন্সট্রাকশন এ্যাক্ট’ এর ৩ ধারা অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কোন পুকুর খনন বা পূণ:খনন করা যাবে না। বিদ্যমান আইনটির প্রয়োগ না করায় এই উপজেলার বিভিন্ন স্থানে চলছে একের পর এক মজা পুকুর পূণ:খনন।

টাঙ্গাইলে নির্দেশনা অমান্য করে অটোরিকশার লাইসেন্স দেয়ার অভিযোগ

টাঙ্গাইল প্রতিনিধি : টাঙ্গাইল পৌরসভার লাইসেন্স নিয়ে চলছে বিপুলসংখ্যক অটোরিকশা, যেগুলো শহরের যানজটের অন্যতম কারণ। চালকদের অভিযোগ, এর আগে পৌরসভা নির্ধারিত ১০ হাজার ৫০০ টাকা ফির ব্যাটারিচালিত অটোরিকশার লাইসেন্স এক থেকে দেড় লাখ টাকায় বিক্রি হয়েছে। বর্তমান পৌর প্রশাসন দায়িত্ব নেয়ার পর এক বছর মেয়াদি পায়ে চালিত রিকশার এক হাজার টাকার লাইসেন্স বিক্রি করেছে ২০ থেকে ২৫ হাজার টাকায়। মেট্রো রিকশার লাইসেন্সের কথা বলে অতিরিক্ত ওই টাকাগুলো নেয়া হয়েছে। টাঙ্গাইল পৌরসভার লাইসেন্স নিয়ে চলছে সাত সহস্রাধিক ব্যাটারিচালিত মেট্রো রিকশা (ইজিবাইক)। তৃতীয় দফায় পৌরসভার মেয়র স্বাক্ষরিত রিকশার লাইসেন্সের মেয়াদ বেড়েছে ২০২৩ সাল থেকে ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত। সারা দেশে ব্যাটারিচালিত রিকশা ও ভ্যান বন্ধে ২০২১ সালে উচ্চ আদালতের নির্দেশনাসহ সড়ক পরিবহনবিষয়ক জাতীয় টাস্কফোর্সের সভায় সিদ্ধান্ত নেয়া হয়। সেই নির্দেশনা ও সিদ্ধান্ত অমান্য করে ব্যাটারিচালিত এসব অটোরিকশার লাইসেন্স দেয়ার অভিযোগ উঠেছে টাঙ্গাইল পৌরসভার মেয়র এস.এম সিরাজুল হক আলমগীরের বিরুদ্ধে। বিপুলসংখ্যক ব্যাটারিচালিত রিকশা চলাচল করায় শহরে যেমন বেড়েছে যানজট, তেমনি দেখা দিয়েছে বৈদ্যুতিক সমস্যা। এতে দুর্ভোগে পড়েছেন শহরবাসী। ১৮৮৭ সালের পয়লা জুলাই স্থাপন করা হয় টাঙ্গাইল পৌরসভা, বর্তমানে যার আয়তন ২৯.৪৩ বর্গকিলোমিটার। ১৮টি ওয়ার্ডের প্রথম শ্রেণির এই পৌরসভায় সড়কের সংখ্যা ৫৯০টি।

‘আগামী এক বছরে ফরিদপুরে ১০০ লাইব্রেরি স্থাপন করা হবে’

ফরিদপুর প্রতিনিধি : ফরিদপুরের জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার পিএএ বলেন, আগামী এক বছরে ফরিদপুর জেলায় ১০০ টি লাইব্রেরি স্থাপন করা হবে। তিনি আরো বলেন ফরিদপুরের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানে খুব শীঘ্রই শহীদ মিনার নির্মান করা হবে। বৃহস্পতিবার বিকালে ফরিদপুরের নগরকান্দা হেলিপ্যাড চত্বরের মুক্ত মঞ্চে নগরকান্দা উপজেলা প্রশাসন আয়োজিত অমর একুশে গ্রন্থ মেলার সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপর্যুক্ত কথা বলেন। নগরকান্দা উপজেলা নির্বাহী অফিসার কাফী বিন কবির এর সভাপতিত্বে এবং উপজেলা কৃষি কর্মকর্তা তিলক কুমার ঘোষ এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কবি তুষার দাস, কবি ফরিদ কবির, নগরকান্দা উপজেলা পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান সরদার, নগরকান্দা পৌরসভার মেয়র নিমাই চন্দ্র সরকার, সহকারী কমিশনার ভুমি সোনিয়া হোসেন জিসান, নগরকান্দা থানার অফিসার ইনচার্জ মোঃ আমিনুর রহমান প্রমুখ। সবশেষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

কালীগঞ্জে ৫০ শয্যার হাসপাতালে সমন্বয় সভা

গাজীপুর প্রতিনিধি : আমি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়ে ছিলাম, নির্বাচিত হলে আমার প্রথম কাজ হবে ৫০ শয্যার কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩শ শয্যায় উন্নীত করা। গাজীপুর-৫ আসনের সাংসদ সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা আখতারউজ্জামান উপজেলা স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় সভায় বক্তব্যে এ কথা বলেন। বৃহস্পতিবার দুপুরে ডাঃ শাফিয়ে আলম তুলতুল এর সঞ্চালনায় উপজেলা স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় সভায় অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন, কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আজিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মনজুর-এ-এলাহী, কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মাহাতাব উদ্দিন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা সানজিদা আহমেদ, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. শাহাদৎ হোসেন, আবাসিক স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মো. শহিদুল ইসলাম প্রমুখ। আখতারউজ্জামান আরো বলেন, আমি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়ে ছিলাম, নির্বাচিত হলে আমার প্রথম কাজ হবে ৫০ শয্যার কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩শ শয্যায় উন্নীত করা। আমি সংসদে বলেছি। তা কর্যকরী করতে হলে আমাদের কিছু পদক্ষেপ নিতে হবে। কালীগঞ্জবাসী যেন স্বাস্থ্য কমপ্লেক্সে এসে আরো ভালো চিকিৎসা নিতে পারে, সে ব্যাপারে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে সকল সমস্যা রয়েছে তা পর্যায়ক্রমে অগ্রাধীকার ভিত্তিতে দ্রুত সমাধান করা হবে।

কালীগঞ্জে ট্রাক্টরের মাটি পড়ে পাকা সড়কে কাঁদায় দুর্ভোগ

ঝিনাইদহ প্রতিনিধি : চলমান ট্রাক্টর থেকে মাটি পড়েছে পাকা সড়কে। গুড়ি গুড়ি বৃষ্টি হওয়ায় সড়কে তৈরি হয়েছে কাঁদা। দুর্ভোগে পড়েছেন এলাকার লোকজন। কালীগঞ্জ শহর থেকে নলডাঙ্গা সড়কে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সরেজমিন দেখা গেছে, কালীগঞ্জ বাজার থেকে নলডাঙ্গা সড়কের ইট ভাটায় মাটি আনার সময় ট্রাক্টর থেকে মাটি পড়ছে রাস্তায়। ঝুঁকি নিয়ে চলাচল করছে বিভিন্ন বয়সের মানুষ ও যানবাহন। এ ছাড়া কাদা-পানিতে একাকার হয়ে গেছে। ঝুঁকি নিয়ে চলছে যানবাহন। একের পর এক দুর্ঘটনায় পড়ছে মোটর সাইকেল। বৃহস্পতিবার দিবাগত রাত থেকে কয়েক দফা হালকা বৃষ্টি হওয়ায় পরিস্থিতি খারাপ হয়েছে। ফলে সড়কে যানবাহন চলাচল সীমিত হয়ে পড়েছে। শুক্রবার দুপুর পর্যন্ত সড়কে একাধিক মোটর সাইকেল কাদায় পিছলে দুর্ঘটনার শিকার হয়েছে। এ সড়কে দুর্ঘটনার ঝুঁকি নিয়ে ভয়ে ভয়ে নিম্নগতিতে কয়েকজনকে মোটর সাইকেল চালাতে দেখা গেছে। কাদায় সড়কের পাশের লোকজন ও ব্যবসায়ীরাও দুর্ভোগে পড়েছেন। বিভিন্ন ইটভাটায় মাটি বিক্রি করেছে স্থানীয় কিছু মহল। মাটি নেয়ার জন্য সড়ক দিয়ে দিনরাত চলাচল করে ট্রাক্টর ও ট্রলি। পরিবহনের সময় মাটি পড়ে সড়কে। বৃহস্পতিবার রাতে বৃষ্টি হওয়ায় সড়কে পিচ্ছিল কাদার সৃষ্টি হয়েছে। এ পরিস্থিতিতে সড়কে চলাচল করা দায় হয়ে পড়েছে। সড়কে মাটি পড়া নিয়ে বৃহস্পতিবার রাতে ফেসবুকে পোস্ট দেন স্থানীয় সাংবাদিক আহসান কবির। তিনি বলেন, ইটভাটার মাটি পড়ে রাস্তা বেহাল হচ্ছে। পাকা রাস্তা এখন কাঁচা রাস্তায় পরিণত হয়েছে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। চলাচলকারি অনেকেই বলেন, মাটির ট্রাক্টের জন্য বিপদে আছি।

পোষা পাখি বিকিকিনির দোকানে পাখিবন্দী খাঁচার ওপর খাবার খেতে বসেছে মুক্ত পাখি। ফুল মার্কেট, খুলনা

রোমাঞ্চকর ম্যাচে জয় পায়নি কেউ

স্পোর্টস ডেস্ক : মোহামেডান স্পোর্টিংয়ের বিপক্ষে শেষ দুটি ম্যাচে জিততে পারেনি আবাহনী। আর বছরের শুরুতে ফেডারেশন কাপের গ্রুপ পর্বের শেষ ম্যাচটিতে তো এগিয়ে থেকেও হারতে হয়েছে। গতকাল শুক্রবার প্রিমিয়ার লিগের প্রথম পর্বের ম্যাচে দুই গোলে এগিয়ে থেকে জয়ের দেখা মে আন্দ্রেস ক্রুসিয়ানির দলের। লাল কার্ডের ম্যাচে মোহামেডান পিছিয়ে পড়ে দারুণ প্রত্যাবর্তনে স্কোরলাইন ২-২ করে আবাহনীকে জিততে দেয়নি। আবাহনী ৯ ম্যাচে চতুর্থ জয় ও তৃতীয় ড্রতে ১৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে। সমান ম্যাচে মোহামেডান চার জয় ও পঞ্চম ড্রতে ১৭ পয়েন্টে দ্বিতীয় স্থানে। দুই চিরপ্রতিদ্বন্দ্বীর ড্রয়ে লাভ হয়েছে বসুন্ধরা কিংসের। এক ম্যাচ কম খেলে ২১ পয়েন্ট নিয়ে শীর্ষেই রয়েছে বর্তমান চ্যাম্পিয়নরা। শুক্রবার ময়মনসিংহের রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে ম্যাচ ঘড়ির দ্বিতীয় মিনিটে গোল পেয়ে যায় আবাহনী। ব্রাজিলিয়ান মিডফিল্ডার ব্রুনো রোকার ফ্রি কিক হাওয়ায় ভেসে দূরের পোস্ট ঘেঁষে জড়িয়ে যায় জালে। লাফিয়েও নাগাল পাননি মোহামেডানের গোলকিপার সুজন হোসেন। ১১ মিনিটে মোহামেডানও পারতো সমতায় ফিরতে। তবে উজবেকিস্তানের মিডফিল্ডার মুজাফফরভের ফ্রি কিক ক্রসবারে লেগে বাইরে চলে গেলে হতাশ হতে হয় সমর্থকদের। ৩৮ মিনিটে পাপ্পু হোসেনের দৃঢ়তায় বেঁচে যায় আবাহনী। কামরুলের ক্রস প্রথম দফায় ফেরান পাপ্পু, ওই বল পেয়ে মুজাফফরভের ভলি ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে বাঁচান এই গোলকিপার। বিরতির পর ভালোই শুরু করেছিল আবাহনী। ৫৫ মিনিটে আবাহনী ২-০ গোলে এগিয়ে যায়। ডান প্রান্ত থেকে ওয়াশিংটনের মাপা ক্রসে আরেক ব্রাজিলিয়ান ব্রুনো রোকার হেড গোলকিপার সুজন হোসেন ধরার আগে এক টাচে পেছনের দিকে নিয়ে দ্রুত ওই জায়গা বদল করে এক টোকায় জাল কাঁপান। এরপর মোহামেডানের ভাগ্য খুলে যায়। দুই পেনাল্টি থেকে হার এড়ায় আলফাজ আহমেদের দল। ৬৫ মিনিটে পেনাল্টি পায় মোহামেডান। ইমানুয়েল টনিকে পেছন থেকে বাধা দেন মোহাম্মদ হৃদয়। রেফারি সায়মন হাসান পেনাল্টির বাঁশি বাজাতে সময় নেননি। স্পট কিক থেকে সুলেমান দিয়াবাতে দেখেশুনে বুলেট গতির শটে পাপ্পুর ডান দিক দিয়ে জাল কাঁপান। যদিও পাপ্পু বলের লাইনে ঝাঁপালেও নাগাল পাননি। ৭২ মিনিটে আবাহনীর দুর্ভাগ্য। তৃতীয় গোল পেলো না। বক্সের একটু বাইরে থেকে ব্রুনো রোকার মাপা ফ্রি কিক ক্রসবারে লেগে ফিরে আসে। ৭ মিনিট পর মোহামেডান সমতায় ফেরে। থ্রো-ইন থেকে কামরুলের লং বল বক্সের ভেতরে আবাহনী এক ডিফেন্ডারের হাতে লাগে। পেনাল্টির বাঁশি বাজলে দিয়াবাতে দারুণ এক শটে গোল করে সমর্থকদের আনন্দে ভাসান। তবে রেফারির এমন সিদ্ধান্ত আবাহনীর ডাগ আউটে মেনে নেতে পারেননি ম্যানেজার কাজী নজরুল ইসলাম। সহকারি রেফারির সঙ্গে কথা বলে সায়মন হাসান দৌড়ে এসে লাল কার্ড দেখে তাকে মাঠ থেকে বিতাড়িত করেন। এ নিয়ে রেফারির দিকে প্রতিবাদ জানাতে শুরু করে সবাই। এই সময় খেলা বন্ধ ছিল কয়েক মিনিট। খেলা শুরু হলে স্কোরলাইনে আর বদল হয়নি। দুই দলই এক পয়েন্ট নিয়ে মাঠ ছেড়েছে।

আইপিএলে অধিনায়ক হচ্ছেন পান্ত

স্পোর্টস ডেস্ক : ২০২২ সালের ডিসেম্বরে বাংলাদেশের বিপক্ষে টেস্ট খেলেছিলেন রিশাভ পান্ত। তার কিছুদিন পর ৩০ ডিসেম্বর বাড়ি ফেরার পথে প্রাণঘাতী সড়ক দুর্ঘটনায় পড়েন ভারতীয় উইকেটকিপার। এক বছরেরও বেশি সময় পর আবার মাঠে ফেরার অপেক্ষায় তিনি। আগামী মাসে আইপিএলে অধিনায়ক হিসেবে দিল্লি ক্যাপিটালসের জার্সি পরতে যাচ্ছেন পান্ত। দিল্লির যৌথ মালিক পার্থ জিন্দাল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি আরও জানান, মৌসুমের প্রথমার্ধে উইকেটকিপার হিসেবে দেখা যাবে না পান্তকে। টিম ডিরেক্টর সৌরভ গাঙ্গুলি ও কোচ রিকি পন্টিং আশাবাদী পান্তকে ফিটনেসের ব্যাপারে ছাড়পত্র মিলবে শিগগিরই।

আইপিএলে শুরুতে পাওয়া যাবে ২৬ বছর বয়সী ক্রিকেটারকে। বৃহস্পতিবার জিন্দাল বলেছেন,ওরিশাভ ব্যাটিং করছে, দৌড়াচ্ছে। উইকেটকিপিংও শুরু করেছে। মনে হচ্ছে আইপিএলের জন্য পুরো ফিট পাওয়া যাবে তাকে। আমি আশা করছি সে আইপিএল খেলবে এবং প্রথম ম্যাচ থেকে নেতৃত্ব দেবে।

এবার হকিতে ম্যানেজার পদে মাহবুব

স্পোর্টস ডেস্ক : দেশের সাবেক তারকা হকি খেলোয়াড় মাহবুব হারুন আবাহনীর হকি দলের অন্তঃপ্রাণ। খেলা ছাড়ার পর হারুন আবাহনীর কোচের দায়িত্ব পালন করেছেন বছরের পর বছর। জাতীয় দলে যখনই সংকট দেখা গেছে তখনই হারুনকে কাজে লাগাতে হয়েছে। এবার আবাহনীর হকি দলের কোচের দায়িত্ব পালন করছেন না হারুন। তিনি এবার ম্যানেজার। গত বৃহস্পতিবার ক্লাব কাপ হকির প্রথম দিনে আবাহনীর ম্যানেজার পদে মাঠে দাঁড়ালেন হারুন। নতুন পদে দাঁড়িয়ে ভালো সময় কাটালেন তিনি। মওলানা ভাসানী স্টেডিয়ামে ক্লাব কাপ হকির প্রথম টুর্নামেন্টে আবাহনী ৫-১ গোলে হারিয়েছে অ্যাজাক্সকে। সহজ জয়। ৪-০ হওয়ার পর আবাহনী লাগাম টেনে ধরেছিল। তারপরও ম্যাচের পঞ্চম গোল হয়েছে। আবাহনী ভাবছে গোল করে কী লাভ। ম্যাচ জেতা দরকার সেটা হয়ে গেছে। গোলের পর গোল করল আর সময় মতো জ্বলে উঠতে পারল না, তাহলে লাভ কী। মাত্র ৬ দল নিয়ে আয়োজিত এই টুর্নামেন্ট আবাহনী সেমিফাইনালের পথে এক পা দিয়ে রেখেছে। মোহামেডান থেকে আসা পেনাল্টি কর্নার স্পেশালিস্ট আশরাফুল ইসলাম জোড়া গোল করেন, জয়, মেহেদী, শিতুল এবং অ্যাজাক্সের সুব্রত ১ গোল করেন। আবাহনীর পরবর্তী খেলা ঊষার বিপক্ষে। ম্যানেজার হিসেবে কেমন কাটল প্রথম দিন? মাহবুব হারুন হাসতে লাগলেন। ক্লাব থেকে দায়িত্ব দিয়েছে সেটাই পালন করছেন বলে জানালেন। হারুন বললেন, ‘আগে কখনো ম্যানেজার ছিলাম না। এবারই প্রথম দায়িত্ব পালন করলাম। দলের সঙ্গে ছিলাম সব সময়। এবার কোচ হিসেবে আছেন হেদায়েতুল ইসলাম রাজিব।’ আবাহনীর ম্যানেজার ছিলেন জাহিদুর রহমান পুশকিন, তার মৃত্যুর পর খাজা রহমতউল্লাহ দায়িত্ব পালন করেন, তিনি মারা যাওয়ার পর জাকি আহমেদ রিপন ম্যানেজার ছিলেন।

বায়ার্ন না লিভারপুল? মুখে তালা জাবি আলোনসোর

স্পোর্টস ডেস্ক : কোচের দায়িত্ব নিয়ে অবিশ্বাস্যভাবে বদলে দিয়েছেন বায়ার লেভারকুসেনকে। যে দলটি জার্মান বুন্দেসলিগার শিরোপা কখনো জিততে পারেনি। যে কারণে দলটির অপরনাম হয়ে গিয়েছিলো

‘নেভারকুসেন’। সেই দলটিকেই কি না পুরোপুরি খোলনলচে বদলে দিলেন সাবেক স্প্যানিশ ফুটবলার জাবি আলোনসো। তার অধীনে বায়ার লেভারকুসেনের অবিশ্বাস্য উত্থানে ইউরোপের বেশ কয়েকটি বড় বড় ক্লাব এখন আলোনসোর দিকে হাত বাড়িয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বায়ার্ন মিউনিখ এবং লিভারপুল। বায়ার লেভারকুসেনের কাছে পরাস্ত হয়েই এবার শিরোপা হারাতে যাচ্ছে বায়ার্ন মিউনিখ। দলটির কোচ টমাস টুখেলকে এরই মধ্যে গুডবাই জানিয়ে দেয়া হয়েছে ক্লাবের পক্ষ থেকে। চলতি মৌসুম শেষ হলেই মিউনিখের দায়িত্ব ছাড়তে হবে তাকে। এর অর্থ বায়ার্নও নতুন কোচ খোঁজা শুরু করে দিয়েছে। সে ক্ষেত্রে জাবি আলোনসোই তাদের প্রথম পছন্দ।

চীনে বাতিল হওয়া আর্জেন্টিনার ম্যাচ হবে যুক্তরাষ্ট্রে

স্পোর্টস ডেস্ক : হংকংয়ের স্থানীয় ক্লাবের বিপক্ষে ইন্টার মিয়ামির হয়ে লিওনেল মেসির খেলার কথা থাকলেও ওই ম্যাচে এক মিনিটের জন্যও মাঠে নামেননি তিনি। যা নিয়ে বইছিল সমালোচনার ঝড়। তারই প্রতিক্রিয়ার আর্জেন্টিনার দুটি ফ্রেন্ডলি ম্যাচ বাতিল করে দিয়েছে চীন। কোপা আমেরিকা শুরুর আগে মার্চের ১৮ থেকে ২৬ তারিখের মধ্যে ম্যাচ দুটি হওয়ার কথা ছিল। এর মধ্যে আর্জেন্টিনার প্রথম ম্যাচ নাইজেরিয়ার বিপক্ষে হ্যাংজুতে, আরেকটি আইভরি কোস্টের বিপক্ষে বেইজিংয়ে নির্ধারণ করা হয়েছিল।

সুয়ারেজের বিশ্বাস, এবার শিরোপা জিতবে ইন্টার মিয়ামি

স্পোর্টস ডেস্ক : যুক্তরাষ্ট্রের ঘরোয়া ফুটবল লিগ এমএলএসের এবারের শিরোপা ইন্টার মিয়ামি জিতবে বলে বিশ্বাস করেন দলটির উরুগুইয়ান স্ট্রাইকার লুইস সুয়ারেজ। গত ডিসেম্বরে ইন্টার মিয়ামিতে নাম লেখার পর বুধবার রাতে এমএলএসে অভিষেক হলো সুয়ারেজের। প্রথম ম্যাচেই রিয়াল সল্ট লেককে ২-০ গোলে হারিয়েছে তারা। মৌসুমের প্রথম ম্যাচেই জয়। গোল করতে না পারলেও দুটি গোলেই অবদান রেখেছেন মেসি। অসাধারণ পারফরম্যান্স দেখিয়েছেন তারা। যে কারণে লুইস সুয়ারেজ এই ম্যাচের পর জানিয়ে দেন, এবারের এমএলএসের শিরোপা জিতবে ইন্টার মিয়ামিই। প্রথম ম্যাচে জয়ের পর লুইস সুয়ারেজ বলেন, ‘এই ক্লাবে আমার পর একটা ছাড়া আর কোনো প্রত্যাশা নেই আমার। গত বছরই ইন্টার মিয়ামি প্রথম কোনো শিরোপা (লিগ কাপ) জয় করেছিলো। এবার আমাদের একটাই ইচ্ছে, ক্লাবকে এমএলএসের শিরোপা উপহার দেয়া। যে শিরোপাটি তারা কখনোই জেতেনি।’ শিরোপা জয়কে একটা চ্যালেঞ্জ হিসেবেই নিচ্ছেন সুয়ারেজরা। তিনি বলেন, ‘এটা এখন আমাদের সামনে একমাত্র চ্যালেঞ্জ। শুধু আমার জন্য নয়, আমার পুরো দলের জন্যই। গতবছর যে শিরোপাটা জয় করেছে, মিয়ামির জন্য এটা ছিল খুব গুরুত্বপূর্ণ। এবার সেই আত্মবিশ্বাসটাই আমরা কাজে লাগাতে চাই।’ গত মৌসুমে এমএলএসের ইস্টার্ন কনফারেন্সের টেবিলে ১৪তম হয়ে শেষ করে ইন্টার মিয়ামি। শেষ মুহূর্তে এসে প্লে-অফ খেলতে পারেনি তারা। এবার সুয়ারেজ-মেসিদের লক্ষ্য, সব বাধা পেরিয়ে সর্বোচ্চ সাফল্য আদায় করে নেয়া। গত মৌসুমে ব্রাজিলিয়ান ক্লাব গ্রেমিওর হয়ে ৫৪ ম্যাচে ২৯ গোল করেন লুইস সুয়ারেজ। এবার

মিয়ামিতে যোগ দেয়ার পর এখানে কী ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে- সে সম্পর্কে ভালোভাবেই জানেন সুয়ারেজ। তিনি বলেন, ‘আমি এমএলএসকে বেশ ভালোভাবেই জানি এবং বুঝি। প্রতিটি দলই চায় শিরোপা জিততে। সবাই এখানে আসে প্রতিদ্বন্দ্বীতা গড়ে তুলতে। তাদের মধ্যে আমরাও একটি পক্ষ। আমরাও শিরোপার জন্য লড়াই করবো। সবাই এটা জানে এবং এ কারণেই বিষয়টা আমাদের জন্য চ্যালেঞ্জিং।’

যে কারণে আলাদা ইনফিনিক্স ল্যাপটপ

আইটি ডেস্ক : বর্তমান তরুণদের জীবন অনেকাংশেই যোগাযোগ নির্ভর এবং এর প্রযুক্তিও নিয়ত পরিবর্তনশীল। ফলে তাদের ডিভাইসগুলোকে হতে হয় আপঙুটু-ডেট। এমন প্রেক্ষাপটে সম্প্রতি ইনবুক সিরিজের নতুন ল্যাপটপ নিয়ে এসেছে তরুণদের প্রিয় প্রযুক্তি ব্র্যান্ড ইনফিনিক্স। তবে নানা ধরনের ও নানা ব্র্যান্ডের ল্যাপটপ এখন বাজারে আছে। তাই প্রশ্ন আসতেই পারে- এই ভিড়ে ইনফিনিক্স ল্যাপটপ কীভাবে আলাদা? ইনবুক সিরিজের এক্স২ এবং ওয়াই২ প্লাস মডেল দুটি ইতোমধ্যেই বাজারে সাড়া ফেলেছে। মূলত তিনটি ব্যতিক্রমী বৈশিষ্ট্য এই সিরিজের ল্যাপটপগুলোকে অনন্য করে তুলেছে। এই বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে আধুনিক জীবনের প্রয়োজন মেটাতে পারে এমন সব স্পেসিফিকেশন, রিপ্লেসমেন্ট ওয়ারেন্টি এবং বাজারমূল্য। প্রথমত, নজরকাড়া মেটালিক ফিনিশে তৈরি এক্স২ এবং ওয়াই২ প্লাস মডেল দুটিতে আছে ১১ প্রজন্মের ইন্টেল কোর আই৫ প্রসেসর। ফলে স্বচ্ছন্দেই করা যাবে মাল্টিটাস্কিং, রয়েছে প্রি-ইনস্টলড উইন্ডোজ ১১ হোম অপারেটিং সিস্টেম। কুলিং সিস্টেম হিসেবে ইনবুক সিরিজের ল্যাপটপে আছে আইস স্টর্ম ১.০। এই কুলিং সিস্টেমেরে বিশেষত্ব হচ্ছে, এটি ডিভাইসের প্রসেসরকে দ্রুত ঠান্ডা করতে পারে। তাই আর পোর্টেবল কুলিং ফ্যানের ঝামেলা পোহাতে হয় না। এছাড়াও ইনফিনিক্স ল্যাপটপে আছে ৮ জিবি র‌্যাম এবং ৫১২ জিবি এনভিএমই এসএসডি। ফলে ব্যাটারি লাইফ উন্নত হওয়ার পাশাপাশি পারফর্ম্যান্স আরও ভালো পাওয়া যায়। এই সমন্বয়ের ফলে কোনো ঝামেলা ছাড়াই ব্যবহারকারীরা একইসাথে বেশ কয়েকটি অ্যাপ্লিকেশন, ট্যাব ও প্রোগ্রাম ওপেন করে কাজ করতে পারবেন। একটানা দীর্ঘসময় ধরে কাজ করার নিশ্চয়তা দিতে ল্যাপটপগুলোতে আছে ৫০ ওয়াট-আওয়ার ব্যাটারি এবং ৪৫ ওয়াট সি-টাইপ চার্জার। যার ফলে ডিভাইসগুলো সহজে ও নিশ্চিন্তে বহনযোগ্য। ইনবুক সিরিজের দুটি ল্যাপটপেই আছে দারুণ, প্রাণবন্ত ও উজ্জ্বল ডিসপ্লে। ইনবুক এক্স২ মডেলটিতে আছে চিকন বেজেলের ১৪ ইঞ্চি ফুল এইচডি আইপিএস ডিসপ্লে। ঘরে ও বাইরে কাজ করতে হয় এমন চাকুরিজীবীদের জন্য ১.২৪ কেজি ওজনের এই হালকা ল্যাপটপটি মানানসই হবে। আর ইনবুক ওয়াই২ প্লাস ল্যাপটপে আছে ১৫.৬ ইঞ্চির এফএইচডি+ ডিসপ্লে। বড় স্ক্রিনের এই মডেলটি শিক্ষার্থী ও নতুন কর্পোরেট এক্সিকিউটিভদের প্রয়োজন মেটাতে সক্ষম হবে। দ্বিতীয়ত, ইনফিনিক্স ল্যাপটপের সাথে থাকছে ১০০ দিনের রিপ্লেসমেন্ট ওয়ারেন্টি এবং ২ বছরের প্রোডাক্ট ওয়ারেন্টি। ডিভাইস কেনার প্রথম ১০০ দিনের মধ্যে কোনো সমস্যা দেখা দিলে বাড়তি কোনো খরচ ছাড়াই ব্যবহারকারীরা সেই ডিভাইসটি পাল্টাতে পারবেন। স্পেসিফিকেশনস এবং ওয়ারেন্টি সুবিধার পাশাপাশি ইনফিনিক্স ল্যাপটপের দাম বাজেট-বান্ধব। এক্স২ ডিভাইসটির দাম ৬১,৯৯০ টাকা এবং ওয়াই২ প্লাস-এর দাম ৫৮,৯৯০ টাকা। রূপালি ও ধূসর রঙে এবং সম্পূর্ণ মেটাল বডি ডিজাইনে বাজারে পাওয়া যাচ্ছে এক্স২ এবং ওয়াই২ প্লাস ল্যাপটপ দুটি। এমন বাজেটে বর্তমান বাজারে এই দুটি ল্যাপটপই সবচেয়ে আকর্ষণীয়। ইনবুক এক্স২ এবং ইনবুক ওয়াই২ প্লাস ল্যাপটপ দুটি পাওয়া যাচ্ছে স্টারটেক ও রায়ানস-এর মতো ইনফিনিক্সের অনুমোদিত রিটেইলার এবং দেশের বৃহত্তম অনলাইন মার্কেটপ্লেস দারাজে।

পাঠানো আই-মেসেজ ফেরাবেন যেভাবে

আইটি ডেস্ক : যোগাযোগের একটি উপায় হিসেবে বার্তা আদান-প্রদান বেশ জনপ্রিয়। বিষয়টি কখনও কখনও সত্যিই বেশ বিড়ম্বনার। এর সমাধানে আইফোনের আইওএস ১৬তে অ্যাপল নতুন একটি ফিচার চালু করেছে। এর মাধ্যমে আইফোন, আইপ্যাড এবং ম্যাক ব্যবহারকারীরা আই-মেসেজকে পাঠানোর পরে সেটাকে আনসেন্ড করতে পারবেন। তবে শর্ত হলো মেসেজ পাঠানোর এক মিনিটের মধ্যে তা করতে হবে। দেখে নেওয়া যাক মেসেজ আনসেন্ড কীভাবে করতে হয়। এখানে মনে রাখার বিষয় ফিচারটি শুধু আই-মেসেজের অর্থাৎ নীল বাবলের ক্ষেত্রে প্রযোজ্য।

বাজারে দুইটি আলাদা ভ্যারিরেন্টে আইটেল পি৫৫

আইটি ডেস্ক : গ্লোবাল শীর্ষস্থানীয় স্মার্ট লাইফ ব্র্যান্ড আইটেল বাংলাদেশের বাজারে উন্মোচন করলো তাদের নতুন আরও একটি স্মার্টফোন আইটেল পি৫৫। ব্যবহারকারীদের অভিজ্ঞতা বদলে দিতে নতুন আইটেল পি৫৫ এর ইনোভেটিভ ফিচার এবং ডিজাইন স্মার্টফোনপ্রেমিদের সন্তুষ্টি আরও বাড়িয়ে নতুন এক উচ্চতায় নিয়ে যাবে। আইটেল পি৫৫ স্মার্টফোনে ৯০ হার্জ রিফ্রেশ রেটের ৬.৬ ইঞ্চি পাঞ্চ-হোল ডিসপ্লে আছে, পাশাপাশি নোটিফিকেশন দেখানোর জন্য ডায়নামিক বার সাপোর্ট রয়েছে যা অন্য রকম অভিজ্ঞতা দেবে। আইটেল পি৫৫ স্মার্টফোন এসেছে দুইটি আলাদা ভ্যারিরেন্টে: *২৪জিবি (৮জিবি+১৬জিবি এক্সটেন্ডেড র‌্যাম) এবং *১২জিবি (৪জিবি+৮জিবি এক্সটেন্ডেড র‌্যাম), উভয় ভ্যারিয়েন্টের সাথেই রয়েছে ম্যাসিভ ১২৮জিবি স্টোরেজ (রম)। যেখানে পছন্দের অ্যাপ, গেমস, ছবি এবং ভিডিও রাখার জন্য পর্যাপ্ত স্পেস রয়েছে।

বিকাশে পিন পরিবর্তন করার নিয়ম

আইটি ডেস্ক : বিশ্বজুড়ে মোবাইল ব্যাংকিংয়ের ব্যবহার দিন দিন বাড়ছে। আর এরই ধারাবাহিকতায় দেশে জনপ্রিয় হয়ে উঠছে বিকাশ। তবে অনেক সময়ই বিকাশ অ্যাকাউন্টের পারসোনাল আইডেন্টিফিকেশন নম্বর (পিন) ভুলে গিয়ে বিড়ম্বনায় পড়ের অনেকেই। আবার বিভিন্ন সময়ে বিভিন্ন প্রয়োজনে আমাদের বিকাশ পিন পরিবর্তনের প্রয়োজন হয়।

পিন নম্বর সুরক্ষিত এবং গোপন রেখেই বিকাশ অ্যাকাউন্টের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। নিরাপত্তার বিষয়টি জড়িত হওয়ায় পিন নিয়ে গ্রাহকদের একটু বাড়তি চিন্তা। তাই বিকাশ পিন পরিবর্তনের নিয়ম জেনে রাখা উচিত। বিকাশ জানায়, বিকাশ অ্যাকাউন্টের পিন রিসেট করা যাবে বিকাশ অ্যাপ থেকেই। বিকাশ অ্যাকাউন্টের পিন ভুলে গেলেও, নিজে নিজেই করতে পারবেন রিসেট। *২৪৭# ডায়াল করেই



নয়, এখন পিন ভুলে গেলে রিসেট কতে পারবেন বিকাশ অ্যাপ থেকেই।

পিন রিসেটের নিয়ম

> অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য: অ্যাপের লগইন স্ক্রিন থেকে ‘পিন ভুলে গিয়েছেন?’-এ ট্যাপ করুন
> ‘পিন রিসেট’ অপশনে ট্যাপ করুন
>স্বয়ংক্রিয়ভাবে ভেরিফিকেশন কোড অ্যাড হয়ে যাবে। এরপর কনফার্ম বাটনে ট্যাপ করুন
> এরপর উল্লিখিত নিয়মানুসারে ফেস স্ক্যানিং প্রসেস সম্পন্ন করুন
> ভেরিফিকেশন চলাকালে অ্যাপ বন্ধ না করে অপেক্ষা করুন
> বিকাশ থেকে পাঠানো অস্থায়ী পিন নম্বরটি দিয়ে কনফার্ম বাটনে ট্যাপ করুন
> আপনার পছন্দমতো ৫ ডিজিটের নতুন পিন নম্বর দিন
> পুনরায় নতুন পিন নাম্বার দিয়ে কনফার্ম করুন এবং আবারও অ্যাপে লগইন করুন

আইফোন ব্যবহারকারীদের জন্য

> অ্যাপের লগইন স্ক্রিন থেকে ‘পিন ভুলে গিয়েছেন?’-এ ট্যাপ করুন
> ‘পিন রিসেট’ অপশনে ট্যাপ করুন
> পপগুআপ ব্যানারে দেখানো *২৪৭# ডায়াল করার বাটনে ট্যাপ করুন
> গু নকধংয মেন্যুতে গিয়ে রচযড়হব পিন রিসেট কনফার্ম করার জন্য ‘৮’ চাপুন
> পিন রিসেট কনফার্ম করার পর অ্যাপে ফিরে আসুন এবং পিন রিসেট জার্নি সম্পন্ন করুন

*২৪৭# ডায়াল করে পিন রিসেটের ক্ষেত্রে

> *২৪৭# ডায়াল করুন
> পিন রিসেট করতে ১০ সিলেক্ট করুন
> আপনার বিকাশ-এ রেজিস্টার করা ঘওউ/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স নম্বর দিন
> আপনার জন্মসাল দিন
> গত ৩০ দিনের মধ্যে সর্বশেষ ১০টি আউটগোয়িং লেনদেন থেকে যেকোনো একটি সিলেক্ট করুন
> টাকার পরিমাণ দিন (দশমিকের পূর্ব সংখ্যা পর্যন্ত)
> অস্থায়ী পিন আপনাকে কনফার্মেশন এসএমএস এর মাধ্যমে পাঠানো হবে
> এখন নতুন পিন সেট করতে *২৪৭# ডায়াল করুন
> গু নকধংয এ যেতে ১ সিলেক্ট করুন
> পিন পরিবর্তন করতে ১ সিলেক্ট করুন
>এসএমএস এ পাওয়া অস্থায়ী পিন দিন
> এবার আপনার নতুন পিন সেট করুন (মনে রাখবেন, এলোমেলো ৫ সংখ্যার
> পিন সেট করতে হবে যা সর্বশেষ ৩ বার ব্যবহার হয়নি এবং ০চ দিয়ে শুরু নয়)
> আরেকবার নতুন পিন দিয়ে কনফার্ম করুন

টেলিগ্রামে যুক্ত হলো নতুন ৩ ফিচার

আইটি ডেস্ক : বর্তমানে হোয়াটসঅ্যাপের পাশাপাশি অন্যতম জনপ্রিয় ম্যাসেজিং প্লাটফর্ম টেলিগ্রাম। সময়ের সঙ্গে বাড়ছে অ্যাপটির ব্যবহারকারীর সংখ্যা। যার ফলে নতুন নতুন আকর্ষণীয় ফিচার এনেছে এই মেসেজিং অ্যাপটি। এবার নতুন তিনটি ফিচার যুক্ত করেছে। এই ফিচারগুলো যুক্ত হওয়ায় টেলিগ্রাম ব্যবহার আগের থেকে অনেকটাই সহজ হবে। প্রথমটি হলো ভিউ ওয়ানস ফিচার। এখন থেকে ভয়েস ও ভিডিও মেসেজ পাঠানোর ক্ষেত্রে ‘ভিউ অনলি ওয়ানস’ ফিচারটি ব্যবহার করা যাবে। ‘ভিউ অনলি ওয়ানস’ ফিচার ব্যবহার করে পাঠানো ছবি বা ভিডিও প্রাপক খুলে দেখার পর তা স্বয়ংক্রিয়ভাবে মুছে যাবে। এ ছাড়া পাঠানো ছবি বা ভিডিওগুলো প্রাপকের ফটো গ্যালারিতেও সংরক্ষিত হয় না। ফলে নিরাপদে গুরুত্বপূর্ণ তথ্য আদান-প্রদান করা যায়। এখন ভয়েস মেসেজের অপশনটি নিয়ে এসেছে অ্যাপটি। দ্বিতীয় ফিচারটিতে আপনি ভিডিও এবং অডিও মেসেজ পাঠানোর সময় পজ করতে পারবেন। একটি মেসেজ রেকর্ড করার সময় যদি কিছু গুরুত্বপূর্ণ কাজ থাকে, তবে আপনি পজ করে দিতে পারেন এবং তারপর আপনার কাজ শেষ করার পরে রেকর্ডিং চালিয়ে যেতে পারেন। তৃতীয় ফিচারটি হলো রেড টাইম কন্ট্রোল এতে কেউ কতক্ষণ আপনার মেসেজ পড়তে পারবে, তার সময় কন্ট্রোল করতে পারবেন। এর মানে আপনি কাউকে কোনো মেসেজ পাঠালেন, তারপরে রেড টাইম কন্ট্রোল সেট করে দিলেন। এতে যে মেসেজটি পাঠিয়েছেন তা সে কতক্ষণ পড়তে পারবে, সেটাও আপনিই ঠিক করে দেবেন। যতক্ষণের জন্য সময় নির্ধারণ করে দেবেন, ততক্ষণই মেসেজটি থাকবে। তারপরে সেই মেসেজ নিজে থেকেই ডিলিট হয়ে যাবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া